চোরের দৌরাত্ম্যে গ্রাম উপক্রুত হইলে, গৃহদাহাদি জন্য ভয়ে ব্যাকুলিত হইলে এবং দ্যুলোকীয় বা ভূলোকীয় আশ্চর্য্য উৎপাত উপস্থিত হইলে, আকালিক অনধ্যায় জানিবে ॥ ১১৮ ॥

উপাকর্ম্মণি চোৎসর্গে ত্রিরাত্রং ক্ষেপণং স্মৃতং।
অষ্টকাসু ত্বহোরাত্রমৃত্বন্তাসু চ রাত্রিষু ॥ ১১৯ ॥

উপাকর্ম্মণীতি। উপাকর্ম্মণি উৎসর্গে চ ত্রিরাত্রমধ্যয়নক্ষেপণং। উৎসর্গে পক্ষিণ্যহোরাত্রাবনধ্যায়াবুক্তৌ তত্রায়ং ধর্ম্মনৈপুণ্যকামং প্রতি ত্রিরাত্রোপদেশঃ। 'তথাগ্রহায়ণ্যা ঊর্দ্ধং কৃষ্ণপক্ষাষ্টমীষু তিসৃষু চাহোরাত্রমনধ্যায়ঃ। দিবা কলামাত্রসম্ভাবেঽপি পৌর্ণমাস্যষ্টকাসু চেত্যনেন যাবদষ্টম্যেবানধ্যায়ঃ ইহ ত্বষ্টমীযুক্তে সতীত্যপুনরুক্তিঃ। ঋত্বন্তাহোরাত্রেষু চানধ্যায়ঃ ॥ ১১৯ ॥

উপাকর্ম্ম নামক ও উৎসর্গ নামক কর্ম্মে তিন রাত্রি অনধ্যায় হয় পূর্ব্বে উৎসর্গে পক্ষিণী অনধ্যায় বলা হইয়াছে বিশেষ এই ধর্ম্মের অতিনৈপুণ্যকামী ব্যক্তির ত্রিরাত্রি অনধ্যায় জানিবে আর অগ্রহায়ণের পৌর্ণমাসীর পর তিন কৃষ্ণাষ্টমীকে অষ্টকা বলাযায় উহাতে অহোরাত্র অনধ্যায়, এবং ঋতুর অবসান দিনের অহোরাত্র অনধ্যায় জানিবে ॥ ১১৯ ॥

নাধীয়ীতাশ্বমারূঢো ন বৃক্ষং ন চ হস্তিনং।
ন নাবং ন খরং নোষ্ট্রং নেরিণস্থো ন যানগঃ ॥ ১২০ ॥

নাধীয়ীতেতি। তুরগতরুকরিনৌকাখরোষ্ট্রারূঢঃ তথোষরদেশস্থঃ শকটাদিযানেন গচ্ছন্নাধীয়ীত ॥ ১২০ ॥

ঘোটক বৃক্ষ হস্তী নৌকা গর্দ্দভ উষ্ট্র শকট এ সকলে আরোহণ করিয়া ও লবণ দেশে অবস্থান করিয়া বেদাধ্যয়ন করিবেক না ॥ ১২০ ॥

ন বিবাদে ন কলহে ন সেনায়াং ন সঙ্গরে।
ন ভুক্তমাত্রে নাজীর্ণে ন বমিত্বা ন সূক্তকে ॥ ১২১ ॥

ন বিবাদইতি। বিবাদে বাক্‌কলহে, কলহে দণ্ডাদণ্ড্যাদৌ, সেনায়াং অপ্রবৃত্তযুদ্ধায়াং সঙ্গরে যুদ্ধে, ভোজনানন্তরঞ্চ যাবদার্দ্রহস্তো, যাবদার্দ্রপাণিরিতি বশিষ্ঠস্মরণাৎ। তথা অজীর্ণেঽন্নে, বমনঞ্চ কৃত্বা অম্লোদ্গারে চ ন পঠেৎ ॥ ১২১ ॥

বাক্ কলহ হইলে দণ্ডাদণ্ডি যুদ্ধে সৈন্যদিগের নিকটে, যুদ্ধ স্থানে, ভোজনের অব্যবহিত পরে, ভুক্তান্ন জীর্ণ না হইলে, বমন করিলে বা অম্লের উদ্গার উঠিলে বেদাধ্যয়ন করিবেক না ॥ ১২১ ॥

অতিথিঞ্চাননুজ্ঞাপ্য মারুতে বাতি বা ভৃশং।

রুধিরে চ স্রুতে গাত্রাচ্ছস্ত্রেণ চ পরিক্ষতে ॥ ১২২ ॥

অতিথিমিতি। অধ্যয়নং করোমীতি যাবদতিথিরনুজ্ঞাপিতো ন ভবতি, মারুতে চাত্যর্থং বাতি, রুধিরে চ গাত্রাৎ স্রুতে, রুধিরস্রাবং বিনাপি শস্ত্রেণ ক্ষতমাত্রে জাতে, নাধীয়ীত ॥ ১২২ ॥

অধ্যয়নের জন্য অতিথির নিকট অনুমতি না লইলে বা অতিশয় বেগে বায়ুপ্রবাহিত হইলে কিম্বা শরীর হইতে রক্তস্রাব হইলে অথবা শস্ত্রদ্বারা আঘাতিত হইলে বেদাধ্যয়ন করিবে না ॥ ১২২ ॥

সামধ্বনাবৃগ্‌যজুষী নাধীয়ীত কদাচন।

বেদস্যাধীত্য বাপ্যন্তমারণ্যকমধীত্য চ ॥ ১২৩ ॥

সামধ্বনাবিতি। সামধ্বনৌ চ শ্রূয়মাণে ঋগ্‌যজুষোঃ কদাচিদধ্যয়নং ন কুর্য্যাৎ। বেদঞ্চ সমাপ্য আরণ্যকাখ্যঞ্চ বেদৈকদেশমধীত্য তদহোরাত্রে বেদান্তরং নাধীয়ীত ॥ ১২৩ ॥

সামবেদের অধ্যয়ন ধ্বনি বর্ত্তমান থাকিলে কখনই ঋগ্বেদ বা যজুর্ব্বেদ অধ্যয়ন করিবে না এক বেদ সমাপন করিয়া আরণ্যক নামে বেদৈকদেশ অধ্যয়ন করিয়া সেই দিনারাত্রির মধ্যে অন্য বেদ অধ্যয়ন করিবে না ॥ ১২৩ ॥

ঋগ্বেদো দেবদৈবত্যো যজুর্বেদস্তু মানুষঃ।

সামবেদঃ স্মৃতঃ পিত্র্যস্তস্মাত্তস্যাশুচির্ধ্বনিঃ ॥ ১২৪ ॥

ঋগ্বেদ ইতি। সামগানশ্রুতৌ ঋগ্‌যজুষোরনধ্যায়উক্তঃ তস্যায়মনুবাদঃ। ঋগ্বেদো-দেবএব দেবতা অস্যেতি দেবদৈবত্যঃ। যজুর্ব্বেদো মানুষদেবতাকত্বাৎ প্রায়েণ মানুষকর্ম্মোপদেশাদ্বা মানুষঃ। সামবেদঃ পিতৃদেবতাকত্বাৎ পিত্র্যঃ, পিতৃকর্ম্ম কৃত্বা জলোপস্পর্শনং স্মরন্তি। তস্মাত্তস্যাশুচিরিব ধ্বনিঃ নত্বশুচিরেব। অতস্তস্মিন্ শ্রূয়মাণে ঋগ্‌যজুষী নাধীয়ীত ॥ ১২৪ ॥

যেহেতু ঋগ্বেদের দেবই দেবতা হয়েন, অর্থাৎ তাহাতে কেবল দৈবকার্য্যেরই অনুষ্ঠান অভিহিত হইয়াছে, যজুর্ব্বেদের মনুষ্যই দেবতা অর্থাৎ প্রায় মনুষ্যদিগের কর্ম্মানুষ্ঠানই তাহাতে উক্ত আছে, সামবেদ পিতৃদেবতাক অর্থাৎ তাহাতে পিতৃকার্য্যের অনুষ্ঠানই অভিহিত হইয়াছে অতএব সামবেদের অধ্যয়নের পর ঋক্ বা যজুর্ব্বেদের ধ্বনি অশুচির ন্যায় সুতরাং তাহা অধ্যয়ন করিবে না ॥ ১২৪ ॥

এতদ্বিদন্তো বিদ্বাংসস্ত্রয়ী নিষ্কর্ষমন্বহং।

ক্রমশঃ পূর্ব্বমভ্যস্য পশ্চাদ্বেদমধীয়তে ॥ ১২৫ ॥

এতদ্বিদন্তইতি। এতদ্বেদত্রয়স্য দেবমনুষ্যপিতৃদেবতাকত্বং জানন্তঃ শাস্ত্রজ্ঞাস্ত্রয়ীনিষ্কর্ষং সারোদ্ধৃতং প্রণবব্যাহৃতিসাবিত্র্যাত্মকং প্রণবব্যাহৃতিসাবিত্রীঃ ক্রমেণ পূর্ব্বমধীত্য পশ্চাদ্বেদাধ্যয়নং কুর্য্যুঃ। দ্বিতীয়াধ্যায়োক্তোঽপ্যয়মর্থঃ পুনরনধ্যায়প্রকরণেঽভিহিতঃ। যথৈতে যথোক্তানধ্যায়াএবং প্রণবব্যাহৃতিসাবিত্রীষপঠিতাসু অনধ্যায়ইতি দর্শয়িতুং শিষ্যস্যাধ্যয়নমেবং কর্ত্তব্যমিতি স্নাতকব্রতত্বাবগমার্থঞ্চ ॥ ১২৫ ॥

বিদ্বান্ লোকেরা বেদত্রয়ের এই রূপ দেবতা মনুষ্য ও পিতৃলোক অধিষ্ঠাতা জানিয়া প্রথমত বেদত্রয়ের সারভূত প্রণবব্যাহৃতি সংযুক্ত গায়ত্রী অধ্যয়ন করিয়া পশ্চাৎ বেদ অধ্যয়ন করিবে, তাৎপর্য্যপ্রণব ব্যাহৃতি উচ্চারণ না করিলে অনধ্যায় হয় ॥ ১২৫ ॥

পশুমণ্ডূকমার্জ্জারশ্বসর্পনকুলাখুভিঃ।
অন্তরাগমনে বিদ্যাদনধ্যায়মহর্নিশং ॥ ১২৬ ॥

পশুমণ্ডূকেতি। পশুর্গবাদিঃ, মণ্ডূকবিড়ালকুক্কুরসর্পনকুলমূষিকৈঃ শিষ্যোপাধ্যায়য়োর্মধ্যগমনে অনধ্যায়মহোরাত্রং জানীয়াৎ ॥ ১২৬ ॥

বেদাধ্যয়ন সময়ে শিষ্য ও গুরুর মধ্য দিয়া গবাদি পশু, ভেক, বিড়াল, কুক্কুর, সর্প, নকুল ও উন্দুর গমন করিলে এক দিবারাত্রি অনধ্যায় জানিবে ॥ ১২৬ ॥

দ্বাবেব বর্জ্জয়েন্নিত্যমনধ্যায়ৌ প্রযত্নতঃ।
স্বাধ্যায়ভূমিং চাশুদ্ধামাত্মানং চাশুচিং দ্বিজঃ ॥ ১২৭ ॥

সম্প্রতি বিদ্যানৈপুণ্যকামং প্রতি পূর্ব্বোক্তানধ্যায়বিকল্পার্থমাহ দ্বাবেবেতি। স্বাধ্যায়ভূমিঞ্চোচ্ছিষ্টাদ্যমেধ্যোপহতাং। আত্মানঞ্চ যথোক্তশৌচরহিতমিতি দ্বাবেবানধ্যায়ৌ নিত্যং প্রযত্নতো বর্জ্জয়েৎ, নতু পূর্ব্বোক্তান্ তেষামপি যত্র নিত্যগ্রহণং অনুবাদোবা। নিত্যত্বখ্যাপকোঽস্তি তানপি নিত্যং বর্জ্জয়েৎ অন্যত্র বিকল্পঃ ॥ ১২৭ ॥

অধ্যয়ন স্থান উচ্ছিষ্টদ্বারা অপবিত্রকৃত এবং আপনি স্বয়ং অশুচি; বিদ্যানৈপুণ্যকামী ব্রাহ্মণ এই দুইটী অনধ্যায় যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবেন ॥ ১২৭ ॥

অমাবাস্যামষ্টমীঞ্চ পৌর্ণমাসীং চতুর্দ্দশীং।
ব্রহ্মচারী ভবেন্নিত্যমপ্যৃতৌ স্নাতকো দ্বিজঃ ॥ ১২৮ ॥

অমাবাস্যামিতি। অমাবাস্যাদিষু ঋতাবপি স্নাতকো দ্বিজো ন স্ত্রিয়মুপগচ্ছেৎ। পর্ব্ববর্জ্জং ব্রজেচ্চৈনামিত্যনেনৈব নিষেধসিদ্ধৌ স্নাতকব্রতলোপপ্রায়শ্চিত্তার্থমিহ পুনর্ব্বর্জ্জনং ॥ ১২৮ ॥

স্নাতক দ্বিজ অমাবাস্যা অষ্টমী পূর্ণিমা চতুর্দ্দশী এই সকল তিথিতে ঋতুকালেও স্ত্রীতে গমন করিবে না ॥ ১২৮ ॥

ন স্নানমাচরেদ্ভুক্ত্বা নাতুরো ন মহানিশি।
ন বাসোভিঃ সহাজস্রং নাবিজ্ঞাতে জলাশয়ে ॥ ১২৯ ॥

ন স্নানমিতি। নিত্যস্নানস্য ভোজনানন্তরমপ্রবৃত্তেশ্চাণ্ডালাদিস্পর্শনিমিত্তকস্য, মুহূর্ত্তমপি শক্তিবিষয়ে নাপ্রয়তঃ স্যাদিত্যাপস্তম্বস্মরণাৎ নিষেদ্ধুমযোগ্যত্বাৎ যদৃচ্ছাস্নানমিদং ভোজনানন্তরং নিষিধ্যতে। তথা রোগী নৈমিত্তিকমপি স্নানং ন কুর্য্যাৎ কিন্তু যথাসামর্থ্যং। অশিরস্কং ভবেৎ স্নানং স্নানাশক্তৌ তু কর্ম্মিণাং। আর্দ্রেণ বাসসা বা স্যান্মার্জ্জনং দৈহিকং বিদুরিত্যাদিজাবালাদ্যুক্তমনুসন্ধেয়ং। তথা মহানিশা তু বিজ্ঞেয়া মধ্যস্থং প্রহরদ্বয়ং। তস্মিন্ স্নানং ন কুর্বীত কাম্যনৈমিত্তিকাদৃতইতি দেবলবচনাত্তত্র ন স্নায়াৎ, বহুবাসাশ্চ নিত্যং ন স্নায়াৎ, নৈমিত্তিকচাণ্ডালাদিস্পর্শে সতি তু স্নানং বহুবাসসোঽপ্যনিষিদ্ধং। গ্রাহাদ্যাক্রান্তাগাধরূপতয়া চ বিশেষেণাজ্ঞাতে জলাশয়ে চ ॥ ১২৯ ॥

ভোজন করিয়া স্বেচ্ছাক্রমে স্নান করিবে না, পীড়িত হইলে স্নান করিবে না রাত্রির মধ্য দুইপ্রহরে স্নান করিবে না বহুবস্ত্রে স্নান করিবে না ও কুম্ভীরাদি সমাকুল অবিজ্ঞাত জলাশয়েও স্নান করিবে না ॥ ১২৯ ॥

দেবতানাং গুরো রাজ্ঞঃ স্নাতকাচার্য্যয়োস্তথা।
নাক্রামেৎ কামতশ্ছায়াং বভ্রুণো দীক্ষিতস্য চ ॥ ১৩০ ॥

দেবতানামিতি। দেবতানাং পাষাণাদিময়ীনাং গুরোঃ পিত্রাদেঃ নৃপতেঃ স্নাতকস্যাচার্য্যস্য চ গুরুত্বেঽপ্যাচার্য্যস্য প্রাধান্যবিবক্ষয়া পৃথঙ্নির্দ্দেশঃ। বভ্রুণঃ কপিলস্য, যজ্ঞে দীক্ষিতস্যাবভৃথস্নানাৎ পূর্ব্বমিচ্ছয়া ছায়াং নাক্রামেৎ চশব্দাচ্চাণ্ডালাদীনামপি। কামতইত্যভিধানাৎ অবুদ্ধিপূর্ব্বকে ন দোষঃ ॥ ১৩০ ॥

পাষাণাদিময়ী দেবপ্রতিমা পিতা গুরু রাজা স্নাতক আচার্য্য কপিলবর্ণ ব্যক্তি এবং যজ্ঞে দীক্ষিত ইহাঁদিগের ও চণ্ডালাদির ছায়া ইচ্ছাধীন অতিক্রম করিবেক না ॥ ১৩০ ॥

মধ্যন্দিনেঽর্দ্ধরাত্রে চ শ্রাদ্ধং ভুক্ত্বা চ সামিষং।
সন্ধ্যয়োরুভয়োশ্চৈব ন সেবেত চতুষ্পথং ॥ ১৩১ ॥

মধ্যন্দিনইতি। দিবা রাত্রেশ্চ সম্পূর্ণে প্রহরদ্বয়ে, সমাংসঞ্চ শ্রাদ্ধং ভুক্ত্বা প্রাতঃসায়ং সন্ধ্যয়োশ্চ চিরঞ্চতুষ্পথং নাধিতিষ্ঠেৎ ॥ ১৩১ ॥

মধ্যদিবসে, অর্দ্ধরাত্রিতে, শ্রাদ্ধে মাংস ভোজন করিয়া, প্রাতঃকালে ও সন্ধ্যার সময় অধিক ক্ষণ চতুষ্পথে অবস্থান করিবে না ॥ ১৩১ ॥

উদ্বর্ত্তনমপস্নানং বিণ্মূত্রে রক্তমেব চ।
শ্লেষ্মনিষ্ঠ্যূতবান্তানি নাধিতিষ্ঠেত্তু কামতঃ ॥ ১৩২ ॥

উদ্বর্ত্তনমিতি। উদ্বর্ত্তনমভ্যঙ্গমলাপকর্ষণপিষ্টকাদি। অপস্নানং স্নানোদকং মূত্রপুরীষে রুধিরঞ্চ শ্লেষ্মাণং নিষ্ঠ্যূতমশ্লেষ্মরূপমপি চর্ব্বিতপরিত্যক্তরূপতাম্বূলাদি বান্তং ভুক্তোদ্গীর্ণভক্তাদি, এতানি কামতো নাধিতিষ্ঠেৎ অধিষ্ঠানং তদুপর্য্যবস্থানং ॥ ১৩২ ॥

শরীরের মলনাশক পিষ্টক, স্নানের অবশিষ্ট জল, বিষ্ঠা, মূত্র, রক্ত, শ্লেষ্মা, নিষ্ঠীবন, বমিত এই সকল দ্রব্য ইচ্ছাধীন মাড়াইবে না ॥ ১৩২ ॥

বৈরিণং নোপসেবেত সহায়ঞ্চৈব বৈরিণঃ।
অধার্ম্মিকং তস্করঞ্চ পরস্যৈব চ যোষিতং ॥ ১৩৩ ॥

বৈরিণমিতি। শত্রুং তন্মিত্রমধর্ম্মশীলং চৌরং পরদারাংশ্চ ন সেবেত। চৌরস্যাঃধার্ম্মিকত্বেঽপ্যত্যন্তগর্হিতত্বাৎ পৃথঙ্নির্দ্দেশঃ ॥ ১৩৩ ॥

শত্রু বা যে ব্যক্তি শত্রুর সাহায্য করে তাহার সেবা করিবে না। অধর্ম্মশীল, চোর, ও পরস্ত্রী, ইহাদিগেরও সেবা করিবে না ॥ ১৩৩ ॥

ন হীদৃশমনায়ুষ্যং লোকে কিঞ্চন বিদ্যতে।
যাদৃশং পুরুষস্যেহ পরদারোপসেবনং ॥ ১৩৪ ॥

ন হীদৃশমিতি। যস্মাদীদৃশমনায়ুষ্যমিহ লোকে পুরুষস্য ন কিঞ্চিদস্তি যাদৃশং পরদারগমনং তস্মাদেতন্ন কর্ত্তব্যং ॥ ১৩৪ ॥

পরকামিনী অভিসরণ অপেক্ষা লোকের পক্ষে এ জগতে পরমায়ু নাশক ব্যাপার আর কিছুই নাই অতএব ঈদৃশ অসৎ কর্ম্ম কখনই করিবে না ॥ ১৩৪ ॥

ক্ষত্রিয়ঞ্চৈব সর্পঞ্চ ব্রাহ্মণঞ্চ বহুশ্রুতং।
নাবমন্যেত বৈ ভূষ্ণুঃ কৃশানপি কদাচন ॥ ১৩৫ ॥

ক্ষত্রিয়মিতি। বৃদ্ধ্যর্থোভূধাতুঃ ভূষ্ণুঃ ধনায়ুরাদিনা বর্দ্ধনশীলঃ, ক্ষত্রিয়ং সর্পং বহুশ্রুতঞ্চ ব্রাহ্মণং নাবজানীয়াৎ। কৃশানপি তৎকালে প্রতীকারাক্ষমান্ ॥ ১৩৫ ॥

ধনধান্যাদি সম্পত্তি ও দীর্ঘ পরমায়ুঃপ্রার্থী লোক কখন ক্ষত্রিয় সর্প ও বেদজ্ঞ ব্রাহ্মণ (ইঁহারা অপকার করিতে অশক্ত বিবেচনায়) ইঁহাদিগকে অবজ্ঞা করিবেক না ॥ ১৩৫ ॥

এতত্ত্রয়ং হি পুরুষং নির্দ্দহেদবমানিতং।
তস্মাদেতত্ত্রয়ং নিত্যং নাবমন্যেত বুদ্ধিমান্ ॥ ১৩৬ ॥

এতত্ত্রয়মিতি। এতত্ত্রয়মবমানিতং সদবমন্তারং বিনাশয়তি ক্ষত্রিয়সর্পৌ দুষ্টশক্ত্যা, ব্রাহ্মণশ্চাভিচারাদিনাদৃষ্টেন, তস্মাৎ কল্যাণবুদ্ধিরেতত্ত্রয়ং সর্ব্বদা নাবজানীয়াৎ ॥ ১৩৬ ॥

এই পূর্ব্বোক্ত ক্ষত্রিয়াদি ত্রয় অবমানিত হইলে ইঁহারা অবমানকারীকে বিনাশ করেন, ক্ষত্রিয় ও সর্প ইঁহারা ঐহিক বলে ও বৈদিক ব্রাহ্মণ পরমার্থ বলে বঞ্চিত করিতে পারেন অতএব বুদ্ধিমান বিচক্ষণ লোক কখন ইঁহাদিগকে অপমান করিবেন না ॥ ১৩৬ ॥

নাত্মানমবমন্যেত পূর্ব্বাভিরসমৃদ্ধিভিঃ।
আমৃত্যোঃ শ্রিয়মন্বিচ্ছেন্নৈনাং মন্যেত দুর্ল্লভাং ॥ ১৩৭ ॥

নাত্মানমিতি। প্রথমং ধনার্থমুদ্যমে কৃতে তত্র ধনানামসম্পত্তিভির্মন্দভাগ্যোঽহমিতি নাত্মানমবজানীয়াৎ কিন্তু মরণপর্য্যন্তং শ্রীসিদ্ধ্যর্থমুদ্যমং কুর্য্যাৎ নতু ইমাং দুর্লভাং বুদ্ধ্যেৎ ॥ ১৩৭ ॥

প্রথমে সম্পত্তির জন্য উদ্যুক্ত হইয়া তাহাতে কৃতকার্য্য হইতে না পারিলেই (আমি দুর্ভাগ্য আমার দ্বারা কিছুই হইবে না) এই বলিয়া আপনাকে অবজ্ঞা করিবেক না কিন্তু মৃত্যুকাল পর্য্যন্ত আপনার শ্রীবৃদ্ধি চেষ্টা করিবেক উহা অপ্রাপ্য মনে করিবে না ॥ ১৩৭ ॥

সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়ান্ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ং।
প্রিয়ঞ্চ নানৃতং ব্রূয়াদেষ ধর্ম্মঃ সনাতনঃ ॥ ১৩৮ ॥

সত্যং ব্রূয়াদিতি। যথাদৃষ্টশ্রুতং তত্ত্বং ব্রূয়াৎ তথা প্রীতিসাধনং ব্রূয়াৎ পুত্রস্তে জাতইতি, যথাদৃষ্টশ্রুতমপ্যপ্রিয়ং পুত্রস্তে মৃতইত্যাদি ন বদেৎ প্রিয়মপি ন মিথ্যা বদেৎ এষ বেদমূলতয়া নিত্যো ধর্ম্মঃ ॥ ১৩৮ ॥

যাহা দৃষ্ট শ্রুত তাহাই সত্য বলিবেক তোমার সন্তান জন্মিয়াছে ইত্যাদি প্রিয় কথা বলিবেক কিন্তু সত্য কথা অথচ অপ্রিয় (যেমন পুত্রের মৃত্যু) ইহা বলা উচিত নয়, তোষামোদাদি মিথ্যা প্রিয় কথা বলা অনুচিত এই বেদোদিত সনাতন ধর্ম্ম জানিবে ॥ ১৩৮ ॥

ভদ্রং ভদ্রমিতি ব্রূয়াদ্ভদ্রমিত্যেব বা বদেৎ।
শুষ্কবৈরং বিবাদঞ্চ ন কুর্য্যাৎ কেনচিৎ সহ ॥ ১৩৯ ॥

ভদ্রমিতি। প্রথমং ভদ্রপদমভদ্রপরং, দ্বিতীয়ং ভদ্রশব্দপর্য্যায়পরং অভদ্রং বস্তুভদ্রশব্দপর্য্যায়প্রশস্তাদিশব্দেন ব্রূয়াৎ। তথাচাপস্তম্বঃ নাভদ্রমভদ্রং ব্রূয়াৎ পুণ্যং প্রশস্তমিতি ব্রূয়াৎ। ভদ্রমিত্যেবেতি ভদ্রপদমেব বা তত্র যোজ্যং। শুষ্কং নিষ্প্রয়োজনং বৈরং বিবাদং ন কেনচিৎ সহ কুর্য্যাৎ ॥ ১৩৯ ॥

কাহারও সহিত সাক্ষাৎ হইলে ভদ্র ভদ্র (ভাল ভাল) এই কথা বলিবে, কিম্বা ভদ্র পুণ্য প্রশস্ত ইত্যাদিশব্দের উচ্চারণ করিবে, কাহারও সহিত অনর্থক কলহ বা বিবাদ করিবে না ॥ ১৩৯ ॥

নাতিকল্যং নাতিসায়ং নাতিমধ্যন্দিনে স্থিতে।
নাজ্ঞাতেন সমং গচ্ছেৎ নৈকো ন বৃষলৈঃ সহ ॥ ১৪০ ॥

নাতিকল্যমিতি। উষঃসময়ে প্রদোষে, দিবাসম্পূর্ণপ্রহরদ্বয়ে চ অজ্ঞাতকুলশীলেন পুরুষেণ শূদ্রৈশ্চ সহ ন গচ্ছেৎ। নৈকঃ প্রপদ্যেতাধ্বানমিত্যুক্তে প্রতিষেধেঽপি পুনর্নৈকইতি প্রতিষেধঃ স্নাতকব্রতলোপপ্রায়শ্চিত্তগৌরবার্থঃ ॥ ১৪০ ॥

অতি প্রত্যূষে সন্ধ্যার পূর্ব্বকালে ও ঠিক দুই প্রহরের সময় কুলে শীলে অজ্ঞাত ব্যক্তির সহিত কোথাও যাইবে না একাকী কোথাও যাইবে না বা শূদ্রের সহিত কোথাও যাইবে না ॥ ১৪০ ॥

হীনাঙ্গানতিরিক্তাঙ্গান্ বিদ্যাহীনান্ বয়োধিকান্।
রূপদ্রব্যবিহীনাংশ্চ জাতিহীনাংশ্চ নাক্ষিপেৎ ॥ ১৪১ ॥

হীনাঙ্গানিতি। হীনাঙ্গাধিকাঙ্গমূর্খবৃদ্ধকুরূপার্থহীনহীনজাতীন্ কাণশব্দাহ্বানাদিনা ন নিন্দেৎ ॥ ১৪১ ॥

যে ব্যক্তি অঙ্গ হীন, যাহার অধিকাঙ্গ, যে একান্তমুর্খ, প্রাচীন, কুরূপ, নির্ধন ও কুৎসিতজাতি ইহাদিগকে কাণা বৃদ্ধ ইত্যাদি শব্দদ্বারা নিন্দা করিবেক না ॥ ১৪১ ॥

ন স্পৃশেৎ পাণিনোচ্ছিষ্টো বিপ্রো গোব্রাহ্মণানলান্।
ন চাপি পশ্যেদশুচিঃ সুস্থো জ্যোতির্গণান্ দিবি ॥ ১৪২ ॥

ন স্পৃশেদিতি। কৃতভোজনঃ কৃতমূত্রপুরীষাদিশ্চাকৃতশৌচাচমনো ব্রাহ্মণঃ হস্তাদিনা গোব্রাহ্মণাগ্নীন্ ন স্পৃশেৎ ন বাশুচিঃ সন্ অনাতুরোদিবিষ্ঠান্ সূর্য্যচন্দ্রগ্রহাদিজ্যোতির্গণান্ পশ্যেৎ ॥ ১৪২ ॥

ভোজন করিয়া বা মলমূত্র পরিত্যাগ করিয়া আচমন না করিলে ব্রাহ্মণ হস্তদ্বারা গাভী ব্রাহ্মণ ও অগ্নিকে স্পর্শ করিবেন না, অশুচি বা অসুস্থ শরীরে আকাশস্থ জ্যোতির্গণ অবলোকন করিবে না ॥ ১৪২ ॥

স্পৃষ্ট্বৈতানশুচির্নিত্যমদ্ভিঃ প্রাণানুপস্পৃশেৎ।
গাত্রাণি চৈব সর্ব্বাণি নাভিং পাণিতলেন তু ॥ ১৪৩ ॥

স্পৃষ্ট্বৈতানিতি। এতান্ গবাদীনশুচিঃ সন্ স্পৃষ্ট্বা কৃতাচমনঃ পাণিনা গৃহীতাভিরদ্ভিঃ প্রাণাংশ্চক্ষুরাদীনীন্দ্রিয়াণি শিরঃস্কন্ধজানুপাদান্ নাভিঞ্চ স্পৃশেৎ। অপ্রকরণে চেদং প্রায়শ্চিত্তাভিধানং লাঘবার্থং" তত্র প্রকরণে গবাদিগ্রহণমপি কর্ত্তব্যং স্যাৎ ॥ ১৪৩ ॥

অশুচি হইয়া গবাদি স্পর্শ করিলে আচমন করিবে তাহাতে হস্তদ্বারা জল গ্রহণ করিয়া ঐ জলে প্রাণ চক্ষুরাদি ইন্দ্রিয় মস্তক স্কন্ধ জানু পদাদি সমুদয় গাত্র ও নাভি স্পর্শ করিবে ॥ ১৪৩ ॥

অনাতুরঃ স্বানি খানি ন স্পৃশেদনিমিত্ততঃ।
রোমাণি চ রহস্যানি সর্ব্বাণ্যেব বিবর্জ্জয়েৎ ॥ ১৪৪ ॥

অনাতুরইতি। অনাতুরঃ সন্ স্বানি খানি ইন্দ্রিয়চ্ছিদ্রাণি রোমাণি চ গোপ্যানি উপস্থকক্ষাদিগতানি নির্নিমিত্তং ন স্পৃশেৎ ॥ ১৪৪ ॥

পীড়িত না হইলে কারণ ব্যতীত স্বীয় ইন্দ্রিয়চ্ছিদ্র সকল ও গোপনীয় লোম স্পর্শ করিবেক না ॥ ১৪৪ ॥

মঙ্গলাচারযুক্তঃ স্যাৎ প্রয়তাত্মা জিতেন্দ্রিয়ঃ।
জপেচ্চ জুহুয়াচ্চৈব নিত্যমগ্নিমতন্দ্রিতঃ ॥ ১৪৫ ॥

মঙ্গলাচারযুক্তঃ স্যাদিতি। অভিপ্রেতার্থসিদ্ধির্মঙ্গলং তদ্ধেতুত্বেন গোরোচনাদিধারণমপি মঙ্গলং, গুরুসেবাদিকমাচারঃ অত্রোদ্যুক্তঃ স্যাৎ বাহ্যাভ্যন্তরশৌচোপেতো-জিতেন্দ্রিয়শ্চ ভবেৎ। গায়ত্র্যাদিজপং বিহিতহোমঞ্চ নিত্যং কুর্য্যাৎ। অতন্দ্রিতঃ অনলসঃ। অত্রাচারাদীনামুক্তানামপি বিনিপাতনিবৃত্ত্যর্থত্বাৎ পুনরভিধানং ॥ ১৪৫ ॥

গোরোচনাদি মাঙ্গল্য দ্রব্য ধারণ করিবে, গুরুসেবাদি সদাচার সম্পন্ন হইবে, অন্তরে ও বাহিরে সতত শুচি থাকিবে, জিতেন্দ্রিয় হইবে ও সর্ব্বদা আলস্যশূন্য হইয়া গায়ত্র্যাদি জপ করিবে এবং অগ্নিতে বিহিত হোম করিবে ॥ ১৪৫ ॥

মঙ্গলাচারযুক্তানাং নিত্যঞ্চ প্রয়তাত্মনাং।
জপতাং জুহ্বতাঞ্চৈব বিনিপাতো ন বিদ্যতে ॥ ১৪৬ ॥

অতআহ মঙ্গলাচারযুক্তানামিতি। মঙ্গলাচারাভ্যাং যুক্তানাং নিত্যংশুচীনাং জপহোমরতানাং দৈবমানুষোপদ্রবো ন জায়তে ॥ ১৪৬ ॥

মাঙ্গল্য ও আচার যুক্ত লোকেরা; যাঁহারা সতত শুদ্ধভাবে থাকেন যাঁহারা প্রতিদিন জপ হোম করেন তাঁহারা দৈবকৃত ও মনুষ্যকৃত উপদ্রবে পীড়িত হয়েন না ॥ ১৪৬ ॥

বেদমেবাভ্যসেন্নিত্যং যথাকালমতন্দ্রিতঃ।
তং হ্যস্যাহুঃ পরং ধর্ম্মমুপধর্ম্মোঽন্য উচ্যতে ॥ ১৪৭ ॥

বেদমেবেতি। নিত্যকৃত্যাবসরে শ্রেয়োহেতুতয়া প্রণবগায়ত্র্যাদিকং বেদমেবানলসো জপেৎ যস্মাত্তং ব্রাহ্মণস্য শ্রেষ্ঠং ধর্ম্মং মন্বাদয়ো বদন্তি। অন্যঃ পুনস্ততো-ঽপকৃষ্টো ধর্ম্মো মুনিভিরুচ্যতে। উক্তস্যৈব বেদাভ্যাসাদেঃ পূর্ব্বজাতিস্মরণদ্বারেণ মোক্ষহেতুত্বং বদিতুং পুনরভিধানং ॥ ১৪৭ ॥

প্রাত্যহিক কর্ত্তব্য কর্ম্মের অবসরে মঙ্গলের জন্য অনলস হইয়া প্রণব গায়ত্র্যাদি বেদ পাঠ করিবেক যেহেতু মন্বাদি ইহাকেই ব্রাহ্মণাদির শ্রেষ্ঠ ধর্ম্ম বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, এতদ্ভিন্ন সমুদয় কর্ম্মকে মুনিরা অপকৃষ্ট কর্ম্ম বলেন ॥ ১৪৭ ॥

বেদাভ্যাসেন সততং শৌচেন তপসৈব চ।
অদ্রোহেণ চ ভূতানাং জাতিং স্মরতি পৌর্ব্বিকীং ॥ ১৪৮ ।

বেদাভ্যাসেনেতি। সততবেদাভ্যাসশৌচতপোঽহিংসাভিঃ পূর্ব্বভবস্য জাতিং স্মরতি ॥ ১৪৮ ॥

সর্ব্বদা বেদাভ্যাস, অন্তর্ব্বাহ্য শুচি, তপস্যা, ও প্রাণির অহিংসা এ সকল দ্বারা মনুষ্য পূর্ব্ব জন্মের জাতি স্মর হয় ॥ ১৪৮ ॥

পৌর্ব্বিকীং সংস্মরন্ জাতিং ব্রহ্মৈবাভ্যস্যতে পুনঃ।
ব্রহ্মাভ্যাসেন চাজস্রমনন্তং সুখমশ্নুতে ॥ ১৪৯ ॥

ততঃ কিমত আহ পৌর্ব্বিকীমিতি। পূর্ব্বজাতিং স্মরন্, জাতিমিত্যেকত্ববনাকাঙ্ক্ষিতত্বাদবিবক্ষিতং। বহূনি জন্মানি স্মরংস্তেষু চ গর্ভজন্মজরামরণদুঃখান্যপি স্মরন্ সংসারে বিরজ্য ব্রহ্মৈবাজস্রমভ্যস্যতি শ্রবণমননধ্যানৈঃ সাক্ষাৎ করোতি তেন চানন্তাবিনাশি পরমানন্দাবির্ভাবলক্ষণং মোক্ষসুখং প্রাপ্নোতি ॥ ১৪৯ ॥

পূর্ব্ব পূর্ব্ব জাতি স্মরণ থাকিলে বহু জন্মের কথা স্মরণ করিয়া মনুষ্য নিরন্তর বেদাভ্যাস করিতে থাকেন অনবরত বেদাধ্যয়ন করিয়া ব্রহ্ম সাক্ষাৎকার লাভ করেন, তদ্দ্বারা অবিনশ্বর পরমানন্দ স্বরূপ মোক্ষ সুখ প্রাপ্ত হয়েন ॥ ১৪৯ ॥

সাবিত্রান্ শান্তিহোমাংশ্চ কুর্য্যাৎ পর্ব্বসু নিত্যশঃ।
পিতৃংশ্চৈবাষ্টকাস্বর্চ্চেন্নিত্যমন্বষ্টকাসু চ ॥ ১৫০ ॥

সাবিত্রানিতি। সবিতৃদেবতাকান্ হোমান্ অনিষ্টনিবৃত্ত্যর্থঞ্চ শান্তিহোমান্ পৌর্ণমাস্যমাবাস্যয়োঃ সর্ব্বদা কুর্য্যাৎ। তথা আগ্রহায়ণ্যা ঊর্দ্ধং কৃষ্ণাষ্টমীষু তিসৃষু চাষ্টকাখ্যেন কর্ম্মণা শ্রাদ্ধেন চ তদনন্তরিতকৃষ্ণনবমীষু চান্বষ্টকাখ্যেন পরলোকগতান্ পিতৄন্ যজেৎ ॥ ১৫০ ॥

পৌর্ণমাসী অমাবাস্যা প্রভৃতি পর্ব্ব দিনে সূর্য্য দেবতাক ও অমঙ্গল নিবারক শান্তি হোম করিবেক এবং অগ্রহায়ণের পৌর্ণমাসীর পর তিন কৃষ্ণাষ্টমীতে অষ্টকাশ্রাদ্ধ ও তাহার পর দিন কৃষ্ণনবমীতে অন্বষ্টকা শ্রাদ্ধ করিবেক ইহাতে পরলোকে পিতৃলোকের তৃপ্তিসম্পাদন হয় ॥ ১৫০ ॥

দূরাদাবসথান্মূত্রং দূরাৎ পাদাবসেচনং।
উচ্ছিষ্টান্নং নিষেকঞ্চ দূরাদেব সমাচরেৎ ॥ ১৫১ ॥

দূরাদাবসথাদিতি। নৈঋর্ত্যামিষুবিক্ষেপমতীত্যাভ্যধিকং ভুবইতি বিষ্ণুপুরাণবচনাদেবংবিধাদগ্নিগৃহস্য দূরান্মূত্রপুরীষপাদপ্রক্ষালনজলোচ্ছিষ্টান্নানি নিষিচ্যতইতি নিষেকং রেতশ্চোৎসৃজেৎ ॥ ১৫১ ॥

অগ্নিগৃহের এক তীর দূরে প্রস্রাব বিষ্ঠা পাদপ্রক্ষালনজল উচ্ছিষ্টান্ন ও রেতঃ নিক্ষেপ করিবেক ॥ ১৫১ ॥

মৈত্রং প্রসাধনং স্নানং দন্তধাবনমঞ্জনং।
পূর্ব্বাহ্ণএব কুর্ব্বীত দেবতানাঞ্চ পূজনং ॥ ১৫২ ॥

মৈত্রমিতি। মিত্রদেবতাকত্বান্মৈত্রঃ পায়ুঃ তদ্ভবত্বান্মৈত্রং পুরীষোৎসর্গং, তথা দেহপ্রসাধনপ্রাতঃস্নানদন্তধাবনাঞ্জনদেবার্চ্চনাদি পূর্ব্বাহ্ণএব কুর্য্যাৎ পূর্ব্বাহ্ণশব্দেন রাত্রিশেষ দিনপূর্ব্বভাগাবিহ বিবক্ষিতৌ। পদার্থমাত্রবিধিপরত্বাচ্চাস্য পাঠক্রমোঽপি নাদরণীয়ঃ নহি স্নানানন্তরং দন্তধাবনং ॥ ১৫২ ॥

বিষ্ঠা ত্যাগ, দেহ প্রসাধন, প্রাতঃস্নান, দন্তধাবন, অঞ্জন ধারণ ও দেবতাদিগের পূজা সমুদয় (পূর্ব্বাহ্ণে) রাত্রিশেষে ও দিবসের পূর্ব্বভাগে সমাপন করিতে হয় ॥ ১৫২ ॥

দৈবতান্যভিগচ্ছেত্তু ধার্ম্মিকাংশ্চ দ্বিজোত্তমান্।
ঈশ্বরঞ্চৈব রক্ষার্থং গুরূনেব চ পর্ব্বসু ॥ ১৫৩ ॥

দৈবতানীতি। পাষাণাদিময়ানি ধর্ম্মপ্রধানাংশ্চ ব্রাহ্মণান্ রক্ষার্থং রাজাদিকং গুরূংশ্চ পিত্রাদীনমাবাস্যাদি পর্ব্বসু দ্রষ্টুমভিমুখো গচ্ছেৎ ॥ ১৫৩ ॥

বিপদ্ হইতে রক্ষা হইবে এই উদ্দেশে পাষাণাদিময় দেবতা, ধর্ম্মপরায়ণ ব্রাহ্মণ, রাজা ও পিত্রাদি গুরুলোক ইহাঁদিগকে পর্ব্ব দিনে দর্শন করিবার জন্য তাঁহাদিগের অভিমুখে গমন করিবেক ॥ ১৫৩ ॥

অভিবাদয়েদ্বৃদ্ধাংশ্চ দদ্যাচ্চৈবাসনং স্বকং।
কৃতাঞ্জলিরুপাসীত গচ্ছতঃ পৃষ্ঠতোঽন্বিয়াৎ ॥ ১৫৪ ॥

অভিবাদয়েদিতি। গৃহাগতান্ গুরূনভিবাদয়েৎ তেভ্যশ্চ স্বীয়মাসনং উপবেষ্টুং দদ্যাৎ। বদ্ধাঞ্জলিশ্চ গুরুসমীপ আসীত। গচ্ছতশ্চ পৃষ্ঠদেশেঽনুগচ্ছেৎ। উক্তোঽপ্যয়মভিবাদনাদ্যাচারঃ ফলাভিধানায় পুনরুচ্যতে ॥ ১৫৪ ॥

গৃহাগত বৃদ্ধ গুরুতর লোকের অভিবাদন করিবেক, তাঁহাদিগকে বসিবার জন্য আপনার আসন প্রদান করিবেক, কৃতাঞ্জলিপুটে তাঁহাদিগের সম্মুখে বসিবেক তাঁহারা গমন করিলে পশ্চাৎ কিয়দ্দূর গমন করিবেক ॥ ১৫৪ ॥

শ্রুতিস্মৃত্যুদিতং সম্যঙ্নিবদ্ধং স্বেষু কর্ম্মসু।
ধর্ম্মমূলং নিষেবেত সদাচারমতন্দ্রিতঃ ॥ ১৫৫ ॥

শ্রুতিস্মৃত্যুদিতমিতি। বেদস্মৃতিভ্যাং সম্যগুক্তং স্বেষু কর্ম্মসু অধ্যয়নাদিষ্বঙ্গত্বেন সম্বদ্ধং ধর্ম্মস্য হেতুং সাধূনামাচারমনলসঃ সন্ নিতান্তং সেবেত, সেবেতেতি সামান্যেনাচারানুষ্ঠানোপদেশঃ ফলকথনায় ॥ ১৫৫ ॥

বেদ ও স্মৃতিশাস্ত্র সম্মত, ধর্ম্মের কারণ, অধ্যয়নাদি স্ব স্ব কর্ম্মের অঙ্গ, এপ্রকার সাধুদিগের আচার অলস শূন্য হইয়া একান্ত যত্নে সেবা করিবেক ॥ ১৫৫ ॥

আচারাল্লভতে হ্যায়ুরাচারাদীপ্সিতাঃ প্রজাঃ।
আচারাদ্ধনমক্ষয্যমাচারো হন্ত্যলক্ষণং ॥ ১৫৬ ॥

আচারাদিতি। আচারাদ্বেদোক্তমায়ুর্লভতে অভিমতাশ্চ প্রজাঃ পুত্রপৌত্রদুহিত্রাদিকাঃ প্রভূতঞ্চ ধনং। অশুভফলসূচকঞ্চ দেহস্থমলক্ষণমাচারো নিষ্ফলয়তি। আচারাখ্যধর্ম্মেণালক্ষণসূচিতারিষ্টনাশাৎ ॥ ১৫৬ ॥

সদাচার সম্পন্ন ব্যক্তি বেদোদিত পরমায়ু পুত্রপৌত্রাদি প্রজা ও অক্ষয় ধন প্রাপ্ত হয়েন, এবং তাঁহার শরীরস্থ অশুভ ফলসূচক অলক্ষণ থাকিলেও অনিষ্ট হয় না ॥ ১৫৬ ॥

দুরাচারো হি পুরুষো লোকে ভবতি নিন্দিতঃ।
দুঃখভাগী চ সততং ব্যাধিতোঽল্পায়ুরেব চ ॥ ১৫৭ ॥

দুরাচারো হীতি। যস্মাদ্দুরাচারঃ পুরুষো লোকে গর্হিতঃ স্যাৎ সর্ব্বদা দুঃখান্বিতো রোগবান্ অল্পায়ুশ্চ ভবতি তস্মাৎ সদাচারযুক্তঃ স্যাৎ ॥ ১৫৭ ॥

যেহেতু দুরাচার লোক লোকে নিন্দিত হয়, সর্ব্বদা দুঃখ পায়, অশেষ রোগে আক্রান্ত হয়, এবং অল্পায়ু হয় ॥ ১৫৭ ॥

সর্ব্বলক্ষণহীনোঽপি যঃ সদাচারবান্নরঃ।
শ্রদ্দধানোঽনসূয়শ্চ শতং বর্ষাণি জীবতি ॥ ১৫৮ ॥

সর্ব্বলক্ষণহীনোঽপীতি। যঃ সদাচারবান্ শ্রদ্ধান্বিতঃ পরদোষানভিধাতা স্বশুভসূচক-লক্ষণশূন্যোঽপি শতায়ুর্ভবতি ॥ ১৫৮ ॥

যে পুরুষ সদাচার সম্পন্ন বেদে শ্রদ্ধান্বিত ও পরকীয় দোষের অকথক হয়েন তিনি সর্ব্বপ্রকার শুভ লক্ষণ হীন হইলেও শত বর্ষ জীবিত থাকেন ॥ ১৫৮ ॥

যদ্‌যৎ পরবশং কর্ম্ম তত্তদ্‌যত্নেন বর্জ্জয়েৎ।
যদ্‌যদাত্মবশন্তু স্যাত্তত্তৎ সেবেত যত্নতঃ ॥ ১৫৯ ॥

যদ্যৎ পরেতি। যদ্যৎ কর্ম্ম পরাধীনং পরপ্রার্থনাদিসাধ্যং, তত্তদ্যত্নতোবর্জ্জয়েৎ, যদ্যৎ স্বাধীনদেহব্যাপারসাধ্যং পরমাত্মগ্রহাদি তত্তদ্যত্নতোঽনুতিষ্ঠেৎ ॥ ১৫৯ ॥

পরের নিকটে প্রার্থনাদি সাধ্য যে সকল কর্ম্ম তাহা যত্নপূর্ব্বক পরিত্যাগ করিবেক, আপন শরীর ব্যাপার সাধ্যপুরমাত্ম ধ্যানাদি যে সকল স্বাধীন কর্ম্ম, তাহাই যত্নপূর্ব্বক সেবা করিবেক ॥ ১৫৯ ॥

সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখং।
এতদ্বিদ্যাৎ সমাসেন লক্ষণং সুখদুঃখয়োঃ ॥ ১৬০ ॥

অত্র হেতুমাহ সর্ব্বং পরবশমিতি। সর্ব্বং পরপ্রার্থনাদিসাধ্যং দুঃখহেতুঃ, সর্ব্বমাত্মাধীনং সুখহেতুঃ। এতৎ সুখদুঃখয়োঃ কারণং জানীয়াৎ ॥ ২৬০ ॥

পরের নিকট প্রার্থনাদি দ্বারা যাহা সিদ্ধ হয় তাহাই দুঃখ হেতু, ও যাহা আপনার অধীন তাহাই সুখ কারণ, সংক্ষেপে এই সুখ দুঃখের লক্ষণ জানিবে ॥ ১৬০ ॥

যৎ কর্ম্ম কুর্ব্বতোঽস্য স্যাৎ পরিতোষোঽন্তরাত্মনঃ।
তৎ প্রযত্নেন কুর্ব্বীত বিপরীতন্তু বর্জ্জয়েৎ ॥ ১৬১ ॥

যৎ কর্ম্মেতি। যৎ কর্ম্ম কুর্ব্বতোঽস্যানুষ্ঠাতুঃ পুরুষস্যান্তরাত্মনস্তুষ্টিঃ স্যাত্তৎ-প্রযত্নতোঽনুতিষ্ঠেৎ, অতুষ্টিকরং বর্জ্জয়েৎ। এতচ্চাবিহিতানিষিদ্ধগোচরং, বৈকল্পিক-বিষয়ঞ্চ ॥ ১৬১ ॥

যে কর্ম্ম করিতে করিতে জীবাত্মার আত্মপ্রসাদ লাভ হয় অবিহিত অনিষিদ্ধ এবং বিহিত অনেক প্রকারের মধ্যে যাহাতে মনঃ প্রশস্ত হয় এমত কর্ম্ম করিবেক, ইহার বিপরীত যে কর্ম্ম অর্থাৎ যাহাতে আপনার মন প্রশস্ত না হয় তাহা পরিত্যাগ করিবেক ॥ ১৬১ ॥

আচার্য্যঞ্চ প্রবক্তারং পিতরং মাতরং গুরুং।
ন হিংস্যাদ্ব্রাহ্মণান্ গাশ্চ সর্ব্বাংশ্চৈব তপস্বিনঃ ॥ ১৬২ ॥

আচার্য্যঞ্চেতি। আচার্য্যমুপনয়নপূর্ব্বকবেদাধ্যাপকং, প্রবক্তারং বেদার্থব্যাখ্যাতারং, গুরুং অল্পং বা বহু বা যস্যোত্যুক্তং, আচার্য্যাদীংস্তু ন হিংস্যাৎ। প্রতিকূলাচরণেঽত্র হিংসাশব্দঃ। গোবিন্দরাজস্তু সামান্যেন হিংসানিষেধাৎ আততায়িনোঽপ্যেতান্ন হিংস্যাদিতি ব্যাখ্যাতবান্ তদযুক্তং, গুরুং বা বালবৃদ্ধৌ বা ইত্যনেন বিরোধাৎ ॥ ১৬২ ॥

উপনয়ন দিয়া যিনি বেদ অধ্যয়ন করান, ও যিনি বেদার্থের ব্যাখ্যা করেন, এবং যিনি বেদের অল্প বা অধিক অধ্যয়ন করান, ইহাঁদিগের এবং পিতা মাতা গুরু ব্রাহ্মণ গাভী ও নানাপ্রকার তপস্বী ইহাঁদিগের হিংসা করিবেক না। ॥ ১৬২ ॥

নাস্তিক্যং বেদনিন্দাঞ্চ দেবতানাঞ্চ কুৎসনং।
দ্বেষং দম্ভঞ্চ মানঞ্চ ক্রোধং তৈক্ষ্ণ্যঞ্চ বর্জ্জয়েৎ ॥ ১৬৩ ॥

নাস্তিক্যমিতি। নাস্তি পরলোকইতি বুদ্ধিং, বেদস্য দেবতানাঞ্চ নিন্দাং, মাৎসর্য্যং ধর্ম্মানুৎসাহাভিমানকোপক্রৌর্য্যাণি ত্যজেৎ ॥ ১৬৩ ॥

পরলোক নাই এই বুদ্ধি, বেদ ও দেবতাদিগের নিন্দা, মৎসরতা, ধর্ম্মে অনুৎসাহ, অভিমান, ক্রোধ ও ক্রূরতা এই সমুদয় পরিত্যাগ করিবেক ॥ ১৬৩ ॥

পরস্য দণ্ডং নোদ্যচ্ছেৎ ক্রুদ্ধো নৈব নিপাতয়েৎ।
অন্যত্র পুত্রাচ্ছিষ্যাদ্বা শিষ্ট্যর্থং তাড়য়েত্তু তৌ ॥ ১৬৪ ॥

পরস্যদণ্ডমিতি। পরস্য হননার্থং ক্রুদ্ধঃ সন্ দণ্ডাদিকং নোৎক্ষিপেৎ। নচ পরগাত্রে নিপাতয়েৎ, পুত্রশিষ্যভার্য্যাদাসাদেরন্যত্র, কৃতাপরাধানেতান্ অনুশাসনার্থং, রজ্জ্বা বেণুদলেন বা ইত্যাদিবক্ষ্যমাণপ্রকারেণ তাড়য়েৎ ॥ ১৬৪ ॥

পরকে মারিবার জন্য দণ্ডাদি উৎক্ষেপ করিবে না, বা পরের গাত্রে উহা পাতিত করিবে না, কিন্তু পুত্র শিষ্য, পত্নী ভৃত্য ইহারা কৃতাপরাধ হইলে ইহাদিগের শাসনের জন্য রজ্জু বা বেণুদলদ্বারা তাড়ন করিতে পারিবেক ॥ ১৬৪ ॥

ব্রাহ্মণায়াবগুর্য্যৈব দ্বিজাতির্ব্বধকাম্যয়া।
শতং বর্ষাণি তামিস্রে নরকে পরিবর্ত্ততে ॥ ১৬৫ ॥

ব্রাহ্মণায়েতি। দ্বিজাতিরপি ব্রাহ্মণস্য হননার্থং দণ্ডাদিকমুদ্যম্যৈব নতু নিপাত্য বর্ষশতং তামিস্রাখ্যনরকে পরিভ্রমতি ॥ ১৬৫ ॥

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রাদি যদি ব্রাহ্মণের হনন জন্য দণ্ডাদি নিপাতিত না করিয়াও কেবল উদ্যত করিলেই তামিস্র নামে নরকে একশত বৎসর পরিভ্রমণ করেন ॥ ১৬৫ ॥

তাড়য়িত্বা তৃণেনাপি সংরম্ভান্মতিপূর্ব্বকং।
একবিংশতমা জাতীঃ পাপযোনিষু জায়তে ॥ ১৬৬ ॥

তাড়য়িত্বা তৃণেনাপীতি। তৃণেনাপি ক্রোধাদ্বুদ্ধিপূর্ব্বকং ব্রাহ্মণং তাড়য়িত্বা একবিংশতিজন্মানি পাপযোনিষু কুক্কুরাদিযোনিষু জায়তে॥ ১৬৬ ॥

ক্রোধপরবশ হইয়া জানিয়া শুনিয়া যে ব্যক্তি তৃণ দ্বারাও ব্রাহ্মণকে তাড়ন করে সে সেই পাপে একবিংশতি সংখ্যক জন্ম কুক্কুরাদি পাপ জাতিতে জন্ম গ্রহণ করে ॥ ১৬৬ ॥

অযুধ্যমানস্যোৎপাদ্য ব্রাহ্মণস্যাঽসৃগঙ্গতঃ।
দুঃখং সুমহদাপ্নোতি প্রেত্যাপ্রাজ্ঞতয়া নরঃ ॥ ১৬৭ ॥

অযুধ্যমানস্যেতি। অযুধ্যমানস্য ব্রাহ্মণস্যাঙ্গে শাস্ত্রানভিজ্ঞতয়া শোণিতমুৎপাদ্য পরলোকে মহদ্দুঃখমাপ্নোতি ॥ ১৬৭ ॥

যে ব্যক্তি অযুধ্যমান ব্রাহ্মণের গাত্র হইতে শোণিত পাতিত করে, সেই শাস্ত্রার্থের অনভিজ্ঞ লোক সেই পাপে লিপ্ত হইয়া পরলোকে যৎপরোনাস্তি দুঃখ প্রাপ্ত হয় ॥ ১৬৭ ॥

শোণিতং যাবতঃ পাংশূন্ সংগৃহ্লাতি মহীতলাৎ।
তাবতোঽব্দানমুত্রান্যৈঃ শোণিতোৎপাদকোঽদ্যতে ॥ ১৬৮ ॥

শোণিতমিতি। খড়্গাদিহতব্রাহ্মণাঙ্গনির্গতং রুধিরং ভূমিপতিতং যাবতো ধূলিব্রণুকান্ পিণ্ডীকরোতি, তাবৎ সংখ্যানি বর্ষাণি পরলোকে শোণিতোৎপাদকঃ প্রহর্ত্তা অন্যৈঃ শ্বশৃগালাদিভির্ভক্ষ্যতে ॥ ১৬৮ ॥

অস্ত্রাহত ব্রাহ্মণের অঙ্গ হইতে নির্গত রক্তদ্বারা যতগুলি ধূলি একত্রিত হয়, অস্ত্রাঘাতক পরলোকে তত সংখ্যক বৎসর শৃগাল কুক্কুরাদি কর্তৃক ভক্ষিত হয় ॥ ১৬৮ ॥

ন কদাচিদ্দ্বিজে তস্মাদ্বিদ্বানবগুরেদপি।
ন তাড়য়েত্তৃণেনাপি ন গাত্রাৎ স্রাবয়েদসৃক্ ॥ ১৬৯ ॥

ন কদাচিদিতি। তস্মাদবগোরণাদিদোষাভিজ্ঞো, ব্রাহ্মণে দণ্ডাদ্যুদ্যমননিপাতরুধিরস্রাবণানি নাপদ্যপি কুর্য্যাদিতি পূর্ব্বোক্তক্রিয়াত্রয়স্যোপসংহারঃ ॥ ১৬৯ ॥

অতএব বিপদগ্রস্ত হইলেও বিদ্বান মনুষ্য কখন ব্রাহ্মণের প্রতি দণ্ড উত্থাপিত করিবে না, বা ব্রাহ্মণকে তৃণদ্বারাও তাড়ন করিবে না, অথবা তাঁহার গাত্র হইতে শোণিত স্রাব করাইবে না ॥ ১৬৯ ॥

অধার্ম্মিকো নরো যোহি যস্য চাপ্যনৃতং ধনং।
হিংসারতশ্চ যো নিত্যং নেহাসৌ সুখমেধতে ॥ ১৭০ ॥

অধার্ম্মিক ইতি। অধর্ম্মেণ ব্যবহরতীতি অধার্ম্মিকঃ শাস্ত্রপ্রতিষিদ্ধাগম্যাগমনাদ্যনুষ্ঠাতা যো মানুষঃ। যস্য চ সাক্ষ্যে ব্যবহারনির্ণয়াদৌ চ মিথ্যাভিধানমেব ধনোপায়ঃ অসত্য

ভিধায়োৎকোচধনং গৃহ্লাতি যশ্চ পরহিংসাভিরতঃ নাসাবিহ লোকে সুখযুক্তোবর্ত্ততে। তস্মাদেতন্ন কর্ত্তব্যমিতি নিন্দয়া নিষেধঃ কল্প্যতে॥ ১৭০॥

যে ব্যক্তি শাস্ত্র নিষিদ্ধ অগম্যা গমনাদি করিয়া থাকে যে ব্যক্তি মিথ্যা সাক্ষ্য দিয়া ধন গ্রহণ করে ও যে ব্যক্তি সতত পরহিংসা-পরায়ণ হয়, সে ইহলোকে কোন সুখ পায় না অতএব এ সকল কর্ম্ম কখন করিবে না॥ ১৭০॥

ন সীদন্নপি ধর্ম্মেণ মনোঽধর্ম্মে নিবেশয়েৎ।
অধার্ম্মিকাণাং পাপানামাশু পশ্যন্ বিপর্য্যয়ং॥ ১৭১॥

ন সীদন্নপীতি। শাস্ত্রবিহিত ধর্ম্মমনুতিষ্ঠন্ ধনাদ্যভাবেন অবসীদন্নপি কদাচিন্না-ধর্ম্মে বুদ্ধিং কুর্য্যাৎ, যস্মাদধর্ম্মব্যবহারিণো যদ্যপ্যাপাততোধনাদিসম্পদ্ভাগিনোঽপি দৃশ্যন্তে তথাপি তেষামধার্ম্মিকাণাং অধর্ম্মচৌর্য্যাদি ব্যবহারিণাং পাপিনাং তজ্জনিতদুরি-তশালিনাং শীঘ্রং ধনাদিবিপর্য্যয়োঽপি দৃশ্যতে তং পশ্যন্নাধর্ম্মে ধিয়ং দদ্যাদিতি শিষ্য-হিতায় দৃষ্টমর্থং দর্শিতবান্॥ ১৭১॥

শাস্ত্র বিহিত ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান করিয়া ধনাভাবে অবসন্ন হইলেও কখন অধর্ম্মে মনোভিনিবেশ করিবেক না, যেহেতু দেখাযাইতেছে যে অধর্ম্মোপায়ে ধনোপার্জ্জন-কারী পাপীরা অতিসত্বর সেই ধনাদি হইতে ভ্রষ্ট হয়॥ ১৭১॥

নাধর্ম্মশ্চরিতো লোকে সদ্যঃ ফলতি গৌরিব।
শনৈরাবর্ত্তমানস্তু কর্ত্তুর্ম্মূলানি কৃন্ততি॥ ১৭২॥

নাধর্ম্ম ইতি। শাস্ত্রেণানিয়মিতকালপরিপাকত্বাৎ শুভাশুভকর্ম্মণাং, নাধর্ম্মোনুষ্ঠিতঃ তৎকালএব ফলতি গৌরিব, ইহ ভূমিপক্ষে সাধর্ম্ম্যদৃষ্টান্তঃ। যথা ভূমিরুপ্তবীজমাত্রা তদৈব প্রচুরপচেলিমফলব্রীহিস্তবকসম্বলিত। ন ভবতি কিন্তু নিয়মফলপাকসময়মাসাদ্য, পশুপক্ষে বৈধর্ম্ম্যদৃষ্টান্তঃ। যথা গৌঃ পশুর্বাহদোহাভ্যাং সদ্যঃ ফলতি, নৈবমধর্ম্মঃ কিন্তু ক্রমেণাবর্ত্তমানঃ ফলোন্মুখী ভবন্নধর্ম্মকর্ত্তুর্ম্মূলানি ছিনত্তি, মূলচ্ছেদেন সর্ব্বনাশো-লক্ষ্যতে দেহধনাদ্যন্বিতো নশ্যতি॥ ১৭২॥

গো প্রতিপালন করিলে যেমন সদ্য ফল প্রাপ্ত হওয়া যায় তাহার ন্যায় অধর্ম্মের অনুষ্ঠান করিলে ইহলোকে তাহার ফল তৎক্ষণাৎ ফলিত হয় না কিন্তু মৃত্তিকা প্রোথিত বীজের ন্যায় ক্রমে ফলিত হয় অর্থাৎ তাহা ক্রমে ক্রমে পরিবর্দ্ধিত হইয়া অধর্ম্ম কর্ত্তার দেহ ধনাদির উন্মূলন করে॥ ১৭২॥

যদি নাত্মনি পুত্রেষু নচেৎ পুত্রেষু নপ্তৃষু।
নত্বেব তু কৃতোঽধর্ম্মঃ কর্ত্তুর্ভবতি নিষ্ফলঃ॥ ১৭৩॥

যদীতি। যদি অধর্ম্মঃ কর্ত্তুর্দ্দেহধনাদিনাশং ফলং ন জনয়তি তদা তৎপুত্রেষু, নোচেৎ পৌত্রেষু, জনয়তি, নতু নিষ্ফলএব ভবতি। ননু অন্যকৃতস্য কর্ম্মণঃ কথমন্যত্র

ফলজনকত্বং, উচ্যতে পুত্রাদিনাশস্য পিতুঃ ক্লেশহেতুত্বাৎ শাস্ত্রীয়ত্বাচ্চাস্যার্থস্য মাবিশ্বাসঃ॥ ১৭৩॥

যদি অধর্ম্ম করিলে অধর্ম্মকারীর দেহ ধনাদি নাশ না হয় তথাপি তাহার পুত্র পৌত্রে সেই পাপ ফলিত হয় কিন্তু অধর্ম্ম কোনমতেই নিষ্ফল হইয়া যায় না॥ ১৭৩॥

অধর্ম্মেণৈধতে তাবত্ততো ভদ্রাণি পশ্যতি।
ততঃ সপত্নান্ জয়তি সমূলস্তু বিনশ্যতি॥ ১৭৪॥

অধর্ম্মেণেতি। অধর্ম্মেণ পরদ্রোহাদিনা তাবদাপাততো গ্রামধনাদিনা বর্দ্ধতে। ততো ভদ্রাণি বহুভৃত্যগবাশ্বাদীনি হিতানি লভতে। ততঃ শত্রূন্ স্বস্মাদপকৃষ্টান্ জয়তি পশ্চাৎ কিয়তা কালেনাধর্ম্মপরিপাকবশাৎ দেহধনতনয়াদিসহিতো বিনশ্যতি॥ ১৭৪॥

অধর্ম্মের দ্বারা প্রথমে বৃদ্ধি প্রাপ্ত হয় তৎপরে নানাবিধ গ্রাম ধনাদি লাভ করে তদনন্তর শত্রুদিগকেও জয় করে কিন্তু পরিশেষে সমূলে বিনাশ প্রাপ্ত হয়॥ ১৭৪॥

সত্যধর্ম্মার্য্যবৃত্তেষু শৌচে চৈব রমেৎ সদা।
শিষ্যাংশ্চ শিষ্যাদ্ধর্ম্মেণ বাগ্বাহূদরসংযতঃ॥ ১৭৫॥

সত্যধর্ম্মার্য্যবৃত্তেষ্বিতি। সত্যধর্ম্মসদাচারশৌচেষু সর্ব্বদা রতিং কুর্য্যাৎ। শিষ্যাংশ্চানুশাসনীয়ান্ ভার্য্যাপুত্রদাসচ্ছাত্রান্ রজ্জ্বা বেণুদলেন বেতি প্রকারেণ শাসয়েৎ। উক্তানামপ্যভিধানমনুষ্ঠানাদরার্থং। বাগ্বাহূদরসংযতশ্চ স্যাৎ, বাক্ সংযমঃ সত্যভাষিতা, বাহুসংযমো বাহুবলেন কস্যাপ্যপীড়নং। উদরসংযমো যথালব্ধাল্পভোজনং॥ ১৭৫॥

সত্যধর্ম্ম সদাচার ও শুচিত্ববিষয়ে সতত অভিলাষ করিবেক শিষ্য পত্নী পুত্র ছাত্র ও ভৃত্য ইহাদিগকে ধর্ম্মানুসারে শাসন করিবেক সত্য কথনদ্বারা বাক্য সংযম বাহুবলে কাহারও পীড়া না করায় বাহু সংযম এবং যথা লব্ধাহার দ্বারাউদর সংযম করিবেক॥ ১৭৫॥

পরিত্যজেদর্থকামৌ যৌ স্যাতাং ধর্ম্মবর্জ্জিতৌ।
ধর্ম্মঞ্চাপ্যসুখোদর্কং লোকবিক্রুষ্টমেব চ॥ ১৭৬॥

পরিত্যজেদিতি। যাবদর্থকামৌ ধর্ম্মবিরোধিনৌ ভবেতাং তৌ পরিহরেৎ, যথা চৌর্য্যাদিনার্থোপপাদনং, দীক্ষাদিনে যজমানস্য পত্ন্যুপগমঃ। উদর্ক উত্তরকালঃ তত্রাসুখং যত্র ধর্ম্মে তদ্ধর্ম্মমপি পরিত্যজেৎ। যথা পুত্রাদিবহুপোষ্যযুক্তস্য সর্ব্বস্বদানং। লোকবিক্রুষ্টং যত্র লোকানাং বিক্রোশঃ যথা কলৌ মধ্যমাষ্টকাদিষু গোবধাদি॥ ১৭৬॥

ধর্ম্মের বিরোধী অর্থ ও কামনা পরিত্যাগ করিবেক যেমন চৌর্য্যবৃত্তিদ্বারা অর্থোপার্জ্জন ইহা কখন করিবেক না, যে প্রকার ধর্ম্ম করিলে পরিশেষে দুঃখ হয় এমন ধর্ম্ম করিবেক না যেমন বহুপুত্রাদি যুক্ত ব্যক্তির সর্ব্বস্ব দান উচিত নহে যে ধর্ম্মকর্ম্ম

করিলে লোকে নিন্দা হয় তাহা করিবে না যেমন কলিতে অষ্টকাদি শ্রাদ্ধে গো বধাদি কখন করিবে না ॥ ১৭৬ ॥

न পাণিপাদচপলো ন নেত্রচপলোঽনৃজুঃ।
ন স্যাদ্বাক্চপলশ্চৈব ন পরদ্রোহকর্ম্মধীঃ ॥ ১৭৭ ॥

ন পাণিপাদচপলইতি। পাণ্যাদিচাপল্যং ত্যজেৎ। অনুপযুক্তবস্তূপাদানাদি পাণিচাপল্যং। নিষ্প্রয়োজনং ভ্রমণাদি পাদচাপল্যং। পরস্ত্রীপ্রেক্ষণাদিরসোনেত্র-চাপল্যং। বহুগর্হ্যবাদিতা বাক্চাপল্যং। অনৃজুঃ কুটিলো ন স্যাৎ। পরদ্রোহোহিংসা তদর্থং চেষ্টাং ধিয়ঞ্চ ন কুর্য্যাৎ ॥ ১৭৭ ॥

হস্তের চাঞ্চল্য (গ্রহণের অযোগ্য বস্তু গ্রহণ) পদ চাঞ্চল্য (নিষ্প্রয়োজন গমনাগমন) নয়ন চাঞ্চল্য (পরস্ত্রীপ্রভৃতি লোভনীয় বস্তু লোভ ভাবে নিরীক্ষণ) বাক্ চাপল্য (অনর্থক নিন্দিত কথা কথন) এ সমুদয় পরিত্যাগ করিবে সরল স্বভাব হইবে, কাহাকেও হিংসা করিবে না ॥ ১৭৭ ॥

যেনাস্য পিতরো যাতা যেন যাতাঃ পিতামহাঃ।
তেন যায়াৎ সতাং মার্গং তেন গচ্ছন্নরিষ্যতে ॥ ১৭৮ ॥

যেনেতি। বহুবিধশাস্ত্রার্থসম্ভবে পিতৃপিতামহাদ্যনুষ্ঠিতএব শাস্ত্রার্থোঽনুষ্ঠাতব্যঃ তেন গচ্ছন্ন রিষ্যতে নাধর্ম্মেণ হিংস্যতে ॥ ১৭৮ ॥

শাস্ত্রের নানা প্রকার শাসন থাকিলেও যে শাস্ত্রার্থ পিতা পিতামহাদি গ্রহণ করিয়াছেন তাহারই অনুষ্ঠান করা কর্ত্তব্য, সেই সৎ পথ, সে পথে গমন করিলে কোনমতে তাহাকে অধর্ম্মে আক্রমণ করিতে পারে না ॥ ১৭৮ ॥

ঋত্বিক্পুরোহিতাচার্য্যৈর্ম্মাতুলাতিথিসংশ্রিতৈঃ।
বালবৃদ্ধাতুরৈর্ব্বৈদ্যৈর্জ্ঞাতিসম্বন্ধিবান্ধবৈঃ ॥ ১৭৯ ॥

মাতাপিতৃভ্যাং যামীভির্ভ্রাত্রা পুত্রেণ ভার্য্যয়া।
দুহিত্রা দাসবর্গেণ বিবাদং ন সমাচরেৎ ॥ ১৮০ ॥

ঋত্বিগিতি বচনদ্বয়ং। ঋত্বিগাদিভির্ব্বাক্ কলহং ন কুর্য্যাৎ। শান্ত্যাদিকর্ত্তা পুরো-হিতঃ। সংশ্রিতা অনুজীবিনঃ। জ্ঞাতয়ঃ পিতৃপক্ষাঃ। সম্বন্ধিনঃ জামাতৃশ্যালকাদয়ঃ। বান্ধবামাতৃপক্ষাঃ। যাময়ো ভগিনীস্নুষাদ্যাঃ ॥ ১৭৯ ॥ ॥ ১৮০ ॥

ঋত্বিক যজ্ঞাদি কর্ম্মে হোতা, শান্ত্যাদিকর্ত্তা পুরোহিত, আচার্য্য, মাতুল, গৃহাগত আগন্তুক অনুজীবী, বালক, বৃদ্ধ, পীড়িত, বৈদ্য, জ্ঞাতি, কুটুম্ব, ॥ ১৭৯ ॥

মাতা পিতা ভগিনী পুত্রবধূ প্রভৃতি ভ্রাতা পুত্র পত্নী কন্যা ও ভৃত্যবর্গ ইহাদিগের সহিত বিবাদ করিবেক না ॥১৮০ ॥

এতৈর্ব্বিবাদান্ সন্ত্যজ্য সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
এভির্জ্জিতৈশ্চ জয়তি সর্ব্বান্ লোকানিমান্ গৃহী॥ ১৮১॥

এতৈরিতি। এতৈঃ ঋত্বিগাদিভিঃ সহ বিবাদান্ পরিত্যজ্য অজ্ঞানকৃতসর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে। তথৈতৈর্ব্বিবাদৈরূপেক্ষিতৈরিমান্ বক্ষ্যমাণান্ সর্ব্বান্ লোকান্ গৃহস্থো-জয়তি॥ ১৮১॥

গৃহস্থ লোক ইহাঁদিগের সহিত বিবাদ পরিত্যাগ করিলে অজ্ঞানকৃত সকল পাপ হইতে মুক্ত হয়েন তাহাতে বক্ষ্যমাণ এই সমুদয় লোক জয় করেন॥ ১৮১॥

আচার্য্যো ব্রহ্মলোকেশঃ প্রাজাপত্যে পিতা প্রভুঃ।
অতিথিস্ত্বিন্দ্রলোকেশো দেবলোকস্য চর্ত্বিজঃ॥ ১৮২॥

আচার্য্যইতি। আচার্য্যো ব্রহ্মলোকস্থ প্রভুঃ তেন সহ বিবাদপরিত্যাগেন তৎ-সন্তুষ্ট্যা চ ব্রহ্মলোকপ্রাপ্তে র্গৌণং ব্রহ্মলোকেশত্বং। এবং প্রাজাপত্যলোকেশঃ প্রাজা-পত্যে পিতা চ প্রভুঃ। অতিথিরিন্দ্রলোকে। দেবলোকস্থ চ ঋত্বিজঃ। এবমুত্তরত্রাপি তত্তল্লোকেশত্বং বোদ্ধব্যং॥ ১৮২॥

আচার্য্য ব্রহ্মলোকের, পিতা প্রাজাপত্য লোকের, অতিথি ইন্দ্রলোকের ও ঋত্বিক দেবলোকের ঈশ হয়েন অর্থাৎ যে যে লোকের ঈশ হয় তাহার সহিত বিবাদ না করিলে সেই লোক প্রাপ্তি হয়॥ ১৮২॥

যাময়োঽপ্সরসাং লোকে বৈশ্বদেবস্য বান্ধবাঃ।
সম্বন্ধিনো হ্যপাং লোকে পৃথিব্যাং মাতৃমাতুলৌ॥ ১৮৩॥

যাময়ইতি। অপ্সরসাং লোকে যাময়ঃ প্রভবন্তি। বৈশ্বদেবলোকে বান্ধবাঃ। বরুণলোকে সম্বন্ধিনঃ। ভূর্লোকে মাতৃমাতুলৌ॥ ১৮৩॥

যামি অপ্সর লোকের, বন্ধু বান্ধব বৈশ্বদেব লোকের, সম্বন্ধীরা জললোকের, মাতা ও মাতুল ইহাঁরা পৃথিবীর, প্রভু হয়েন অর্থাৎ ইহাঁদিগের সহিত বিবাদাভাবে ঐ ঐ লোক প্রাপ্তি হয়॥ ১৮৩॥

আকাশেশাস্তু বিজ্ঞেয়া বালবৃদ্ধকৃশাতুরাঃ।
ভ্রাতা জ্যেষ্ঠঃ সমঃ পিত্রা ভার্য্যা পুত্রঃ স্বকা তনুঃ॥ ১৮৪॥

আকাশেশাস্ত্বিতি। কৃশঃ, কৃশধনঃ সংশ্রিতো বিবক্ষিতঃ। বালবৃদ্ধসংশ্রিতাতুরা-অন্তরিক্ষে প্রভবন্তি। ভ্রাতা চ জ্যেষ্ঠঃ পিতৃতুল্যঃ তস্মাৎ সোঽপি প্রজাপতিলোকে প্রভুঃ ভার্য্যাপুত্রৌ চ স্বশরীরমেব অতঃ কথমাত্মনৈব সহ বিবাদঃ সম্ভবতি॥ ১৮৪॥

বালক বৃদ্ধ নির্ধন সংশ্রিত ও পীড়িত ইহারা আকাশের অধীশ্বর অতএব ইহাঁদিগের সহিত বিবাদ না করিলে ঐ লোক অনায়াসে প্রাপ্ত হওয়া যায় জ্যেষ্ঠভ্রাতা পিতার সমান, পত্নী

ও পুত্র আপনার শরীর অতএব ইহাঁদিগের সহিত বিবাদ করা কি রূপে সম্ভবিতে পারে? ॥ ১৮৪ ॥

ছায়া স্বোদাসবর্গশ্চ দুহিতা কৃপণং পরং।
তস্মাদেতৈরধিক্ষিপ্তঃ সহেতাসংজ্বরঃ সদা ॥ ১৮৫ ॥

ছায়েতি। স্বদাসবর্গশ্চ নিত্যানুগতত্বাৎ আত্মচ্ছায়েব ন বিবাদার্হঃ, দুহিতা চ পরং কৃপাপাত্রং, তস্মাদেতৈরধিক্ষিপ্তঃ সন্ অসন্তাপঃ সহেত নতু বিবদেৎ ॥ ১৮৫ ॥

দাস সমূহ সতত অনুগত বলিয়া তাহাদিগকে ছায়া বলাযায়, কন্যা একান্ত স্নেহের পাত্র অতএব ইহারা তিরস্কার করিলেও অসন্তপ্ত মনে তাহা সহ্য করিবে কোনমতে বিবাদ করিবে না ॥ ১৮৫ ॥

প্রতিগ্রহসমর্থোঽপি প্রসঙ্গং তত্র বর্জয়েৎ।
প্রতিগ্রহেণ হ্যস্যাশু ব্রাহ্মং তেজঃ প্রশাম্যতি ॥ ১৮৬ ॥

প্রতিগ্রহসমর্থোঽপীতি। বিদ্যাতপোবৃত্তসম্পন্নতয়া প্রতিগ্রহেঽধিকার্য্যপি তত্র পুনঃ পুনঃ প্রবৃত্তিং ত্যজেৎ যস্মাৎ প্রতিগ্রহেণাস্য বেদাধ্যয়নাদিনিমিত্তপ্রভাবঃ শীঘ্রমেব বিনশ্যতি। যাত্রামাত্রপ্রসিদ্ধ্যর্থমিত্যুক্তেঽপি সামান্যেনার্জনসংকোচে বিশেষেণ প্রতিগ্রহস্য ব্রাহ্মপ্রভাবপ্রশমনফলত্বকথনার্থং বচনং ॥ ১৮৬ ॥

বিদ্যাদি সম্পন্ন ব্যক্তি প্রতিগ্রহ বিষয়ে অধিকারী হইলেও তাহাতে বারম্বার প্রবৃত্তি করিবে না, যেহেতু প্রতিগ্রহ দ্বারা অতিসত্বর তাঁহার ব্রহ্ম প্রাপ্তি যোগ্য প্রভাব নষ্ট হইয়া যায় ॥ ১৮৬ ॥

ন দ্রব্যাণামবিজ্ঞায় বিধিং ধর্ম্ম্যং প্রতিগ্রহে।
প্রাজ্ঞঃ প্রতিগ্রহং কুর্য্যাদবসীদন্নপি ক্ষুধা ॥ ১৮৭ ॥

ন দ্রব্যাণামিতি। দ্রব্যাণাং প্রতিগ্রহং ধর্ম্মায় হিতং বিধানং গ্রাহ্যদেবতা প্রতিগ্রহমন্ত্রাদিকমজ্ঞাত্বা ক্ষুধাবসাদং সঙ্গচ্ছন্নপি প্রাজ্ঞো ন প্রতিগৃহ্নীয়াৎ কিংপুনরনাপদি ॥ ১৮৭ ॥

দ্রব্যাদির প্রতিগ্রহ বিষয়ে ধর্ম্ম্য বিধানসকল না জানিয়া প্রাজ্ঞ ব্যক্তি যদি ক্ষুধায় অবসন্ন হয়েন তথাপি প্রতিগ্রহ করিবেন না ॥ ১৮৭ ॥

হিরণ্যং ভূমিমশ্বং গামন্নং বাসস্তিলান্ ঘৃতং।
প্রতিগৃহ্নন্নবিদ্বাংস্তু ভস্মীভবতি দারুবৎ ॥ ১৮৮ ॥

হিরণ্যমিতি। স্বর্ণাদীন্ শ্রুতস্যাধ্যায়হীনঃ প্রতিগৃহ্নন্নগ্নিসংযোগেন দারুবদ্ভস্মীভূতো ভবতি পুনরুৎপত্তিং ন লভতে ॥ ১৮৮ ॥

দ্রব্যাদি প্রতিগ্রহের বিধান না জানিয়া যে মুর্খ ব্যক্তি সুবর্ণ ভূমি অশ্ব গো অন্ন বস্ত্র তিল ঘৃত এই সমুদয় দ্রব্য গ্রহণ করে সে অগ্নি সংযোগদ্বারা কাষ্ঠ যেমন ভস্ম হয় তদ্রূপ ভস্ম হইয়া যায়। ১৮৮ ॥

হিরণ্যমায়ুরন্নঞ্চ ভূর্গৌশ্চাপ্যোষতস্তনুং।
অশ্বশ্চক্ষুস্ত্বচং বাসো ঘৃতং তেজস্তিলাঃ প্রজাঃ॥ ১৮৯॥

হিরণ্যমিতি। অবিদুষঃ প্রতিগ্রহীতুর্ভূর্গৌশ্চ শরীরং ওষতোদহতঃ, উষদাহে ভৌবাদিকস্তস্যেদং রূপং ভূগবোর্দ্বিত্ববিবক্ষায়াং দ্বিবচনং। এবং হিরণ্যমন্নঞ্চায়ুরো- ষতঃ। অশ্বশ্চক্ষুরিত্যাদিষু বিভক্তিবিপরিণামাদোষতীত্যেকবচনান্তস্যানুষঙ্গঃ।১৮৯॥

মূর্খ প্রতিগ্রহীতা সুবর্ণ এবং অন্ন প্রতিগ্রহ করিলে তাহার পরমায়ু, ভূমি ও গাভি গ্রহণ করিলে শরীর, অশ্ব প্রতিগ্রহ করিলে চক্ষু, বস্ত্র প্রতিগ্রহ করিলে ত্বক্, ঘৃত প্রতিগ্রহ করিলে তেজ ও তিল প্রতিগ্রহ করিলে তাহার সন্ততি দগ্ধ হইয়া যায়॥ ১৮৯॥

অতপাস্ত্বনধীয়ানঃ প্রতিগ্রহরুচির্দ্বিজঃ।
অম্ভস্যশ্মপ্লবেনেব সহ তেনৈব মজ্জতি॥ ১৯০॥

অতপাস্ত্বিতি। যস্তপোবিদ্যাশূন্যঃ প্রতিগ্রহেচ্ছুঃ ব্রাহ্মণোভবতি স প্রতিগ্রহা- ধিকারাভাবাৎ বুদ্ধিস্থেন তেনেতি পরামৃষ্টেনৈব দাত্রানর্হপ্রতিগ্রহদানপাপযুক্তেন সহ নরকে মজ্জতি। যথা পাষাণময়েনোড়ুপেনাম্ভস্তরন্ তেনৈব সহাম্ভসি মগ্নো- ভবতি॥ ১৯০॥

যে ব্রাহ্মণ তপস্যা করে না বেদাধ্যয়ন করে না কেবল প্রতিগ্রহে লোলুপ হয়; যেমন পাষাণময় ভেলা দ্বারা গভীর জল সন্তরণকারী সেই ভেলার সহিত জলে নিমগ্ন হয় সেও সেই রূপ অযোগ্য পাত্রে দানকারী দাতার সহিত নরকে নিমগ্ন হইয়া যায়॥ ১৯০॥

তস্মাদবিদ্বান্বিভিয়াদ্যস্মাৎ তস্মাৎ প্রতিগ্রহাৎ।
স্বল্পকেনাপ্যবিদ্বান্ হি পঙ্কে গৌরিব সীদতি॥ ১৯১॥

তস্মাদবিদ্বানিতি। যস্মাদসাবল্পদ্রব্যপ্রতিগ্রহেণাপি মূর্খঃ পঙ্কে গৌরিব নরকে অবসন্নোভবতি তস্মাদ্যতঃ কুতশ্চিৎ সুবর্ণাদিব্যতিরিক্তসীসকাদ্যসারপ্রতিগ্রহাদপি ত্রস্যেৎ॥ ১৯১॥

যে প্রতিগ্রহের দোষ জানে না সে যে কোন দ্রব্য প্রতিগ্রহ করিতে সর্ব্বদা ভীত হইবে যেহেতু অল্পও সুবর্ণাদি ব্যতিরিক্ত দ্রব্য প্রতিগ্রহ করিলে গো যেমন পঙ্কে নিমগ্ন হয় তদ্রূপ সে নরকে নিমগ্ন হইয়া যায়॥ ১৯১॥

ন বার্য্যপি প্রযচ্ছেত্তু বৈড়ালব্রতিকে দ্বিজে।
ন বকব্রতিকে বিপ্রে নাবেদবিদি ধর্ম্মবিৎ॥ ১৯২॥

প্রতিগ্রহীতুর্ধর্ম্মমভিধায় অধুনা দাতুরাহ ন বার্য্যপীতি। বায়সাদিভ্যো যদ্দীয়তে তদপি বৈড়ালব্রতিকেভ্যো ধর্ম্মজ্ঞোন দদ্যাদিত্যপিশব্দোক্ত্যা দ্রব্যান্তরদানং নিষিদ্ধ্যতে। ন তু বারিদানমেব, পাষণ্ডিনোবিকর্ম্মস্থানিত্যনেন বৈড়ালব্রতিকায় অতিথিত্বেন সৎকৃতা- র্থদানাদি নিষিদ্ধং, ইহ তু ধনদানং নিষিধ্যতে, অতএব বিধিনাপার্জ্জিতং ধনমিতি

বক্ষ্যতি। নাবেদবিদীতি, বেদার্থানভিজ্ঞে এতচ্চ বিদ্বৎসম্ভবে নাবেদবিদীতি নিষিধ্যতে ॥ ১৯২ ॥

যাহা বায়স দিগকে দেওয়া যায় তাহাও ধর্ম্মজ্ঞ লোকেরা বিড়াল তপস্বী বা বকাধর্ম্মী অথবা বেদানভিজ্ঞ ব্রাহ্মণকে দিবেন না ॥ ১৯২ ॥

ত্রিষ্বপ্যেতেষু দত্তং হি বিধিনাপ্যর্জ্জিতং ধনং।
দাতুর্ভবত্যনর্থায় পরত্রাদাতুরেব চ ॥ ১৯৩ ॥

ত্রিষ্বপীতি। এতেষু ত্রিষ্বপি বৈড়ালব্রতিকাদিষু ন্যায়ার্জ্জিতমপি ধনং দত্তং দাতুঃ প্রতিগ্রহীতুশ্চ পরলোকে নরকহেতুত্বাদনর্থায় ভবতি ॥ ১৯৩ ॥

বিধানানুসারে উপার্জ্জিত ধনও এই ত্রিবিধ লোককে দান করিলে ঐ দানে দাতার ও গৃহীতার পরলোকে মহা অনর্থের কারণ হয় অর্থাৎ নরক ভোগ হয় ॥ ১৯৩ ॥

যথা প্লবেনৌপলেন নিমজ্জত্যুদকে তরন্।
তথা নিমজ্জতোঽধস্তাদজ্ঞৌ দাতৃপ্রতীচ্ছকৌ ॥ ১৯৪ ॥

যথা প্লবেনেতি। যথা পাষাণময়েনোড়ুপাদিনা জলে তরন্ তেনৈব সহাধোগচ্ছতি এবং দানপ্রতিগ্রহশাস্ত্রানভিজ্ঞৌ দাতৃগ্রাহকৌ নরকং গচ্ছতঃ। অতপাস্ত্বনধীয়ানইতি প্রতিগ্রহীতৃপ্রাধান্যেন নিন্দোক্তা ইহ তু দাতৃপ্রাধান্যেন ইত্যপুনরুক্তিঃ ॥ ১৯৪ ॥

পাষাণময় ভেলা দ্বারা সন্তরণ করিতে গেলে সন্তরণ কর্ত্তা যেমন জলে নিমগ্ন হইয়া যায়, তদ্রূপ অজ্ঞ দাতা ও প্রতিগৃহীতা নরকে নিমগ্ন হয় ॥ ১৯৪ ॥

ধর্ম্মধ্বজী সদালুব্ধশ্ছাদ্মিকো লোকদম্ভকঃ।
বৈড়ালব্রতিকো জ্ঞেয়ো হিংস্রঃ সর্ব্বাভিসন্ধকঃ ॥ ১৯৫ ॥

ধর্ম্মধ্বজীতি। যো বহুজনসমক্ষং ধর্ম্মমাচরতি স্বতঃ পরতশ্চ লোকে খ্যাপয়তি তস্য ধর্ম্মধ্বজং চিহ্নমিবেতিধর্ম্মধ্বজী। লুব্ধঃ পরধনাভিলাষুকঃ। ছদ্মনা ব্যাজেন চলতীতি ছাদ্মিকঃ। লোকদম্ভকো নিঃক্ষেপাপহারাদিনা জনবঞ্চকঃ। হিংস্রঃ পরহিংসাশীলঃ। সর্ব্বাভিসন্ধকঃ পরগুণাসহনতয়া সর্ব্বাক্ষেপকঃ। বিড়ালব্রতেন চরতীতি বৈড়ালব্রতিকঃ বিড়ালোহি প্রায়েণ মূষিকাদিহিংসারুচিতয়া ধ্যাননিষ্ঠইব বিনীতঃ সমবতিষ্ঠতইতি উপচারাদ্বিড়ালব্রতশব্দঃ ॥ ১৯৫ ॥

পরধনে লোলুপ, ধর্ম্মধ্বজী, (বহু জন সমাজে ধর্ম্মের আচরণ করিয়া সর্ব্বদা আপনার ধার্ম্মিকতা প্রচার করে) ছদ্মবেশধারী, লোকবঞ্চক অর্থাৎ (গচ্ছিত ধনাদির অস্বীকার কর্ত্তা) পরহিংসাপরায়ণ, সর্ব্বাভিসন্ধক (পরের গুণ সহন করিতে না পারিয়া সকলকে তুচ্ছকারী) ইহাদিগকে বিড়াল বৃত্তিক কহা যায় ইহাদিগকে দান করিবে না ॥ ১৯৫ ॥

অধোদৃষ্টির্নৈষ্কৃতিকঃ স্বার্থসাধনতৎপরঃ।
শঠো মিথ্যাবিনীতশ্চ বকব্রতচরো দ্বিজঃ ॥ ১৯৬ ॥

অধোদৃষ্টিরিতি। অধোদৃষ্টির্নিজবিনয়খ্যাপনায় সততমধএব নিরীক্ষতে। নিকৃতির্নিষ্ঠুরতা তয়া চরতীতি নৈকৃতিকঃ, স্বার্থসাধনতৎপরঃ পরার্থখণ্ডনেন। শঠোবক্রঃ। মিথ্যাবিনীতঃ কপটবিনয়বান্। বকব্রতং চরতীতি বকব্রতচরঃ বকোহি প্রায়েণ মীনহননরুচিতয়া মিথ্যাবিনীতঃ সম্নেবংশীলো ভবতীতি গৌণো বকব্রতশব্দঃ॥ ১৯৬॥

আপনার বিনীতভা প্রকাশ করিবার জন্য সতত অধোদৃষ্টি বিমর্ষ ভাবাপন্ন নিষ্ঠুরাচারী, পরের প্রয়োজন খণ্ডন করিয়া স্বার্থসাধনে তৎপর, শঠ, মিথ্যা বিনীত, ইহাদিগকে বকবৃত-ধারী বলে ইহাদিগকে দান করিবেক না॥ ১৯৬॥

যে বকব্রতিনো বিপ্রা যে চ মার্জ্জারলিঙ্গিনঃ।

তে পতন্ত্যন্ধতামিস্রে তেন পাপেন কর্ম্মণা॥ ১৯৭॥

যে বকব্রতিনইতি। যে বকব্রতং বিড়ালব্রতঞ্চরন্তি তে ব্রাহ্মণাস্তেন পাপহেতুনা কর্ম্মণা অন্ধতামিস্রনাম্নি নরকে পতন্তি॥ ১৯৭॥

যে ব্রাহ্মণেরা বকধর্ম্ম ও বিড়ালবৃতকারী তাঁহারা সেই পাপে অন্ধতামিস্র নামে নরকে পতিত হয়েন॥ ১৯৭॥

ন ধর্ম্মস্যাপদেশেন পাপং কৃত্বা ব্রতং চরেৎ।

ব্রতেন পাপং প্রচ্ছাদ্য কুর্ব্বন্ স্ত্রীশূদ্রদম্ভনং॥ ১৯৮॥

ন ধর্ম্মস্যেতি। পাপং কৃত্বা প্রায়শ্চিত্তরূপং প্রাজাপত্যাদিব্রতং পাপমপনয়ন্নেদং প্রায়শ্চিত্তং কিন্তু ধর্ম্মার্থমহমনুতিষ্ঠামীতি স্ত্রীশূদ্রমূর্খাদিজনমোহনং কুর্ব্বন্নানুতিষ্ঠেৎ॥ ১৯৮॥

পাপ করিয়া বাস্তবিক প্রায়শ্চিত্ত স্বরূপ প্রাজাপত্যাদি বৃত করত প্রায়শ্চিত্ত গোপন করিয়া ধর্ম্মার্থ এই বৃতানুষ্ঠান করিতেছি এই রূপে স্ত্রী ও শূদ্র এবং মুর্খাদি ব্যক্তিকে মুগ্ধ করিয়া কোন অনুষ্ঠান করিবে না॥ ১৯৮॥

প্রেত্যেহ চেদৃশা বিপ্রা গর্হ্যন্তে ব্রহ্মবাদিভিঃ।

ছদ্মনাচরিতং যচ্চ ব্রতং রক্ষাংসি গচ্ছতি॥ ১৯৯॥

অলিঙ্গী লিঙ্গিবেষেণ যো বৃত্তিমুপজীবতি।

স, লিঙ্গিনাং হরত্যেনস্তির্য্যগেযানৌ চ জায়তে॥ ২০০॥

প্রেত্যেহইতিশ্লোকদ্বয়ং। প্রথমং সুবোধং। অব্রহ্মচার্য্যাদির্যোব্রহ্মচর্য্যাদিলিঙ্গ-মেখলাজিনদণ্ডাদিবেষোপলক্ষিতস্তদ্বৃত্ত্যা ভিক্ষাভ্রমণাদিনা জীবতি স ব্রহ্মচার্য্যাদীনাং যৎ পাপং তদাত্মন্যাহরতি কুক্কুরাদিতির্য্যগযোনৌ চ উৎপদ্যতে তস্মাদেতন্ন কর্ত্তব্যমিতি নিষেধঃ কল্প্যতে॥ ২৯॥ ॥ ২০০॥

ছল করিয়া যে বৃতের আচরণ করা হয়, তাহা রাক্ষসদিগের ভোগ্য হয় এ রূপ বৃতকারী ব্রাহ্মণেরা পরলোকে ও ইহলোকে ব্রহ্মবাদি ব্রাহ্মণগণ কর্তৃক নিন্দিত হয়েন॥ ১৯৯॥

যে ব্যক্তি যথার্থ ব্রহ্মচারী নহে কিন্তু ব্রহ্মচারীর চিহ্ন মেখলাদি ধারণ করিয়া ভিক্ষাদি দ্বারা জীবিকা করে, সে সেই পাপে ব্রহ্মচারীদিগের সমুদয় পাপ হরণ করে এবং কুক্কুরাদি যোনিতে জন্ম গ্রহণ করে ॥ ২০০ ॥

পরকীয়নিপানেষু ন স্নায়াচ্চ কদাচন।
নিপানকর্ত্তুঃ স্নাত্বা তু দুষ্কৃতাংশেন লিপ্যতে ॥ ২০১ ॥

পরকীয়েতি। নিপানং জলাধারঃ পরকৃতপুষ্করিণ্যাদিষু ন কদাচিৎ স্নায়াৎ তত্র স্নাত্বা পুষ্করিণ্যাদিকর্ত্তুর্যৎ পাপং তস্যাংশেন বক্ষ্যমাণচতুর্থভাগরূপেণ সংবধ্যতে। অকৃত্রিমনদ্যাদ্যসম্ভবে পরকৃতেঽপি পুষ্করিণ্যাদৌ, প্রাক্ প্রদানাৎ পঞ্চ পিণ্ডানুদ্ধৃত্য স্নাতব্যং তদাহ যাজ্ঞবল্ক্যঃ। পঞ্চ পিণ্ডাননুদ্ধৃত্য ন স্নায়াৎ পরবারিষু। উদ্ধৃত্য চতুরঃ পিণ্ডান্ পারক্যে স্নানমাচরেৎ। স্নাত্বা চ তর্পয়েদ্দেবান্ পিতৄংশ্চৈব বিশেষতঃ ॥ ২০১ ॥

পরের অনুৎসৃষ্ট পুষ্করিণ্যাদি জলাশয়ে কখন স্নান করিবে না, তাহাতে স্নান করিলে নিপানাদি খাতকারীর যে পাপ, তাহার অংশভাগী হইতে হয় অতএব যেখানে নদ্যাদি নাই তথায় পরখাতে স্নান করিতে হইলে তাহা হইতে পঞ্চ পিণ্ড পঙ্ক উদ্ধৃত করিয়া কূলে নিক্ষেপপূর্ব্বক স্নান করিবেক ॥ ২০১ ॥

যানশয্যাসনান্যস্য কূপোদ্যানগৃহাণি চ।
অদত্তান্যুপযুঞ্জান এনসঃ স্যাত্তুরীয়ভাক্ ॥ ২০২ ॥

যানশয্যেতি। অস্যেতি প্রকৃতঃ পরঃ পরামৃশ্যতে। পরস্য যানাদীন্যদত্তানি উপযুঞ্জানস্তদীয়পাপচতুর্থভাগভাগী ভবতি। অদত্তানীতি পরস্যানুমত্যভাবশ্চ বিবক্ষিতঃ। তেন সর্ব্বার্থোৎসৃষ্টমঠকূপাদৌ উপয়োগার্থাম্নানাদৌ ন বিরোধঃ ॥ ২০২ ॥

পরের যান শয্যা আসন কূপ উদ্যান গৃহ এ সমুদয় না দিলে উপভোগ করিবে না তাহা ভোগ করিলে দ্রব্য স্বামীর পাপের চতুর্থাংশ ভাগী হইতে হয় ॥ ২০২ ॥

নদীষু দেবখাতেষু তড়াগেষু সরঃসু চ।
স্নানং সমাচরেন্নিত্যং গর্ত্তপ্রস্রবণেষু চ ॥ ২০৩ ॥

নদীষ্বিতি। নদ্যাদিষু সর্ব্বদা স্নানমাচরেৎ। দেবখাতেষ্বিতি তড়াগবিশেষণং দেবসম্বন্ধিত্বেন প্রসিদ্ধেষু সরঃসু। গর্ত্তেষু অষ্টধনুঃসহস্রেভ্যো ন্যূনগতিষু। তদুক্তং ছন্দোগপরিশিষ্টে। ধনুঃসহস্রাণ্যষ্টৌ চ গতির্যাসাং ন বিদ্যতে। ন তা নদীশব্দবহা গর্ত্তাস্তাঃ পরিকীর্ত্তিতাঃ। চতুর্হস্তপ্রমাণং ধনুঃ। প্রস্রবণেষু নির্ঝরেষু চ অনেনৈব পরকীয়নিপানব্যাবৃত্তিসিদ্ধৌ যৎ পৃথগ্বচনং তদাত্মীয়োৎসৃষ্টতড়াগাদিষু স্নানাভ্যনুজ্ঞার্থং তদপি নদ্যাদ্যসম্ভবে দ্রষ্টব্যং ॥ ২০৩ ॥

নদী দেবখাত (হ্রদ) তড়াগ সরোবর গর্ত্ত যাহা চারি ক্রোশের ন্যূন পথ ব্যাপিয়া আছে ও প্রস্রবণ এই সকলের অন্যতর জলে প্রতিদিন স্নান করিবেক ॥ ২০৩ ॥

যমান্ সেবেত সততং ন নিত্যং নিয়মান্ বুধঃ।
যমান্ পতত্যকুর্ব্বাণো নিয়মান্ কেবলান্ ভজন্ ॥ ২০৪ ॥

যমানিতি। নিয়মাপেক্ষয়া যমানুষ্ঠানগৌরবজ্ঞাপনার্থমিদং নতু নিয়মনিষেধার্থং দ্বয়োরেব শাস্ত্রার্থত্বাৎ। যমনিয়মবিবেকশ্চ মুনিভিরেব কৃতঃ। তদাহ যাজ্ঞবল্ক্যঃ। ব্রহ্মচর্য্যং দয়া ক্ষান্তির্ধ্যানং সত্যমকল্কতা। অহিংসাস্তেয়মাধুর্য্যে দমশ্চেতি যমাঃ-স্মৃতাঃ। স্নানং মৌনোপবাসেজ্যা স্বাধ্যায়োপস্থনিগ্রহাঃ। নিয়মোগুরুশুশ্রূষা শৌচাক্রোধা-প্রমাদতা। যমনিয়মস্বরূপজ্ঞঃ সমস্তস্নানাদিনিয়মত্যাগেনাপ্যহিংসাদিরূপং যমমনুতিষ্ঠেৎ। নিয়মাননুতিষ্ঠন্নপি যমানুষ্ঠানরহিতঃ পততীত্যয়ং যমস্তুত্যর্থমারম্ভইতি। মেধাতিথি-গোবিন্দরাজৌ হিংসাদিপ্রতিষেধার্থকা যমাঃ। বেদমেব জপেন্নিত্যমিত্যাদয়োঽনুষ্ঠেয়-রূপা নিয়মাইতি ব্যাচক্ষাতে। অহিংসা সত্যবচনং ব্রহ্মচর্য্যমকল্কতা। অস্তেয়মিতি পঞ্চৈতে যমা বৈ পরিকীর্ত্তিতাঃ। অক্রোধো গুরুশুশ্রূষা শৌচমাহারলাঘবং। অপ্রমা-দশ্চ সততং পঞ্চৈতে নিয়মাঃ স্মৃতাঃ ॥ ২০৪ ॥

ব্রহ্মচর্য্য দয়া ক্ষমা ধ্যান সত্যকথন (অকল্কতা নিষ্পাপান্তঃকরণ) হিংসা ও অপহরণ না করা এবং মধুরভাব ইহাদিগকে যম বলায়য়, স্নান, মৌনাবলম্বন, উপবাস, যজ্ঞকার্য্য, বেদাধ্যয়ন, ইন্দ্রিয়সংযমন, নিয়ম গুরুশুশ্রূষা,শুদ্ধভাব, ক্রোধজয় ও সাবধানতা এই সমুদয়কে নিয়ম বলে। সর্ব্বদা যমেরই সেবা করিবে কেবল নিয়ম লইয়া থাকিবেক না যমের সেবা পরিত্যাগ করিয়া কেবল নিয়মের সেবা করিলে পতিত হয় অতএব পণ্ডিতেরা যম নিয়ম উভয়ই করিয়া থাকেন ॥ ২০৪ ॥

নাশ্রোত্রিয়ততে যজ্ঞে গ্রামযাজিহুতে তথা।
স্ত্রিয়া ক্লীবেন চ হুতে ভুঞ্জীত ব্রাহ্মণঃ ক্বচিৎ ॥ ২০৫ ॥

নাশ্রোত্রিয়েতি। অনধীতবেদেনোপক্রান্তে যজ্ঞেঽগ্নীষোমীয়াদুর্দ্ধমপি ভোজনযোগ্য-সময়ে ব্রাহ্মণো ন ভুঞ্জীত। তথা বহুনাং যাজকেন ঋত্বিজা স্ত্রিয়া নপুংসকেন চ যত্র যজ্ঞে হুয়তে তত্র ব্রাহ্মণঃ কদাচিন্ন ভুঞ্জীত ॥ ১০৫ ॥

অনধীত বেদ ব্রাহ্মণ যে যজ্ঞের আরম্ভ করেন, যে যজ্ঞে বহুযাজক ব্রাহ্মণ হোম করেন, যে যজ্ঞে স্ত্রীলোক বা ক্লীব ইহারা হোতা হয় তথায় ব্রাহ্মণ কখন ভোজন করিবে না ॥ ২০৫ ॥

অশ্লীকমেতৎ সাধূনাং যত্র জুহ্বত্যমী হবিঃ।
প্রতীপমেতদ্দেবানাং তস্মাত্তৎ পরিবর্জ্জয়েৎ ॥ ২০৬ ॥

অশ্লীকমিতি। পূর্ব্বোক্তা বহুযাজকাদয়ো যত্র হোমং কুর্ব্বন্তি তৎকর্ম্ম শিষ্টানাম-শ্লীকমশ্রীকং শ্রীকং রেফস্য স্থানে লকারঃ। দেবানাং প্রতিকূলং তস্মাদেতান্ হোমং ন কারয়েৎ ॥ ২০৬ ॥

যে যজ্ঞে পূর্ব্বোক্ত ব্রাহ্মণাদিরা হোম করে এমন যজ্ঞ সাধুলোকদিগের শ্রীর হানিকর

হয়, এমন যজ্ঞ দেবতাদিগের পক্ষে প্রতিকূল অতএব বহুযাজকাদি দ্বারা হোম করিবেক না ॥২০৬॥

মত্তক্রুদ্ধাতুরাণাঞ্চ ন ভুঞ্জীত কদাচন।
কেশকীটাবপন্নঞ্চ পদাস্পৃষ্টঞ্চ কামতঃ ॥ ২০৭ ॥

মত্তক্রুদ্ধাতুরাণানিতি। ক্ষীবক্রুদ্ধব্যাধিতানামন্নং তথা কেশকীটসংসর্গদুষ্টং পাদেন চেচ্ছাতঃ সংস্পৃষ্টমন্নং ন ভুঞ্জীত ॥ ২০৭ ॥

মত্ত ক্রোধপরবশ ও ব্যাধিযুক্ত ইহাদিগের অন্ন কখন ভোজন করিবে না, কেশ কীট ইত্যাদি সংযুক্ত অন্ন, বা ইচ্ছাধীন পদদ্বারা স্পৃষ্ট অন্ন কখন আহার করিবে না ॥ ২০৭ ॥

ভ্রূণঘ্নাবেক্ষিতঞ্চৈব সংস্পৃষ্টঞ্চাপ্যুদক্যয়া।
পতত্রিণাবলীঢ়ঞ্চ শুনা সংস্পৃষ্টমেব চ ॥ ২০৮ ॥

ভ্রূণঘ্নেতি। ভ্রূণঘ্নেত্যুপলক্ষণাৎ গোঘ্নেত্যাদিপতিতাবেক্ষিতং রজস্বলয়া চ স্পৃষ্টং পক্ষিণা চ কাকাদিনা খাদিতং কুক্কুরেণ চ স্পৃষ্টমন্নং ন ভুঞ্জীত ॥ ২০৮ ॥

ভ্রূণঘাতী গোবিঘাতী প্রভৃতি পতিত লোক যে অন্ন অবলোকন করে, ঋতুমতী নারী যে অন্ন স্পর্শ করে, কাকাদি পক্ষিরা যে অন্ন অগ্র গ্রাস করে ও কুক্কুর দ্বারা যে অন্ন স্পৃষ্ট হয় তাহা কখন ভোজন করিবে না ॥ ২০৮ ॥

গবা চান্নমুপঘ্রাতং ঘুষ্টান্নঞ্চ বিশেষতঃ।
গণান্নং গণিকান্নঞ্চ বিদুষা চ জুগুপ্সিতং ॥ ২০৯ ॥

গবেতি। যদন্নং গবা ঘ্রাতং ঘুষ্টান্নং কো ভোক্তা ইত্যুদ্ঘুষ্যান্নং সত্রাদৌ যদ্দীয়তে। বিশেষতইতি ভূরিদোষতয়া প্রায়শ্চিত্তগৌরবার্থং। গণান্নং মঠব্রাহ্মণসংঘাতান্নং, গণিকা বেশ্যা তস্যা অন্নং, শাস্ত্রবিদা চ যদ্দুষ্টমিতিনিন্দিতং তচ্চ ন ভুঞ্জীত ॥ ২০৯ ॥

গো যে অন্ন ঘ্রাণ লয়, বিশেষত কে অভোক্তা আছ এস অন্ন প্রস্তুত হইয়াছে ডিণ্ডিমাদি দ্বারা এই রূপে নিবেদিত যে অন্ন রাশি, বহুমিলিত মঠবাসিদিগের অন্ন, বেশ্যার অন্ন এবং পণ্ডিতগণ যাদৃশ অন্নের নিন্দা করিয়া থাকেন, এই সমুদয় অন্ন কখন ভোজন করিবে না ॥ ২০৯ ॥

স্তেনগায়নয়োশ্চান্নং তক্ষ্ণোবার্দ্ধুষিকস্য চ।
দীক্ষিতস্য কদর্য্যস্য বদ্ধস্য নিগড়স্য চ ॥ ২১০ ॥

স্তেনেতি। চৌরগায়নবৃত্তিজীবিনোস্তথা তক্ষবৃত্তিজীবনস্য বৃদ্ধ্যুপজীবিনশ্চান্নং ন ভুঞ্জীত। তথা যজ্ঞে দীক্ষিতস্য প্রাগগ্নীষোমীয়াৎ। কদর্য্যস্য, কৃপণস্য নিগড়স্যেতি তৃতীয়ার্থে ষষ্ঠী নিগড়েন বদ্ধস্য। গোবিন্দরাজস্তু বদ্ধশব্দস্য বন্ধনৈর্বিনাপ্যয়োনিগড়ৈর্নির্গড়িতস্য, নিগড়স্যেতি দত্তায়োনিগড়স্যেতি ব্যাখ্যাতবান্ ॥ ২১০ ॥

চৌর, গায়ন বৃত্ত্যুপজীবী, তক্ষণ-বৃত্ত্যুপজীবী, বৃদ্ধি উপজীবী, অগ্নীষোমীয় যাগ না করিয়া যজ্ঞে দীক্ষিত, এবং কৃপণ ও নিগড়বদ্ধ ইহাদিগের অন্ন কখন গ্রহণ করিবেক না ॥ ২১০ ॥

অভিশস্তস্য ষণ্ডস্য পুংশ্চল্যা দাম্ভিকস্য চ।
শুক্তং পর্য্যুষিতঞ্চৈব শূদ্রস্যোচ্ছিষ্টমেব চ ॥ ২১১ ॥

অভিশস্তস্যেতি। মহাপাতকিত্বেন সংজাতলোকবিক্রোশস্য, নপুংসকস্য, পুংশ্চল্যা-ব্যভিচারিণ্যা অগণিকায়া অপি, দাম্ভিকস্য ছদ্মনা ধর্ম্মচারিণো, বৈড়ালব্রতিকাদেরন্নং ন ভুঞ্জীত, শুক্তং যৎ স্বভাবতো মধুরং দধ্যাদিসম্পর্কবশেনউদকাদীনাং চাম্লাদিভাবং গতং। পর্য্যুষিতং রাত্র্যন্তরিতং শূদ্রস্যান্নং ন ভুঞ্জীতেতি সম্বন্ধঃ উচ্ছিষ্টঞ্চ ভুক্তাবশিষ্টান্নমবি-শেষাৎ কস্যাপি ন ভুঞ্জীত। গুরূচ্ছিষ্টঞ্চ বিহিতত্বাদ্ভোজ্যং। গোবিন্দরাজস্তু। শূদ্রস্যোচ্ছিষ্টং তদ্ভুক্তাবশিষ্টঞ্চ স্থালীস্থমপি ন ভুঞ্জীত ইত্যাহ ॥ ২১১ ॥

মহাপাতকী, ক্লীব, ব্যভিচারিণী বিড়ালব্রতাদি ধর্ম্মানুষ্ঠান দ্বারা ছলকারী ইহাদিগের অন্ন কখন খাইবে না, শুক্ত, (স্বাভাবিক মিষ্ট দ্রব্যে দধ্যাদি যোগে বিকৃত হইলে তাহাকে শুক্ত বলা যায়) পর্য্যুষিত দ্রব্য (যে দ্রব্যরাত্রিবাসিত হয়) ও শূদ্রের অন্ন ভোজন করিবে না ও কাহারই উচ্ছিষ্ট অন্ন খাইবে না গুরুর উচ্ছিষ্ট ব্যতিরেকে কাহার উচ্ছিষ্ট খাইবে না ॥ ২১১ ॥

চিকিৎসকস্য মৃগয়োঃ ক্রূরস্যোচ্ছিষ্টভোজিনঃ।
উগ্রান্নং সূতিকান্নঞ্চ পর্য্যাচান্তমনির্দ্দশং ॥ ২১২ ॥

চিকিৎসকস্যেতি। চিকিৎসাজীবিনঃ মৃগয়োর্মাংসবিক্রয়ার্থং মৃগাদিপশুহন্তুঃ। ক্রূরস্যানৃজুপ্রকৃতেঃ নিষিদ্ধোচ্ছিষ্টভোক্তুরন্নং ন ভুঞ্জীত। উগ্রোদারুণকর্ম্মা তস্যান্নং, গোবিন্দরাজো মঞ্জর্য্যামুগ্রং রাজানমুক্তবান্। মনুবৃত্তৌ চ শূদ্রায়াং ক্ষত্রিয়োৎপন্নম-ভ্যধাৎ। ভেদোক্তের্যাজ্ঞবল্কীয়েনোগ্রো রাজেতি বাবদৎ। আশ্চর্য্যমিদমেতস্য স্বকীয়হৃদি ভূষণং। সূতিকান্নং সূতিকামুদ্দিশ্য যৎ ক্রিয়তে তদন্নং তৎকুলজৈরপি ন ভোক্তব্যং। এক পঙ্‌ক্তিস্থানন্যানবমন্য যত্রান্নে ভুজ্যমানে কেনচিদাচমনং ক্রিয়তে তৎ পর্য্যাচান্তং। অনির্দ্দশং সূতিকান্নং প্রেতান্নস্য বক্ষ্যমাণত্বাৎ ন ভুঞ্জীত ॥ ২১২ ॥

চিকিৎসোপজীবী, ব্যাধ, বক্রস্বভাব, নিষিদ্ধ উচ্ছিষ্ট ভোজনকারী, নিষ্ঠুরকর্ম্মা ইহাদিগের অন্ন খাইবে না, সুতিকার জন্য যে অন্ন প্রস্তুত করাযায় তৎকুলজাতও কেহই তাহা খাইবে না এক পঙ্‌ক্তিস্থ সমুদয় ব্রাহ্মণের ভোজনের অগ্রে ভোজন করিবার জন্যে আচমন করিলে ঐ অন্নকে পর্য্যাচান্ত বলাযায় তাহা এবং দশ দিন গত না হইলে সুতিকান্ন ভোজন করিবে না ॥ ২১২ ॥

অনর্চ্চিতং বৃথামাংসমবীরায়াশ্চ যোষিতঃ।
দ্বিষদন্নং নগরয্যন্নং পতিতান্নমবক্ষুতং ॥ ২১৩ ॥

অনর্চ্চিতমিতি। অর্চ্চার্হস্য যদবজ্ঞয়া দীয়তে। বৃথামাংসং, দেবতাদিমুদ্দিশ্য যন্ন কৃতং। অবীরায়াঃ পতিপুত্ররহিতায়াঃ শত্রুনগরপতিতানাঞ্চ উপরিকৃতক্ষুতঞ্চান্নং ন ভুঞ্জীত॥ ২১৩॥

পূজনীয় ব্যক্তিকে অবজ্ঞা করিয়া যে অন্ন প্রদান করাযায়, যে মাংস দেবতার উদ্দেশে দত্ত হয় নাই, পতি পুত্র বিহীনা অবীরা স্ত্রীর অন্ন, শত্রুর অন্ন, নগরের অন্ন, পতিতদিগের অন্ন ও যাহার উপর হাঁচিয়াছে সেই অন্ন কখন ভোজন করিবে না॥ ২১৩॥

পিশুনানৃতিনোশ্চান্নং ক্রতুবিক্রয়িণস্তথা।
শৈলূষতুন্নবায়ান্নং কৃতঘ্নস্যান্নমেব চ॥ ২১৪॥

পিশুনেতি। পিশুনঃ পরোক্ষে পরাপবাদভাষণপরঃ। অনৃতীতি অতিশয়েনানৃতবাদী কূটসাক্ষ্যাদিঃ। ক্রতুবিক্রায়কঃ মদীয়যাগস্য ফলং তব ভবত্বিতি অভিধায় যোধনং গৃহ্লাতি। শৈলূষোনটঃ। তুন্নবায়ঃ সৌচিকঃ। কৃতঘ্নো যঃ কৃতোপকারস্যাপকারে প্রবর্ত্ততে তস্যান্নং ন ভুঞ্জীত॥ ২১৪॥

যে ব্যক্তি অন্যের নিকট অপরের দোষ বলে তাহাকে পিশুন বলাযায়, যে আদ্যোপান্ত মিথ্যা বলিয়া কূট সাক্ষ্য প্রদান করে, যে স্বকৃত যজ্ঞফল ধনদ্বারা বিক্রয় করে, যে নটবৃত্তি করে, যে বস্ত্রাদি সীবনদ্বারা জীবিকা করে, যে ব্যক্তি উপকারকের অপকার করে, ইহাদিগের অন্ন কখন খাইবেক না॥ ২১৪॥

কর্ম্মারস্য নিষাদস্য রঙ্গাবতারকস্য চ।
সুবর্ণকর্ত্তুর্বেণস্য শস্ত্রবিক্রয়িণস্তথা॥ ২১৫॥

কর্ম্মারস্যেতি। কর্ম্মারস্য লৌহকারস্য। নিষাদস্য দশমাধ্যায়োক্তস্য। নটগায়নব্যতিরিক্তস্য রঙ্গাবতরণজীবিনঃ। সুবর্ণকারস্য, বেণোর্ব্বেদনেন যো জীবতি বরুড়ইতি বিশ্বরূপঃ। শস্ত্রং লৌহং তদ্বিক্রয়িণশ্চান্নং ন ভুঞ্জীত॥ ২১৫॥

কর্ম্মকার, ব্রাহ্মণের শূদ্রাস্ত্রীতে যে সন্তান হয় তাহার নাম নিষাদ, নট ও গায়ন ভিন্ন রঙ্গোপজীবি, স্বর্ণকার বেণুবিদারক ও লৌহ বিক্রয়ী ইহাদের অন্ন কখন খাইবে না॥ ২১৫॥

শ্ববতাং শৌণ্ডিকানাঞ্চ চেলনির্ণেজকস্য চ।
রঞ্জকস্য নৃশংসস্য যস্য চোপপতির্গৃহে॥ ২১৬॥

শ্ববতামিতি। আখেটকাদ্যর্থং শুনঃ পোষকাণাং। মদ্যবিক্রয়িণাং। বস্ত্রধাবকস্য। কুসুম্ভাদিনা বস্ত্ররাগকৃতঃ। নির্দ্দয়স্য। যস্য চোপপতির্গৃহে, জারশ্চ যস্যাজ্ঞানতোগৃহে স্থিতস্তস্য গেহে নাদ্যাৎ॥ ২১৬॥

মৃগয়ার জন্য কুক্কুর পোষণকারী, মদ্যবিক্রেতা, বস্ত্রক্ষালক (ধোপা) কুসুম্ভাদি দ্বারা বস্ত্রাদির রঙ্ কর্ত্তা, নিষ্ঠুর ও যাহার অজ্ঞাতসারে গৃহে স্ত্রীর উপপতি আছে তাহার গৃহে ভোজন করিবে না॥ ২১৬॥

(পিশুনতা) না জানিয়া অন্যের দোষ কথন (সাহস) নিরপরাধ সাধুব্যক্তিকে বন্ধনাদি দ্বারা নিগ্রহ করণ, (দ্রোহ) ছলক্রমে মারিয়া ফেলা, (ঈর্ষা) কাহারও ভাল গুণ আছে জানিয়া মনে মনে হিংসা করা (অসূয়া) অন্য গুণে দোষারোপণ (অর্থ দূষণ) পরধনাপহরণ অথবা অবশ্য দেয় ধন না দেওয়া (বাক্ পারুষ্য) অন্যের উপর আক্রোশ করা বা হাততুলিতে উদ্যত হওয়া (দণ্ড পারুষ্য) অন্যকে প্রহার করা এই আট প্রকার ব্যসন, ক্রোধ হইতে উদ্ভূত হয়। ৪৮।

দ্বয়োরপ্যেতয়োর্ম্মূলং যং সর্ব্বে কবয়োবিদুঃ।
তং যত্নেন জযেল্লোভং তজ্জাবেতাবুভৌ গণৌ॥ ৪৯॥

দ্বয়োরিতি। এতয়োর্দ্বয়োরপি কামক্রোধজব্যসনসংঘয়োঃ কারণং যং স্মৃতিকারা-জানন্তি তং ব্যসনহেতুকং যত্নতোলোভং ত্যজেৎ। যস্মাদেতদ্গণদ্বয়ং লোভাজ্জায়তে ক্বচিদ্ধনলোভতঃ ক্বচিৎ প্রকারান্তরলোভতঃ প্রবৃত্তেঃ॥ ৪৯॥

প্রাক্তন পণ্ডিতমণ্ডলী যে লোভকে পূর্ব্বোক্ত কামজ দশ ও ক্রোধজ আটপ্রকার ব্যস-নের জনক বলিয়া অবধারণ করিয়াছেন, প্রযত্ন সহকারে সেই লোভকে জয় করা উচিত, লোভকে জয় করিলেই অষ্টাদশপ্রকার পাপকেই পরাজয় করা হইবে কখন ধন লোভে কখন বা অন্য কোন লোভে পতিত হইয়াই অনেকে ঐ সকল পাপ করিয়া থাকেন॥ ৪৯॥

পানমক্ষাঃ স্ত্রিয়শ্চৈব মৃগয়া চ যথাক্রমং।
এতৎ কষ্টতমং বিদ্যাচ্চতুষ্কং কামজে গণে॥ ৫০॥

পানমিতি। মদ্যপানমক্ষৈঃ ক্রীড়া স্ত্রীসম্ভোগোমৃগয়া চেতিক্রমপঠিতমেতচ্চতুষ্কং কামজব্যসনমধ্যে বহুদোষত্বাদতিশয়েন দুঃখহেতুং জানীয়াৎ॥ ৫০॥

মদ্যপান, পাশক্রীড়া, স্ত্রীসম্ভোগ, পশুমারণ, কামজব্যসন গণের মধ্যে এই চারিটী অতিশয় দূষ্য ও দুঃখহেতু জানিবে কেননা ইহা হইতে অশেষ প্রকার শোচনীয় ব্যাপার ঘটিতে পারে॥ ৫০॥

দণ্ডস্য পাতনঞ্চৈব বাক্পারুষ্যার্থদূষণে।
ক্রোধজেঽপি গণে বিদ্যাৎ কষ্টমেতত্ত্রিকং সদা॥ ৫১॥

দণ্ডস্যেত্যাদি। দণ্ডপাতনং বাক্পারুষ্যং অর্থদূষণঞ্চেতি ক্রোধজেঽপি ব্যসনগণে দোষবহুলত্বাদতিশয়িতদুঃখসাধনং মন্যেত॥ ৫১॥

ক্রোধজ ব্যসনগণের মধ্যে নিষ্ঠুর প্রহার নীরস কথন ও প্রাপ্যধন না দেওয়া এই তিনটী অতিশয় অনর্থের কারণ বলিয়া সতত দূষণীয় বোধ করিবে॥ ৫১॥

সপ্তকস্যাস্য বর্গস্য সর্ব্বত্রৈবানুষঙ্গিণঃ।
পূর্ব্বং পূর্ব্বংগুরুতরং বিদ্যাদ্ব্যসনমাত্মবান্॥ ৫২॥

সপ্তকেতি। অস্য পানাদেঃ কামক্রোধসম্ভবস্য সপ্তপরিমাণস্য ব্যসনবর্গস্য সর্বস্মিন্নেব রাজমণ্ডলে প্রায়েণাবস্থিতস্য পূর্ব্বপূর্ব্বব্যসনমুত্তরোত্তরাৎ কষ্টতরং প্রশস্তাত্মা রাজা জানীয়াৎ। তথাহি দ্যূতাৎ পানং কষ্টতরং, মদ্যপানেন মত্তস্য সংজ্ঞাপ্রণাশাৎ যথেষ্ট-চেষ্টয়া দেহধনাদিবিরোধ ইত্যাদয়ো দোষাঃ দ্যূতে তু পাক্ষিকী ধনাবাপ্তিরপ্যস্তি। স্ত্রীব্যসনাৎ দ্যূতং কষ্টং, দ্যূতেহি বৈরোদ্ভবাদয়ো নীতিশাস্ত্রোক্তাদোষাঃ মূত্রপুরীষবেগ-ধারণাচ্চ ব্যাধ্যুৎপত্তিঃ স্ত্রীব্যসনেপুনরপত্যোৎপত্ত্যাদিগুণযোগোপ্যস্তি। মৃগয়াস্ত্রী ব্যসনয়োঃ স্ত্রীব্যসনং দুষ্টং, তত্রাদর্শনং কার্য্যাণাং কালাতিপাতেন ধর্ম্মলোপাদয়োদোষাঃ মৃগয়ায়ান্তু ব্যায়ামেনারোগ্যাদিগুণযোগোপ্যস্তীত্যেবং কামজচতুষ্কস্য পূর্ব্বং পূর্ব্বং গুরু-দোষং। ক্রোধজেষ্বপি ত্রিষু বাক্‌পারুষ্যাদ্দণ্ডপারুষ্যং দুষ্টং অঙ্গচ্ছেদাদেরশক্যসমা-ধানত্বাৎ বাক্‌পারুষ্যে তু কোপানলোদানমানপানীয়সেকৈঃ শক্যঃ শময়িতুং। অর্থ-দূষণাদ্বাক্‌পারুষ্যং দোষবন্মর্ম্মপীড়াকরং বাক্‌পারুষ্যস্য দুশ্চিকিৎস্যত্বাৎ। তদুক্তং ন সংরোহতি বাক্‌ক্ষতং। অর্থ দূষণন্তু প্রচুরতরার্থদানাচ্ছক্যসমাধানং এবং ক্রোধজত্রি-কস্যাপি পূর্ব্বং পূর্ব্বং দুষ্টতরং যত্নতস্ত্যজেৎ ॥ ৫২ ॥

মদ্যপান, অক্ষক্রীড়া, স্ত্রীসম্ভোগ, মৃগয়া দণ্ডপাতন, বাক্‌কলহ, পরধনাপহরণ এই সাতটি কাম ক্রোধজ ব্যসন, প্রায় সমুদায় রাজমণ্ডলে ব্যাপ্ত হয় ইহার পূর্ব্ব পূর্ব্ব ব্যসন অতিশয় ক্লেশজনক হয় ইহা রাজা অবগত হইবেন; দ্যূত হইতে মদ্যপান অতিশয় কষ্টজনক, যেহেতু মদ্যপান দ্বারা মত্ত ব্যক্তির চৈতন্য নাশানন্তর অঙ্গ ধনাদির বিবোধ দোষ হয়, ক্রীড়ায় জয়পক্ষে ধনলাভ হয়, স্ত্রীব্যসন হইতে দ্যূতক্রীড়া অতিশয় কষ্টদায়ক যেহেতু দ্যূতে শত্রুতা ও বিজয় পক্ষে ধন নাশ এবং ক্রীড়াসক্ত প্রযুক্ত বিষ্ঠামূত্র বেগধারণে রোগোৎ-পত্তি হয়, স্ত্রীব্যসনে সন্তানোৎপত্তি গুণযোগ আছে মৃগয়া ও স্ত্রীব্যসনের মধ্যে স্ত্রীব্যসন দুষ্ট কারণ স্ত্রীব্যসনে আসক্ত ব্যক্তির কার্য্যের অদর্শন দোষ সন্ধ্যাবন্দনাদির কালা-তিক্রমে ধর্ম্মলোপ মৃগয়ায় পর্য্যটন পরিশ্রমে আরোগ্যাদি গুণযোগ আছে এই চারিটি কামজ ব্যসন ক্রোধজ তিনটির মধ্যে বাক্‌পারুষ্য হইতে দণ্ডপারুষ্য অতিশয় কষ্টতর যেহেতু দণ্ডপারুষ্যে অশক্য প্রতীকার অঙ্গচ্ছেদ প্রভৃতি দোষ হয় বাক্‌পারুষ্যে দান মান সৎকারে পর কোপানলের শমতা হয় অর্থাপহরণ হইতে বাক্‌পারুষ্য পীড়াকর যেহেতু বাক্‌পারুষ্য মর্ম্ম পীড়াকর তাহার শমতা সুকঠিন অর্থ দূষণে প্রচুরার্থ দানে তাহার শমতা হয় ॥ ৫২ ॥

ব্যসনস্য চ মৃত্যোশ্চ ব্যসনং কষ্টমুচ্যতে।
ব্যসন্যধোধোব্রজতি স্বর্য্যাত্যব্যসনী মৃতঃ ॥ ৫৩ ॥

ব্যসনেতি। যদ্যপি মৃত্যুব্যসনে দ্বে অপীহ লোকে সংজ্ঞাপ্রণাশাদিদুঃখহেতুতয়া শাস্ত্রানুষ্ঠানবিরোধিতয়া চ তুল্যে, তথাপি ব্যসনং কষ্টতরং পরত্রাপি নরকপাতহেতুত্বাৎ তদাহ ব্যসন্যধোধোব্রজতি বহুন্নরকানুগচ্ছতি ইত্যর্থঃ অব্যসনী তু মৃতঃ শাস্ত্রানুষ্ঠান-

প্রতিপক্ষব্যসনাভাবাৎ স্বর্গং গচ্ছতি এতেষাত্তিপ্রসক্তির্ব্যসনেষু নিষিধ্যতে ন তু তস্য সেবনমপি ॥ ৫৩ ॥

কামজ কোপজ ব্যসন, ও মৃত্যু, ইহার মধ্যে ব্যসন অধিক দুঃখদায়ক হয় যেহেতু ব্যসনী লোক মরিয়া পরকালে দুঃখপায় যিনি ব্যসন হীন মহাত্মা তিনি স্বর্গলোকে বিরাজমান হয়েন ॥ ৫৩ ॥

মৌলান্ শাস্ত্রবিদঃ শূরান্ লব্ধলক্ষান্ কুলোদ্গতান্।
সচিবান্ সপ্ত চাষ্টৌ বা প্রকুর্ব্বীতপরীক্ষিতান্॥ ৫৪ ॥

মৌলানিতি। মৌলান্ পিতৃপিতামহক্রমেণ সেবকান্ তেষামপি লোভাদিনা ব্যভিচারাৎ তদ্বারণার্থং দৃষ্টাদৃষ্টার্থশাস্ত্রজ্ঞান্ বিক্রান্তান্ লব্ধলক্ষান্ লক্ষাদপ্রচ্যুতশরশূলাদীন্, আয়ুধবিদইত্যর্থঃ বিশুদ্ধকুলভবান্, দেবতাস্পর্শাদি নিয়তান্, অমাত্যান্ সপ্তাষ্টৌ বা মন্ত্রাদৌ কুর্ব্বীত ॥ ৫৪ ॥

রাজাদিগকে এই প্রকার সাত আটটী মন্ত্রী রাখিতে হইবে যাঁহারা বংশ পরম্পরা গত রাজকর্ম্মে পারগ হইবেন, নানা শাস্ত্র বিশারদ হইবেন, শৌর্য্যসম্পন্ন হইবেন, আয়ুধ বিদ্যায় বিশেষরূপে শিক্ষিত হইবেন, সদ্বংশজাত, দেবতা স্পর্শনাদিরূপশপথ দ্বারা পরীক্ষিত হইবেন ॥ ৫৪ ॥

অপি যৎ সুকরং কর্ম্ম তদপ্যেকেন দুষ্করং।
বিশেষতোঽসহায়েন কিন্তু রাজ্যং মহোদয়ং ॥ ৫৫ ॥

যস্মাৎ অপীত্যাদি। সুখেনাপি যৎ ক্রিয়তে কর্ম্ম তদপ্যেকেন দুষ্করং ভবতি বিশেষতোরাজ্যং যন্মহাফলং তৎ কথমসহায়েন ক্রিয়তে ॥ ৫৫ ॥

যে কর্ম্ম অনায়াসে করিতে পারাযায় তাহাও একের দ্বারা কখন দুষ্কর হইয়া উঠে। বিশেষতঃ মহা ফলপ্রদ রাজ্যপালন; একাকী কি রূপে সম্পন্ন করিতে পারে ? ॥ ৫৫ ॥

তৈঃ সার্দ্ধংচিন্তয়েন্নিত্যং সামান্যং সন্ধিবিগ্রহং।
স্থানং, সমুদয়ং, গুপ্তিং, লব্ধপ্রশমনানি চ ॥ ৫৬ ॥

তৈরিত্যাদি। তৈঃ সচিবৈঃ সহ সামান্যং মন্ত্রেষ্বগোপনীয়ং সন্ধিবিগ্রহাদি তন্নিরূপয়েৎ, তথা তিষ্ঠত্যনেনেতি স্থানং দণ্ডপোষণকোষপুররাষ্ট্রাত্মকং চতুর্ব্বিধং, চিন্তয়েৎ। দণ্ড্যতেঽনেনেতি দণ্ডোহস্ত্যশ্বরথপদাতয়ঃ তেষাং পোষণং রক্ষণাদি তচ্চিন্তয়েৎ, কোষোঽর্থনিচয়ঃ তস্যায়ব্যয়াদি পুরস্য রক্ষণাদি রাষ্ট্রং দেশঃ, তদ্বাসিমনুষ্যপশ্বাদিধারণক্ষমত্বাদি, চিন্তয়েৎ, তথা সমুদয়ন্ত্যুৎপদ্যন্তে অস্মাদর্থাইতি সমুদয়োধান্য হিরণ্যাদ্যুৎপত্তিস্থানং তন্নিরূপয়েৎ, তথা গুপ্তিং রক্ষামাত্মগতাং রাষ্ট্রগতাঞ্চ স্বপরীক্ষিতমন্ত্রাদ্যমদ্যাৎ পরীক্ষিতাঃ স্ত্রিয়শ্চৈবমিত্যাদিনাত্মরক্ষণং রাষ্ট্রস্যসংগ্রহে নিত্যমিত্যাদিনা রাষ্ট্র-

রক্ষাঞ্চ বক্ষ্যতি। লব্ধস্য চ ধনস্য প্রশমনানি সৎপাত্রে প্রতিপাদনাদীনি চিন্তয়েত্তথা চ বক্ষ্যতি। জিত্বা সম্পূজয়েদ্দেবানিত্যাদি ॥ ৫৬ ॥

সন্ধি বিগ্রহ যানাদি যাবতীয় বিষয় এই সকল মন্ত্রীগণের সহিত গোপনভাবে সতত মন্ত্রণা করিবেন কোষ নগর দেশ দ্বিরদ তুরগ রথ সারথি পদাতি প্রভৃতি বিষয় রীতি-মত কিরূপে প্রতিপালিত ও সুরক্ষিত হইবে তাহা তাঁহাদিগের সহিত সুন্দররূপে চিন্তা করিবেন, সুবর্ণাদি আকর শালি ভূমির কর বিশেষ বিবেচনা পূর্ব্বক নির্ণয় করিবেন এবং লব্ধ ধনাদি কি রূপে দান করিতে হইবে তাহারও পরামর্শ করিবেন ॥ ৫৬॥

তেষাং স্বং স্বমভিপ্রায়মুপলভ্য পৃথক্ পৃথক্।
সমস্তানাঞ্চ কার্য্যেষু বিদধ্যাদ্ধিতমাত্মনঃ ॥ ৫৭ ॥

তেষামিতি। তেষাং সচিবানাং রহসি নিষ্প্রতিপক্ষতয়া হৃদয়গতভাবজ্ঞানসম্ভবাৎ প্রত্যেকমভিপ্রায়ং সমস্তানামপি যুগপদভিপ্রায়ং বুদ্ধ্বা কার্য্যেষু যদাত্মনোহিতং তৎ কুর্য্যাৎ ॥ ৫৭ ॥

নির্জ্জনস্থানে মন্ত্রিগণের প্রত্যেকের মত পৃথক পৃথক ও যৌগপদ্যে বা অবগত হইয়া যাহা আপনার হিতজনক বোধ করিবেন তাহারই অনুষ্ঠান করিবেন ॥ ৫৭ ॥

সর্ব্বেষান্তু বিশিষ্টেন ব্রাহ্মণেন বিপশ্চিতা।
মন্ত্রয়েৎ পরমং মন্ত্রং রাজা ষাড়্গুণ্য সংযুতং ॥ ৫৮ ॥

সর্ব্বেষামিতি। এষামেব সর্ব্বেষাং সচিবানাং মধ্যাদন্যতমেন ধার্ম্মিকত্বাদিনা বিশিষ্টেন বিদুষা ব্রাহ্মণেন সহ সন্ধিবিগ্রহাদি বক্ষ্যমাণগুণষট্কোপেতং প্রকৃষ্টং মন্ত্রং নিরূপয়েৎ ॥ ৫৮ ॥

সচিবগণের মধ্যে পরম ধার্ম্মিক বিদ্বান্ ব্রাহ্মণ সচিবের সহিত সন্ধি বিগ্রহ যান আসন দ্বৈধ আশ্রয়রূপ ষড়্গুণযুক্ত বিশেষ মন্ত্রণা করিবেন ॥ ৫৮ ॥

নিত্যং তস্মিন্ সমাশ্বস্তঃ সর্ব্বকার্য্যাণি নিঃক্ষিপেৎ।
তেন সার্দ্ধং বিনিশ্চিত্য ততঃ কর্ম্ম সমারভেৎ ॥ ৫৯ ॥

নিত্যমিতি। সর্ব্বদা তস্মিন্ ব্রাহ্মণে সংজাতবিশ্বাসো ভূত্বা যানি কুর্য্যাত্তানি সর্ব্ব কার্য্যাণি সমর্পয়েৎ। তেন সহ নিশ্চিত্য সর্ব্বং কর্ম্মারভেৎ ॥ ৫৯ ॥

যে সকল কার্য্য রাজা করিবেন উক্ত ব্রাহ্মণে বিশ্বাসপূর্ব্বক তাহা অর্পণ করিবেন অর্থাৎ উঁহারদিগের সহিত নিশ্চয় করিয়া কার্য্য আরম্ভ করিবেন ॥ ৫৯ ॥

অন্যানপি প্রকুর্ব্বীত, শুচীন্ প্রাজ্ঞানবস্থিতান্।
সম্যগর্থসমাহর্তৃনমাত্যান্ সুপরীক্ষিতান্ ॥ ৬০ ॥

অন্যানপীত্যাদি। অন্যানপি অর্থদানাদিনা শুচীন্ প্রজ্ঞাশালিনঃ, মন্ত্রার্জ্জনশীলান্, ধর্ম্মাদিনা পরীক্ষিতান্ কর্ম্মসচিবান্ কুর্য্যাৎ ॥ ৬০॥

এতদ্ব্যতীত অর্থাদি বিষয়ে শুদ্ধস্বভাব সুবুদ্ধি সম্পন্ন কার্য্যকুশল ন্যায্যরূপে ধনোপার্জ্জন করণে সক্ষম ধর্ম্মাদি পরীক্ষায় পরীক্ষিত অন্যান্য মন্ত্রী করিবেন ॥ ৬০ ॥

নির্ব্বর্ত্তেতাস্য যাবদ্ভিরিতি কর্ত্তব্যতা নৃভিঃ।
তাবতোঽতন্দ্রিতান্ দক্ষান্ প্রকুর্ব্বীত বিচক্ষণান্ ॥ ৬১ ॥

নির্ব্বর্ত্তেতেতি। অস্য রাজ্ঞো যৎসংখ্যাকৈর্ম্মনুষ্যৈঃ কর্ম্মজাতং সম্পদ্যতে তৎসংখ্যাকান্মনুষ্যানালস্যশূন্যান্ ক্রিয়াসু সোৎসাহান্ তৎকর্ম্মজ্ঞান্ তত্র কুর্য্যাৎ ॥ ৬১ ॥

রাজার যতগুলি কর্ম্মকারকের প্রয়োজন অর্থাৎ যত লোক দ্বারা রাজকার্য্য সুচারুরূপে চলিতে পারে ততগুলি অনলস যে আপন কর্ম্ম করিতে আলস্য করে না কার্য্যকুশল (যে উৎসাহ সহকারে কার্য্য করে) তৎকর্ম্মের মর্ম্মবেত্তা (কর্ম্ম কার্য্য ভাল বুঝিতে পারে) ততগুলি লোক নিযুক্ত করিবেন ॥ ৬১ ॥

তেষামর্থে নিযুঞ্জীত শূরান্ দক্ষান্ কুলোদ্গতান্।
শুচীনাকরকর্ম্মান্তে ভীরূনন্তর্নিবেশনে ॥ ৬২ ॥

তেষামিতি। তেষাং সচিবানাং মধ্যে বিক্রান্তাংশ্চতুরান্ কুলাঙ্কুশনিয়মিতান্ শুচীন্ অর্থনিঃস্পৃহান্ ধনোৎপত্তিস্থানে নিযুঞ্জীত। অস্যৈবোদাহরণং আকরকর্ম্মান্ত ইতি আকরেষু সুবর্ণাদ্যুৎপত্তিস্থানেষু, কর্ম্মান্তেষু চ ইক্ষুধান্যাদি সংগ্রহস্থানেষু, অন্তর্নিবেশনে ভোজনশয়নগৃহান্তঃপুরাদৌ ধর্ম্মভীরূন্ নিযুঞ্জীত, শূরা হি তত্র রাজানং প্রায়েণৈকাকিনং স্ত্রীবৃতং বা কদাচিৎ শত্রূপজাপদূষিতা হন্যুরপি ॥ ৬২ ॥

উহাদিগের মধ্যে পরাক্রমসম্পন্ন সুচতুর সদ্বংশজাত বিশুদ্ধ স্বভাব (অর্থনিস্পৃহ) চারিজনকে ধনোৎপত্তি স্থানে বিনিয়োগ করিবেন, এবং ইক্ষু ধান্যাদির সংগ্রহ স্থানে, আপন ভবনের নিভৃত স্থানে ভীরুস্বভাব (যে পাপকে ভয় করে) এমত লোক নিযুক্ত করিবেন যেহেতু তাদৃশ স্থানে রাজারা একাকী বা স্ত্রী পরিবৃত হইয়া থাকেন সুতরাং পাপিষ্ঠব্যক্তি শত্রু মন্ত্রণায় রাজাকে নষ্ট করিতে পারে ॥ ৬২ ॥

দূতঞ্চৈব প্রকুর্ব্বীত সর্ব্বশাস্ত্রবিশারদং।
ইঙ্গিতাকারচেষ্টজ্ঞং শুচিং দক্ষং কুলোদ্গতং ॥ ৬৩ ॥

দূতমিতি। দূতঞ্চ দৃষ্টাদৃষ্টার্থশাস্ত্রজ্ঞং, ইঙ্গিতমভিপ্রায়সূচকং বচনস্বরাদি আকারোদেহধর্ম্মাদি মুখপ্রসাদ বৈবর্ণ্যাদিরূপঃ প্রীত্যপ্রীতিসূচকঃ, চেষ্টা করাস্ফালনাদিক্রিয়া কোপাদিসূচিকা তদীয়তত্ত্বজ্ঞং, অর্থদানস্ত্রীব্যসনাদ্যভাবাত্মকশৌচযুক্তং চতুরং কুলীনং কুর্য্যাৎ ॥ ৬৩ ॥

এরূপ লোক দেখিয়া দূতকার্য্যে বিনিয়োগ করিবেন। যিনি সর্ব্বশাস্ত্র বিশারদ হইবেন, নয়নভঙ্গিমাদি ইঙ্গিত বুঝিতে পারিবেন, মুখের প্রসাদ ও মালিন্য দ্বারা রাজার প্রীতি অপ্রীতি বুঝিতে পারিবেন, করতালি, অঙ্গুলি হেলনে মনের ভাব বুঝিতে পারিবেন, বিশুদ্ধস্বভাব হইবেন, কার্য্যে বিলক্ষণ নিপুণ হইবেন, অথচ মহৎ বংশজাত হইবেন ॥ ৬৩ ॥

অনুরক্তঃ শুচির্দক্ষঃ স্মৃতিমান্ দেশকালবিৎ।

বপুষ্মান্ বীতভীর্ব্বাগ্মী দূতোরাজ্ঞঃ প্রশস্যতে ॥ ৬৪ ॥

যস্মাৎ অনুরক্ত ইতি। জনেষু অনুরাগবান্ তেন প্রতিরাজাদেরপি অদ্বেষবিষয়ঃ, অর্থস্ত্রীশৌচযুক্তঃ তেন ধনস্ত্রীদানাদিনাহভেদ্যঃ, দক্ষশ্চতুরঃ তেন কার্য্যকালং নাতিক্রামতি, স্মৃতিমান্ তেন সন্দেশং নবিস্মরতি, দেশকালজ্ঞঃ তেন দেশকালৌ জ্ঞাত্বা অন্যদপি সন্দিষ্টং দেশকালোচিতমন্যথা কথয়তি, সুরূপঃ তেনাদেয়বচনঃ, বিগতভয়ঃ তেনাপ্রিয়সন্দেশস্যাপি বক্তা, বাগ্মী তেন সংস্কৃতাদ্যুক্তিক্ষমঃ, এবংবিধোদূতোরাজ্ঞঃ প্রশস্যোভবতি ॥ ৬৪ ॥

দূত, সকল ব্যক্তিতে অনুরক্ত হইবে, দূত সকলের প্রতি অনুরক্ত হইলে শত্রুরাজেরও দ্বেষের বিষয় হয় না অর্থ স্ত্রীতে শুদ্ধিযুক্ত দূতকে ধন ও স্ত্রী দ্বারা শত্রুরাজা ভেদ করিতে পারে না চতুর দূত কার্য্যকাল অতিক্রম করে না স্মরণশক্তিশালী দূত হইলে রাজার আদেশ বিস্মৃত হয় না দেশকালজ্ঞ দূত দেশকাল বুঝিয়া রাজার আদেশের অতিরিক্ত দেশকালের উচিত অন্য-প্রকার কহিতে পারে, সুরূপ দূতের বাক্য শত্রুরাজা গ্রহণ করে ঘৃণা করে না নির্ভয় দূত অপ্রিয় বাক্য কহিতে ভয় করে না বাগ্মীদূত সংস্কৃতাদি নানাভাষা কহিতে সক্ষম এতাদৃশ দূত প্রশংস নীয় হয় ॥ ৬৪ ॥

অমাত্যে দণ্ডআয়ত্তোদণ্ডে বৈনয়িকী ক্রিয়া।

নৃপতৌ কোষরাষ্ট্রে চ দূতে সন্ধিবিপর্য্যয়ৌ। ৬৫।

অমাত্য ইতি। অমাত্যে সেনাপতৌ হস্ত্যশ্বরথপদাতাদ্যাত্মকোদণ্ড আয়ত্তঃ, তদিচ্ছয়া তস্য কার্য্যেষু প্রবৃত্তেঃ। বিনয়যোগাৎ বৈনয়িকী সোবিনয়ঃ সদণ্ড আয়ত্তঃ, নৃপতাবর্থসঞ্চয়স্থানদেশাবায়ত্তৌ, রাজ্ঞা পরাধীনৌ ন কর্ত্তব্যৌ স্বয়মেব চিন্তনীয়ং ধনং গ্রামশ্চ, দূতে সন্ধিবিগ্রহাবায়ত্তৌ তদিচ্ছয়া তৎপ্রবৃত্তেঃ ॥ ৬৫ ॥

সেনাপতির হস্তি অশ্ব রথ পদাতাদি স্বরূপ দণ্ড আয়ত্ত থাকে উক্ত দণ্ডের বিনয়ক্রিয়া (শিক্ষাকার্য্য) তাঁহারই আয়ত্ত থাকিবে নৃপতিতে কোষ ধনাগার ও গ্রাম আয়ত্ত থাকে এদুই পরাধীন করিবেন না দূতে সন্ধি ও বিপর্য্যয় অর্থাৎ বিগ্রহ আয়ত্ত থাকে অতএব সেনাপতি দূতকে [illegible] শালী করিবেন ॥ ৬৫ ॥

দূতএব হি সন্ধত্তে ভিনত্ত্যেব চ সংহতান্।

দূতস্তৎ কুরুতে কর্ম্ম ভিদ্যন্তে যেন বা ন বা। ৬৬।

দূতএবেতি। যস্মাদ্দূতএব ভিন্নানাং সন্ধিসম্পাদনে ক্ষমঃ সংহতানাঞ্চ ভেদনে তথা পরদেশে দূতস্তৎ কর্ম্ম করোতি যেন সংহতা ভিদ্যন্তে নবাভিদ্যন্তে তস্মাদ্দূতে সন্ধি বিপর্য্যয়ৌ সন্ধি বিগ্রহাবায়ত্তাবিতি যদুক্তং তস্যৈবায়ং প্রপঞ্চঃ ॥ ৬৬ ॥

যেহেতু দূতই ভেদযুক্ত রাজাদিগের সন্ধি করাইতে ও মিলিত রাজার ভেদ করাইতে পারে এবং পর রাজ্যে দূত এমত কর্ম্ম করে যদ্দ্বারা মিলিতের ভেদ হয় এবং ভিন্নের সন্ধি হয় ॥ ৬৬ ॥

স বিদ্যাদস্য কৃত্যেষু নিগূঢ়েঙ্গিত চেষ্টিতৈঃ।
আকারমিঙ্গিতং চেষ্টাং ভৃত্যেষু চ চিকীর্ষিতং ॥ ৬৭ ॥

দূতস্য কার্য্যান্তরমাহ স বিদ্যাদিতি। স দূতোঽস্য প্রতিরাজস্য কর্ত্তব্যে আকারেঙ্গিতচেষ্টা জানীয়াৎ নিগূঢ়া অনুচরাঃ প্রতিপক্ষনৃপস্যৈব পরিজনাঃ তস্মিন্ নিযুক্তাঃ তৎসন্নিধাবপি তেষামিঙ্গিতচেষ্টৈঃ ভৃত্যেষু চ ক্রুদ্ধলুব্ধাপমানিতেষু প্রতিরাজস্য কর্ত্তুমীপ্সিতং জানীয়াৎ ॥ ৬৭ ॥

দূত শত্রুরাজার নিকট নিযুক্ত অনুচরের ইঙ্গিত ও চেষ্টা দ্বারা শত্রুরাজার কর্ত্তব্য বিষয়ে তাহার কিরূপ অভিপ্রায় ইঙ্গিত চেষ্টা তাহা জানিবে ক্রুদ্ধ লুব্ধ ও অপমানিত ভৃত্যবর্গের প্রতি শত্রুরাজার অভিপ্রেত জানিবে ॥ ৬৭ ॥

বুদ্ধা চ সর্ব্বং তত্ত্বেন পররাজচিকীর্ষিতং।
তথা প্রযত্নমাতিষ্ঠেদ্যথাত্মানং ন পীড়য়েৎ ॥ ৬৮ ॥

বুদ্ধা চেতি। উক্তলক্ষণদূতদ্বারেণ প্রতিপক্ষরাজস্য কর্ত্তুমিষ্টং সর্ব্বং তত্ত্বতো জ্ঞাত্বা তথা প্রযত্নং কুর্য্যাৎ যথাত্মনঃ পীড়া ন ভবতি ॥ ৬৮ ॥

উক্ত লক্ষণাক্রান্ত দূত দ্বারা শত্রু রাজার কর্ত্তব্য বিষয়ে যেরূপ অভিপ্রায় যথার্থরূপে অবগত হইয়া এমন সাবধান হইবেন যাহাতে আত্মার কোন পীড়া না হয়। ৬৮ ॥

জাঙ্গলং শস্যসম্পন্নমার্য্যপ্রায়মনাবিলং।
রম্যমানতসামন্তং স্বাজীব্যং দেশমাবসেৎ ॥ ৬৯ ॥

জাঙ্গলমিতি। অল্পোদকতৃণোযস্তু প্রবাতঃ প্রচুরাতপঃ। স জ্ঞেয়ো জাঙ্গলোদেশো বহুধান্যাদি সংযুতঃ। সঞ্চিত ধান্যাদি শস্য সম্পন্ন প্রচুরধার্ম্মিকজনং, রোগোপসর্গাদ্যৈরনাকুলং ফলপুষ্পতরুলতাদিমনোহরং, প্রণতসমীপবাস্তব্যাধিকারাদিজনং সুলভকৃষিবাণিজ্যাদ্যাজীবনমাশ্রিত্য, আবাসং কুর্য্যাৎ ॥ ৬৯ ॥

রাজা এমন স্থানে বসতি করিবেন যেখানে জল ও তৃণ অল্প উত্তম বায়ু ও প্রচুর রৌদ্রের উত্তাপ এবং বহু ধন্যাদি শস্যোৎপত্তি সম্পন্ন, যথায় সঞ্চিত শস্যসম্পত্তি অনেক ধার্ম্মিক লোকের বাস এবং যাহাতে প্রজা সকল রোগ শোকাদিতে পরিহীন যেস্থান ফল

পুষ্প পূর্ণ বৃক্ষলতাদি দ্বারা পরম রমণীয় যথায় প্রতিবেশী মণ্ডল রাজার প্রতি একান্ত অনুরক্ত, এবং কৃষি বাণিজ্যাদিরও সুবিধা থাকে ॥ ৬৯ ॥

ধন্বদুর্গং মহীদুর্গমব্দুর্গং বার্ক্ষমেব বা।
নৃদুর্গং গিরিদুর্গং বা সমাশ্রিত্য বসেৎ পুরং ॥ ৭০ ॥

ধন্বদুর্গমিতি। ধন্বদুর্গং মরুবেষ্টিতং চতুর্দিশং পঞ্চযোজনমনুদকং। মহীদুর্গং পাষাণেন ইষ্টকেন বা বিস্তারাদ্দ্বিগুণেনোচ্ছ্রায়েণ দ্বাদশহস্তাদ্যুচ্ছ্রিতেন যুদ্ধার্থমুপরিভ্রমণ যোগ্যেন সাবরণগবাক্ষাদিযুক্তেন প্রাকারেণ বেষ্টিতং। অব্দুর্গং অগাধোদকেন সর্ব্বতঃ পরিবৃতং। বার্ক্ষদুর্গং, বহিঃ সর্ব্বতো যোজনমাত্রং ব্যাপ্য তিষ্ঠগহাবৃক্ষকণ্টকিগুল্মলতা-দ্যাচিতং। নৃদুর্গং, চতুর্দ্দিগবস্থায়ি হস্ত্যশ্বরথযুক্ত বহুপাদাতরক্ষিতং। গিরিদুর্গং, পর্ব্বত পৃষ্ঠমতিদুরারোহং সংকটৈকমার্গোপেতং অন্তর্নদীপ্রস্রবণাদ্যুদকযুক্তং বহুশস্যোৎপন্ন-ক্ষেত্রবৃক্ষান্বিতং। এতেষু দুর্গেষু মধ্যাদন্যতমং দুর্গমাশ্রিত্য পুরং বিরচয়েৎ ॥ ৭০ ॥

ধন্বদুর্গ যাহার চতুর্দ্দিগে পঞ্চযোজন জলশূন্য মরুভূমি আছে মহীদুর্গ যাহা পাষাণ দ্বারা অথবা ইষ্টকাদি দ্বারা বিস্তার হইতে দ্বিগুণ অর্থাৎ চব্বিশ হস্তেরও অধিক উচ্চ এবং উপরি ভাগে দ্বাদশ হস্ত পরিসর এবং কপাট ও গবাক্ষাদিযুক্ত প্রাচীরে বেষ্টিত, জলদুর্গ অর্থাৎ যাহা চতুর্দ্দিগে অগাধ জলাশয়ে পরিবৃত, বার্ক্ষ দুর্গ, যাহা বাহিরে চতুর্দ্দিগে এক যোজন পরিমিত অতি কণ্টক যুক্ত গুল্মাদি পরিব্যাপ্ত নৃদুর্গ যাহার চতুর্দ্দিক হস্তি অশ্ব রথ যুক্ত বহুল সেনাদি কর্ত্তৃক পরিরক্ষিত গিরিদুর্গ অর্থাৎ পর্ব্বতের উপরিভাগ মনুষ্যের দুর্গম্য একমাত্র দুর্গম্য নিভৃত পথোপেত মধ্যস্থিত নদীর নির্ঝর জলাদিযুক্ত উর্ব্বরা ভূমিজাত বহু ধান্যাদি শস্য সম্পন্ন ও সুবৃক্ষে অন্বিত এইরূপ কোন দুর্গ আশ্রয় করিয়া রাজা বাস করিবেন ॥ ৭০ ॥

সর্ব্বেণ তু প্রযত্নেন গিরিদুর্গং সমাশ্রয়েৎ।
এষাং হি বহুগুণ্যেন গিরিদুর্গং বিশিষ্যতে ॥ ৭১ ॥

সর্ব্বেণেতি। যস্মাদেষাং দুর্গাণাং মধ্যাৎ দুর্গগুণবহুত্বেন গিরিদুর্গমতিরিচ্যতে তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন তদাশ্রয়েৎ গিরিদুর্গে শক্রদুরারোহত্বং মহাপ্রদেশাদল্পপ্রযত্ন প্রেরিত শিলাদিনা বহুবিপক্ষসৈন্যব্যাপাদনমিত্যাদয়ো বহবো গুণাঃ ॥ ৭১ ॥

রাজা সর্ব্বপ্রকার যত্নসহকারে গিরিদুর্গ আশ্রয় করিবেন অন্য দুর্গ হইতে গিরিদুর্গ অনেক গুণ বিশিষ্ট হয় যেহেতু অল্পমাত্র প্রযত্নে পর্ব্বতের উপর হইতে একখণ্ড প্রস্তর নিক্ষেপ করিলে বিপক্ষপক্ষের অনেক সৈন্যের বিনাশ হইয়া যায় ॥ ৭১ ॥

ত্রীণ্যাদ্যান্যাশ্রিতাস্তেষাং মৃগগর্ত্তাশ্রয়াপ্সরাঃ।
ত্রীণ্যুত্তরাণি ক্রমশঃ [illegible]মনরামরাঃ ॥ ৭২ ॥

ত্রীণীতি। এষাং দুর্গাণাং মধ্যাৎ প্রথমোক্তানি ত্রীণি দুর্গাণি মৃগাদয় আশ্রিতাঃ, তত্র ধন্বদুর্গং মৃগৈরাশ্রিতং, মহীদুর্গং গর্ত্তাশ্রিতৈর্মূষিকাদিভিঃ, অব্দুর্গং জলচরৈর্নক্রাদিভিঃ, ইতরাণি ত্রীণি বৃক্ষদুর্গাদীনি, বানরাদয় আশ্রিতাঃ, তত্র বৃক্ষদুর্গং বানরৈরাশ্রিতং নৃদুর্গং মানুষৈঃ, গিরিদুর্গং দেবৈঃ ॥ ৭২ ॥

উক্ত ছয় প্রকার দুর্গের মধ্যে ধন্বদুর্গ মৃগ কর্ত্তৃক আশ্রিত মহীদুর্গ মুষিকাদি কর্ত্তৃক আশ্রিত জল দুর্গ কুম্ভীরাদিদ্বারা আক্রান্ত অবশিষ্ট তিনটীর মধ্যে বৃক্ষ দুর্গ বানরাদি কর্ত্তৃক আশ্রিত নৃদুর্গ মনুষ্য কর্ত্তৃক আশ্রিত এবং গিরিদুর্গ দেবতাদি কর্ত্তৃক আশ্রিত হয় ॥৭২॥

যথা দুর্গাশ্রিতানেতান্নোপহিংসন্তি শত্রবঃ।
তথারয়ো ন হিংসন্তি নৃপং দুর্গসমাশ্রিতং ॥ ৭৩ ॥

যথেত্যাদি। যথৈতান্ দুর্গবাসিনো মৃগাদীন্ ব্যাধাদয়ঃ শত্রবো, ন হিংসন্তি এবং দুর্গাশ্রিতং রাজানং ন শত্রবঃ ॥ ৭৩ ॥

জন্তুসকলের দুর্গ আশ্রয় করিবার তাৎপর্য্য বলিতেছেন যেরূপ এই সকল দুর্গাশ্রিত মৃগাদিকে ব্যাধেরা হিংসা করিতে পারে না এমনি দুর্গাশ্রিত রাজাকে শত্রু রাজারা কোন মতে হিংসা করিতে পারে না ॥ ৭৩ ॥

একঃ শতং যোধয়তি প্রাকারস্থো ধনুর্দ্ধরঃ।
শতং দশসহস্রাণি তস্মাদ্দুর্গং বিধীয়তে ॥ ৭৪ ॥

একইতি। যস্মাদেকো ধানুষ্কঃ প্রাকারস্থঃ, শত্রূণাং শতং যোধয়তি, প্রাকারস্থং ধানুষ্কশতঞ্চ শত্রূণাং দশসহস্রাণি। তস্মাদ্দুর্গং কর্ত্তুমুপদিশ্যতে ॥ ৭৪ ॥

প্রাকারস্থিত অর্থাৎ দুর্গাশ্রিত এক জন যোদ্ধা শত্রুপক্ষের একশত সৈন্যের সহিত যুদ্ধ করিতে সমর্থ হয়, এবং একশত যোদ্ধা দশসহস্র যোদ্ধার সহিত যুদ্ধ করিতে শক্ত অতএব রাজা অবশ্যই দুর্গ নির্ম্মাণ করিবেন ॥ ৭৪ ॥

তৎ স্যাদায়ুধসম্পন্নং ধনধান্যেন বাহনৈঃ।
ব্রাহ্মণৈঃ শিল্পিভির্যন্ত্রৈর্যবসেনোদকেন চ ॥ ৭৫ ॥

তদিত্যাদি। তদ্দুর্গং খড়্গাদ্যায়ুধৈর্সুবর্ণাদিধনধান্যকরিতুরগাদিবাহনব্রাহ্মণভক্ষ্যাদিশিল্পিযন্ত্রঘাসোদকসমৃদ্ধং কুর্য্যাৎ ॥ ৭৫ ॥

নির্ম্মিত দুর্গ অনেক অস্ত্রশস্ত্রাদি সম্পন্ন হইবে সুবর্ণ ধনধান্যাদি যুক্ত হইবে করিতুরগাদি বাহনে পরিপূর্ণ হইবে ব্রাহ্মণের ভক্ষ্যাদি দ্রব্য নির্ম্মাণকারী অশেষ শিল্পকর ও অনেক প্রকার যন্ত্র থাকিবে অনেক ঘাস উদকে সমৃদ্ধি যুক্ত হইবে ॥ ৭৫ ॥

তস্য মধ্যে সুপর্য্যাপ্তং কারয়েদ্গৃহমাত্মনঃ।
গুপ্তং সর্ব্বর্ত্তুকং শুভ্রং জলবৃক্ষসমন্বিতং ॥ ৭৬ ॥

তস্যেত্যাদি। তস্য দুর্গস্য মধ্যে, সুপর্য্যাপ্তং পৃথক্ পৃথক্ স্ত্রীগৃহদেবাগারায়ুধাগারাগ্নিশালাদিযুক্তং পরিখাপ্রাকারাদ্যৈর্গুপ্তং সর্ব্বর্ত্তুফলপুষ্পাদিযোগেন সর্ব্বর্ত্তুকং, সুধাধবলিতং, বাপ্যাদিজলযুক্তং বৃক্ষান্বিতমাত্মনো গৃহং কারয়েৎ ॥ ৭৬ ॥

রাজা উক্ত দুর্গ মধ্যে আপনার এমন গৃহ নির্ম্মাণ করাইবেন যাহা পৃথক পৃথক রূপে স্ত্রী গৃহ দেবালয় খড়্গাদি অস্ত্রাগার অগ্নি গৃহ ইত্যাদি সংযুক্ত হয় পরিখা উচ্চ প্রাকারাদিতে পরিরক্ষিত হিম শিশিরাদি সকল ঋতুর ফল পুষ্পাদিতে সংযুক্ত এবং বাপীকূপাদিজল ও উত্তম উত্তম বৃক্ষাদি সমন্বিত হয় ॥ ৭৬ ॥

তদধ্যাস্যোদ্বহেদ্ভার্য্যাং সবর্ণাং লক্ষণান্বিতাং।
কুলে মহতি সম্ভূতাং হৃদ্যাং রূপগুণান্বিতাং ॥ ৭৭ ॥

তদিত্যাদি। তদ্গৃহমাশ্রিত্য সমানবর্ণাং শুভসূচকলক্ষণোপেতাং মহাকুলপ্রসূতাং মনোহারিণীং সুরূপাং গুণবতীং ভার্য্যামুদ্বহেৎ ॥ ৭৭ ॥

এতাদৃশ গৃহে বাস করিয়া সমান বর্ণা এবং শুভসূচক লক্ষণান্বিতা এবং মহাকুলপ্রসূতা মনোহারিণী সুরূপা গুণবতী ভার্য্যাকে বিবাহ করিবেন ॥ ৭৭ ॥

পুরোহিতঞ্চ কুর্ব্বীত বৃণুয়াদেব চর্ত্বিজং।
তেঽস্য গৃহ্যাণি কর্ম্মাণি কুর্য্যুর্বৈতানিকানি চ ॥ ৭৮ ॥

পুরোহিতমিতি। পুরোহিতঞ্চাথর্ব্বণবিধিনা কুর্ব্বীত, ঋত্বিজঞ্চ কর্ম্মাণি কর্ত্তুং বৃণুয়াৎ, তে চাস্য রাজ্ঞো গৃহ্যোক্তানি ত্রেতাসম্পাদ্যানি, কর্ম্মাণি কুর্য্যুঃ ॥ ৭৮ ॥

মারণোচ্চাটন বশীকরণাদি অথর্ব্ববেদোক্ত কর্ম্ম করিবার জন্য পুরোহিতকে ও যজ্ঞাদি কর্ম্ম সম্পাদনের নিমিত্ত ঋত্বিককে বরণ করিবেন। ঐ পুরোহিত ও ঋত্বিক আপনার কর্ম্মকাণ্ডীয় বেদোক্ত কর্ম্ম সকল এবং দাক্ষিণাগ্নি আহবনীয়াগ্নি ও গার্হপত্য অগ্নি কর্ত্তব্য কার্য্য সকল সম্পাদন করিবেন ॥ ৭৮ ॥

যজেত রাজা ক্রতুভির্ব্বিবিধৈরাপ্তদক্ষিণৈঃ।
ধর্ম্মার্থঞ্চৈব বিপ্রেভ্যো দদ্যাদ্ভোগান্ ধনানি চ ॥ ৭৯ ॥

যজেতেতি। রাজা নানা প্রকারান্ বহুদক্ষিণান্ অশ্বমেধাদিযজ্ঞান্ কুর্য্যাৎ। ব্রাহ্মণেভ্যশ্চ, স্ত্রীগৃহ শয্যাদীন্ ভোগান্ সুবর্ণবস্ত্রাদীনি ধনানি চ দদ্যাৎ ॥ ৭৯ ॥

নানা প্রকার বহুদক্ষিণক অশ্বমেধাদি যাগ করিবেন এবং ব্রাহ্মণ দিগকে স্ত্রী গৃহ শয্যাদি ও সুবর্ণ বস্ত্রাদি দান করিবেন ॥ ৭৯ ॥

সাংবৎসরিকমাপ্তৈশ্চ রাষ্ট্রাদাহারয়েদ্বলিং।
স্যাচ্চাম্নায়পরো লোকে বর্ত্তেত পিতৃবন্নৃষু ॥ ৮০ ॥

সাম্বৎসরিকমিতি। রাজা শক্তৈরমাত্যৈর্বর্ষগ্রাহ্যং ধান্যাদিভাগমানায়য়েৎ, লোকে চ করাদি গ্রহণে শাস্ত্রনিষ্ঠঃ স্যাৎ, স্বদেশবাসিষু নরেষু পিতৃবৎ স্নেহাদিনা বর্ত্তেত॥ ৮০॥

রাজা রাজ্য মধ্যে প্রজাদিগের নিকট হইতে সাম্বৎসরিক কর গ্রহণ করিবেন এবং শাস্ত্রানুসারে ঐকর গ্রহণ করিবেন স্বরাজ্যস্থিত প্রজাদিগের প্রতি পিতার ন্যায় ব্যবহার করিবেন॥ ৮০॥

অধ্যক্ষান্ বিবিধান্ কুর্য্যাত্তত্র তত্র বিপশ্চিতঃ।
তেঽস্য সর্ব্বাণ্যবেক্ষেরন্ নৃণাং কার্য্যাণি কুর্ব্বতাং॥ ৮১॥

অধ্যক্ষানিতি। তত্র তত্র হস্ত্যশ্বরথপদাত্যর্থাদিস্থানেষধ্যক্ষানবেক্ষিতৃন্ বিবিধান্ পৃথক্ পৃথক্, বিপশ্চিতঃ কর্ম্মকুশলান্ কুর্য্যাৎ তে চাস্য রাজ্ঞঃ তেষু হস্ত্যশ্বাদিস্থানেষু মনুষ্যাণাং কার্য্যাণি কুর্ব্বতাং সর্ব্বাণি কার্য্যাণি সম্যক্ করণার্থমবেক্ষেরন্॥ ৮১॥

যে স্থলে হস্তি অশ্ব রথ পদাতি রূপ অর্থাদি থাকিবে রাজা তাহার কার্য্যদর্শক নানা প্রকার কার্য্যকুশল ব্যক্তিব্যূহ নিযুক্ত করিবেন নিযুক্ত ব্যক্তিরা নীচপদস্থ কর্ম্মকার দিগের কর্ম্ম সমুদয় দেখিবেন॥ ৮১॥

আবৃত্তানাং গুরুকুলাদ্বিপ্রাণাং পূজকো ভবেৎ।
নৃপাণামক্ষয়ো হ্যেষ নিধির্ব্রাহ্মোঽভিধীয়তে॥ ৮২॥

আবৃত্তানামিতি। গুরুকুলান্নিবৃত্তানাং অধীতবেদানাং ব্রাহ্মণানাং গার্হস্থ্যার্থিনাং নিয়মতোধনধান্যেন পূজাং কুর্য্যাৎ। যস্মাদ্যোঽয়ং ব্রাহ্মোব্রাহ্মণেষু স্থাপিতধনধান্যাদিনিধিরিব নিধিঃ অক্ষয়োব্রহ্মফলত্বাৎ অবিনাশী রাজ্ঞাং শাস্ত্রেণোপদিশ্যতে॥ ৮২॥

যাঁহারা উপনয়নানন্তর বিদ্যার জন্য গুরু গৃহে বাস করিয়া কৃতবিদ্য হইয়া গৃহস্থাশ্রম করিবেন উপযুক্ত মত ধন ধান্যাদি দ্বারা রাজা তাঁহাদিগের পূজা করিবেন॥ ৮২॥

ন তং স্তেনা নচামিত্রা হরন্তি ন চ নশ্যতি।
তস্মাদ্রাজ্ঞা নিধাতব্যো ব্রাহ্মণেষ্বক্ষয়ো নিধিঃ॥ ৮৩॥

অতএব ন তমিতি। তং ব্রাহ্মণস্থাপিতনিধিং ন চৌরা নাপি শত্রবোঽহরন্তি অন্য নিধিবৎ ভূম্যাদিস্থাপিতঃ কালবশান্ন নশ্যতি স্থানভ্রান্ত্যা বাদর্শনমুপৈতি তস্মাদ্যোঽয়মক্ষয়োঽনন্তফলোনিধিরিব নিধিঃ ধনৌঘঃ স রাজ্ঞা ব্রাহ্মণেষু নিধাতব্যঃ দেভ্যোদেয় ইত্যর্থঃ॥ ৮৩॥

ইতর নিধির ন্যায় ব্রাহ্মণে অর্পিত ভূম্যাদি রূপ নিধি চৌরেরা চুরি করিতে পারে না শত্রুরা অপহরণ করিতে সমর্থ হয় না আর তাঁর নিধি কালে নষ্ট হয় স্থান ভ্রমে অদৃষ্ট হয় কিন্তু ব্রাহ্মণে অর্পিত ধান্যাদি রূপ নিধি অক্ষয় ফল করিয়া দেয় মন্বাদি নির্দিষ্ট করিয়াছেন॥ ৮৩॥

ন স্কন্দতে ন ব্যথতে ন বিনশ্যতি কর্হিচিৎ।
বরিষ্ঠমগ্নিহোত্রেভ্যো ব্রাহ্মণস্য মুখে হুতং॥ ৮৪॥

নেত্যাদি। অগ্নৌ যৎ হবির্হূয়তে তৎ কদাচিৎ স্কন্দতে স্রবত্যধঃপততি, কদাচিদ্ব্যথতে শুষ্যতি, কদাচিদ্দাহাদিনা নশ্যতি, ব্রাহ্মণস্য মুখে যদ্ধুতং পাণৌ হ্যেষ হি দ্বিজঃ স্মৃতইতি ব্রাহ্মণহস্তদত্তমিত্যর্থঃ তস্য নোক্তা দোষাঃ, তস্মাদগ্নিহোত্রাদিভ্যঃ শ্রেষ্ঠং ব্রাহ্মণায় দানমিত্যর্থঃ॥ ৮৪॥

অগ্নিতে হোম করিতে গেলে কখন ঘৃতের অধঃপতন হয় কিন্তু ব্রাহ্মণ হস্তে যে হবিঃ হুত হয় তাহা কখন দ্রব হয় না শুষ্ক হয় না ও দাহাদি দ্বারা বিনষ্ট হয় না, ইহা অগ্নিহোত্র হোমের ফল হইতেও অধিক ফলজনক হয়॥ ৮৪॥

সমমব্রাহ্মণে দানং দ্বিগুণং ব্রাহ্মণব্রুবে।
প্রাধীতে শতসাহস্রমনন্তং বেদপারগে॥ ৮৫॥

সমমিত্যাদি। ব্রাহ্মণেতরক্ষত্রাদিবিষয়ে যদ্দানং তৎ সমফলং, যস্য দেয়দ্রব্যস্য যৎ ফলং শ্রুতং ততোনাধিকং ন চ ন্যূনং ভবতি, যোব্রাহ্মণঃ ক্রিয়ারহিত আত্মানং ব্রাহ্মণং ব্রবীতি স ব্রাহ্মণব্রুবঃ তদ্বিষয়দানং পূর্বাপেক্ষয়া দ্বিগুণফলং, এবং প্রাধীতে প্রক্রান্তাধ্যয়নে ব্রাহ্মণে লক্ষগুণং ফলং, সমস্তশাখাধ্যায়িন্যনন্তফলং সহস্রগুণমাচার্য্যে ইতি বা তৃতীয়পাদস্য পাঠঃ॥ ৮৫॥

ক্ষত্রিয়াদিকে যাহা দান করা যায় তাহাতে সম ফল হয় অর্থাৎ যে দ্রব্য দানে যে ফল শাস্ত্রে বিহিত আছে তাহাই হয় আর যাহারা অহং ব্রাহ্মণঃ অহং ব্রাহ্মণঃ এতাবন্মাত্র বলে কিন্তু কোন জ্ঞান নাই ইহাদিগকে দান করিলে পূর্বাপেক্ষা দ্বিগুণ ফল হয় যে ব্রাহ্মণ অধ্যয়ন করিতে আরম্ভ করিতেছে তাহাকে দান করিলে লক্ষগুণ ফল হয় সমস্ত বেদশাখাধ্যেতা বেদপারগ ব্রাহ্মণকে দানে অনন্ত ফল হয়॥ ৮৫॥

পাত্রস্য হি বিশেষেণ শ্রদ্দধানতয়ৈব চ।
অল্পং বা বহু বা প্রেত্য দানস্যাবাপ্যতে ফলং॥ ৮৬॥

পাত্রস্যেতি। বিদ্যাতপোবৃত্তিযুক্ততয়া পাত্রস্য তারতম্যমপেক্ষ্য শাস্ত্রার্থে তথেতি প্রত্যয়রূপায়াঃ শ্রদ্ধায়াস্তারতম্যেন চ পাত্রমাসাদ্য দানস্যাল্পং মহদ্বা ফলং পরলোকে লভ্যতে॥ ৮৬॥

বিদ্যা তপস্যা ও শিলোঞ্ছাদি বৃত্তিভেদে পাত্রের তারতম্য অর্থাৎ ন্যূনাধিক্যে এবং শাস্ত্র প্রতিপাদ্য ধর্ম বিষয়ে দৃঢ় জ্ঞানকে শ্রদ্ধা বলা যায় উক্ত শ্রদ্ধার তারতম্যে অর্থাৎ ন্যূনাধিকে পরলোকে অল্প ফল মহৎ ফল হয় অল্প দ্রব্য অধিক দ্রব্য হউক তাহাতে ক্ষতি নাই। ৮৬॥

সমোত্তমাধমৈ রাজা ত্বাহূতঃ পালয়ন্ প্রজাঃ।
ন নিবর্ত্তেত সংগ্রামাৎ ক্ষাত্রং ধর্ম্মমনুস্মরন্ ॥ ৮৭ ॥

সমোত্তমেতি। সমবলেনাধিকবলেন, হীনবলেন চ রাজ্ঞা যুদ্ধার্থমাহূতো রাজা প্রজারক্ষণং কুর্ব্বন্ যুদ্ধান্ন নিবর্ত্তেত ক্ষত্রিয়েণ যুদ্ধার্থমাহূতেনাবশ্যং যোদ্ধব্যমিতি ক্ষাত্রং ধর্ম্মং স্মরন্ ॥ ৮৭ ॥

আপনার তুল্য বল বা আপনা হইতে প্রবল অথবা হীনবল অন্য কোন রাজা যুদ্ধে আহ্বান করিলে "যুদ্ধই রাজাদিগের ধর্ম্ম" ইহা স্মরণ করিয়া সংগ্রাম হইতে নিবৃত্ত হইবেন না ॥ ৮৭ ॥

সংগ্রামেষ্বনিবর্ত্তিত্বং প্রজানাঞ্চৈব পালনং।
শুশ্রূষা ব্রাহ্মণানাঞ্চ রাজ্ঞাং শ্রেয়স্করং পরং ॥ ৮৮ ॥

যস্মাৎ সংগ্রামেষ্বিতি। যুদ্ধেষ্বপরাঙ্মুখত্বং, প্রজানাঞ্চ রক্ষণং, ব্রাহ্মণপরিচর্য্যা এতত্রাজ্ঞামতিশয়িতং স্বর্গাদিশ্রেয়ঃ সাধনং ॥ ৮৮ ॥

যুদ্ধে বিমুখ না হওয়া, এবং সুন্দর রূপে প্রজা পালন, এবং ব্রাহ্মণের সেবা করা রাজাদিগের পরম মঙ্গলদায়ক হয় ॥ ৮৮ ॥

আহবেষু মিথোঽন্যোন্যং জিঘাংসন্তো মহীক্ষিতঃ।
যুধ্যমানাঃ পরং শক্ত্যা স্বর্গং যান্ত্যপরাঙ্মুখাঃ ॥ ৮৯ ॥

অতএব আহবেষ্বিতি। রাজানোমিথঃস্পর্দ্ধমানা যুদ্ধেষ্বন্যোন্যং হন্তুমিচ্ছন্তঃ প্রকৃষ্টয়া শক্ত্যা সংমুখীভূয় যুধ্যমানাঃ স্বর্গং গচ্ছন্তি। যদ্যপি যুদ্ধস্য শত্রুজয়ধনলাভাদিরূপং দৃষ্টমেব ফলং ন স্বর্গস্তথাপি যুদ্ধাশ্রিতাপরাঙ্মুখত্বনিয়মস্য স্বর্গঃ ফলমিতি ন দোষঃ ॥ ৮৯ ॥

রাজারা যুদ্ধে পরাঙ্মুখ না হইয়া পরস্পর স্পর্দ্ধা পুরঃসর যুদ্ধে পরস্পরের হননেচ্ছায় প্রবৃত্ত হইয়া যথাশক্তি যুদ্ধ করিয়া মৃত হইলে স্বর্গে গমন করেন যুদ্ধে রাজ্য লাভাদি দৃষ্ট ফল, ও যুদ্ধে অপরাঙ্মুখের স্বর্গরূপ অদৃষ্ট ফল লাভ হয় ॥ ৮৯ ॥

ন কূটৈরায়ুধৈর্হন্যাৎ যুধ্যমানো রণে রিপূন্।
ন কর্ণিভির্নাপি দিগ্ধৈর্নাগ্নিজ্বলিততেজনৈঃ ॥ ৯০ ॥

নেত্যাদি। কূটান্যায়ুধানি বহিঃকাষ্ঠাদিময়ানি অন্তর্গুপ্তনিশিতশস্ত্রাণি তৈঃ, সমরে যুধ্যমানঃ শত্রূন্ন হন্যাৎ নাপি কর্ণ্যাকারফলকৈর্ব্বাণৈঃ, নাপি বিষাক্তৈঃ, নাপ্যগ্নিদীপ্তফলকৈঃ ॥ ৯০ ॥

কূটাস্ত্র দ্বারা রাজা যুদ্ধ করিবেন না যাহার বাহিরে কাষ্ঠ ভিতরে দীপ্তাস্ত্র (গুপ্তি) তাহাকে কূটাস্ত্র বলা যায় কর্ণ্যাকার ফলকযুক্ত বাণ দ্বারা যুদ্ধ করিবেন না বিষাক্ত বাণদ্বারা যুদ্ধ করিবেন না অগ্নি দ্বারা দীপ্ত ফলক বাণে যুদ্ধ করিবেন না ॥ ৯০ ॥

ন চ হন্যাৎ স্থলারূঢ়ং ন ক্লীবং ন কৃতাঞ্জলিং।
ন মুক্তকেশং নাসীনং ন তবাস্মীতি বাদিনং॥ ৯১॥

নচেতি। স্বয়ং রথস্থোরথং ত্যক্ত্বা স্থলারূঢ়ং ন হন্যাৎ। তথা নপুংসকং, বদ্ধাঞ্জলিং, মুক্তকেশং, উপবিষ্টং, ত্বদীয়োঽহমিত্যেবং বাদিনং, ন হন্যাৎ॥ ৯১॥

রথস্থ ব্যক্তি রথ ত্যাগ করিয়া স্থানস্থিত শত্রুর হিংসা করিবেন না নপুংসককে নষ্ট করিবেন না কৃতাঞ্জলি শত্রুকে নষ্ট করিবেন, না মুক্তকেশ এবং যুদ্ধে নিবৃত্ত হইয়া আসনে আসীন ইহাদিগকে নষ্ট করিবেন না তোমার আমি বলিয়া আত্মসমর্পণ করিলে তাহাকে নষ্ট করিবেন না॥ ৯১॥

ন সুপ্তং ন বিসন্নাহং ন নগ্নং ন নিরায়ুধং।
নাযুধ্যমানং পশ্যন্তং ন পরেণ সমাগতং॥ ৯২॥

ন সুপ্তমিতি। সুপ্তং, মুক্তসন্নাহং, বিবস্ত্রং অনায়ুধমযুধ্যমানং, প্রেক্ষকমন্যেন সহ যুধ্যমানঞ্চ, ন হন্যাৎ॥ ৯২॥

যে নিদ্রিত বা বর্ম্মবিহীন অথবা উলঙ্গ কিম্বা নিরস্ত্র যে অযুধ্যমান কেবল দর্শনার্থ আগত, যে অন্যের সহিত যুদ্ধ করিতেছে এসকলকে হিংসা করিবেন না॥ ৯২॥

নায়ুধব্যসনপ্রাপ্তং নার্ত্তং নাতিপরীক্ষতং।
ন ভীতং ন পরাবৃত্তং সতাং ধর্ম্মমনুস্মরন্॥ ৯৩॥

নেত্যাদি। ভগ্নখড়্গাদ্যায়ুধং, পুত্রশোকাদিনা আর্ত্তং, বহুপ্রহারাকুলং ভীতং, যুদ্ধপরাঙ্মুখঞ্চ, শিষ্টক্ষত্রিয়াণাং ধর্ম্মং স্মরন্ ন হন্যাৎ॥ ৯৩॥

যাহার অস্ত্র শস্ত্রাদি ভগ্ন হইয়াছে যুদ্ধে মৃতপুত্রাদি শোকে কাতর হইয়াছে, শত্রুর অস্ত্র শস্ত্র দ্বারা যাহার সর্ব্বাঙ্গ ক্ষত বিক্ষত হইয়াছে এবং যে ভীত হইয়া যুদ্ধে পরাঙ্মুখ হইতেছে এসকলকে রাজা হিংসা করিবেন না॥ ৯৩॥

যস্তু ভীতঃ পরাবৃত্তঃ সংগ্রামে হন্যতে পরৈঃ।
ভর্ত্তুর্যদ্দুষ্কৃতং কিঞ্চিৎ তৎ সর্ব্বং প্রতিপদ্যতে॥ ৯৪॥

যস্ত্বিতি। যস্তু যোধোভীতঃ পরাঙ্মুখঃ সন্ যুদ্ধে শত্রুভির্হন্যতে স পোষণকর্ত্তুঃ প্রভোর্যদ্দুষ্কৃতং তৎ সর্ব্বং প্রাপ্নোতি। শাস্ত্রপ্রমাণকে চ সুকৃতদুষ্কৃতে যথা শাস্ত্রং সংক্রমযোগ্যে এব সিদ্ধ্যতঃ, অতএবোপজীব্যশাস্ত্রেণ বাধনাৎ ন প্রতিপক্ষানুমানোদয়োঽপি, এতচ্চ বক্ষ্যে, প্রিয়েষু স্বেষু সুকৃতমিত্যত্রাবিকৃতসম্মাতিঃ। পরাঙ্মুখহতস্য ন্যাৎ পাপমেতদ্বিবক্ষিতং। নত্বত্র প্রভুপাপং স্যাদিতি গোবিন্দরাজকঃ। মেধাতিথিস্তু অর্থবাদমাত্রমেতন্নিরূপয়ন্। মন্যে নৈতদ্দ্বয়ং যুক্তং ব্যক্তমস্বর্থবর্জনাৎ। অন্যাদীয়পুণ্য-

পাপে অন্যত্র সংক্রমেতে ইতি শাস্ত্রপ্রামাণ্যাদ্বেদান্তসূত্রকৃতা বাদরায়ণেন নির্ণীতোঽয়-মর্থ ইতি যথোক্তমেব রমণীয়ং ॥ ৯৪ ॥

যে সংগ্রামে পরাবৃত্ত হইয়া সভয় মনে রণে ভঙ্গ দিয়া পলায়নপর হইয়া শত্রুকর্তৃক হত হয় সে তাহার পোষণ কর্তার পাপরাশি প্রাপ্ত হয় ॥ ৯৪ ॥

যচ্চাস্য সুকৃতং কিঞ্চিদমুত্রার্থমুপার্জ্জিতং ।
ভর্ত্তা তৎ সর্ব্বমাদত্তে পরাবৃত্তহতস্য তু ॥ ৯৫ ॥

যচ্চেত্যাদি। পরাঙ্মুখহতস্য যৎ কিঞ্চিৎ সুকৃতং পরলোকার্থমনেনার্জ্জিতমস্তি তৎ সর্ব্বং প্রভুর্লভতে ॥ ৯৫ ॥

যুদ্ধে পরাবৃত্ত হইয়া যে শত্রু কর্তৃক হত হয় তাহার পরলোকের জন্য যাহা কিছু সঞ্চিত পুণ্য থাকে তাহা তাহার ভর্ত্তা প্রাপ্ত হয় ॥ ৯৫ ॥

রথাশ্বং হস্তিনং ছত্রং ধনং ধান্যং পশূন্ স্ত্রিয়ঃ ।
সর্ব্বদ্রব্যাণি কুপ্যঞ্চ যো যজ্জয়তি তস্য তৎ ॥ ৯৬ ॥

রাজ্ঞঃ স্বামিনঃ সর্ব্বধনগ্রহণে প্রাপ্তে তদপবাদার্থমাহ রথাশ্বমিত্যাদি। রথাশ্ব-হস্তিচ্ছত্রবস্ত্রাদি ধনধান্যগবাদি দাস্যাদিস্ত্রিয়ঃ সর্ব্বাণি দ্রব্যাণি গুড়লবণাদীনি কুপ্যঞ্চ সুবর্ণরজতব্যতিরিক্তং তাম্রাদিধনং যঃ পৃথগ্জিত্বা গৃহ্নমানয়তি তস্যৈব তদ্ভবতি সুবর্ণরজতরত্নাদ্যনপকৃষ্টধনন্তু রাজ্ঞএব সমর্পণীয়ং এতদর্থমেবাত্র পরিগণনেয়ং ॥ ৯৬ ॥

রথ অশ্ব হস্তী ছত্র বস্ত্রাদি ধন ধান্য গবাদি পশু দাস্যাদি স্ত্রী গুড়লবণাদি দ্রব্য তাম্রাদি তৈজস ধন এসকল পৃথক যুদ্ধে যে ব্যক্তি যাহা প্রাপ্ত হইবে সে তাহারই হইবে ॥ ৯৬ ॥

রাজ্ঞশ্চ দদ্যুরুদ্ধারমিত্যেষা বৈদিকী শ্রুতিঃ ।
রাজা চ সর্ব্বযোধেভ্যো দাতব্যমপৃথগ্জিতং ॥ ৯৭ ॥

অতএবাহ রাজ্ঞইত্যাদি। উদ্ধারং যোদ্ধারোরাজ্ঞে দদ্যুঃ উদ্ধ্রিয়ত ইত্যুদ্ধারঃ জিতধনাদুৎকৃষ্টধনং সুবর্ণরজতভূম্যাদি রাজ্ঞে সমর্পণীয়ং করিতুরগাদি বাহনমপি রাজ্ঞে দেয়ং বাহনঞ্চ রাজ্ঞউদ্ধারশ্চেতি গোতমবচনাৎ উদ্ধারদানে চ শ্রুতিঃ ইন্দ্রোবৈ বৃত্রং হত্বেত্যুপক্রম্য স মহান্ ভূত্বা দেবতা অব্রবীৎ উদ্ধারং সমুদ্ধরতেতি। রাজ্ঞা চাপৃথগ্-জিতং সহজিতং সর্ব্বযোধেভ্যো যথা পৌরুষং সংবিভজনীয়ং ॥ ৯৭ ॥

কিন্তু যে যাহা প্রাপ্ত হইয়াছে সে তাহার তন্মধ্যে সুবর্ণ রজতাদি উৎকৃষ্ট ধন ও করি তুরগাদি বাহন যাহা যুদ্ধোপযুক্ত তাহা রাজাকে অর্পণ করিবেন তদ্ব্যতিরিক্ত যে যাহা প্রাপ্ত হইয়াছে সে তাহারই হইবে আর পৃথক্রূপে বিজিত দ্রব্য সকল রাজা যোদ্ধাগণকে বণ্টন করিয়া দিবেন ॥ ৯৭ ॥

এষোঽনুপস্কৃতঃ প্রোক্তো যোধধর্ম্মঃ সনাতনঃ।
অস্মাদ্ধর্ম্মান্ন চ্যবেত ক্ষত্রিয়ো ঘ্নন্ রণে রিপূন্ ॥ ৯৮ ॥

এষ ইত্যাদি। অবিগর্হিত এষোঽনাদিসর্গপ্রবাহসম্ভবতয়া নিত্যোযোধধর্ম্ম উক্তঃ যুদ্ধে শত্রূন্ হিংসন্ ক্ষত্রিয়এতং ধর্ম্মং নত্যজেৎ যুদ্ধাধিকারিত্বাৎ ক্ষত্রিয়গ্রহণং অন্যোঽপি তৎস্থান পতিতো ন ত্যজেৎ ॥ ৯৮ ॥

এই যোদ্ধাদিগের নিত্যধর্ম্ম তোমাদিগকে বলিলাম এধর্ম্ম হইতে ক্ষত্রিয় রাজা অথবা রাজ ধর্ম্মাক্রান্ত যে কোন ব্যক্তি এরূপ ধর্ম্ম হইতে যেন কোনমতে হীন হইবেন না ॥ ৯৮ ॥

অলব্ধঞ্চৈব লিপ্সেত লব্ধং রক্ষেৎ প্রযত্নতঃ।
রক্ষিতং বর্দ্ধয়েচ্চৈব বৃদ্ধং পাত্রেষু নিঃক্ষিপেৎ ॥ ৯৯ ॥

অলব্ধমিতি। অজিতং ভূমিহিরণ্যাদি জেতুমিচ্ছেৎ জিতং প্রযত্নতোরক্ষেৎ রক্ষিতঞ্চ বাণিজ্যাদিনা বর্দ্ধয়েৎ বৃদ্ধঞ্চ পাত্রেভ্যোদদ্যাৎ ॥ ৯৯ ॥

রাজা অজিত ভূমিও হিরণ্যাদিধন লাভ করিতে ইচ্ছা করিবেন জয়প্রাপ্তধন যত্নসহকারে রক্ষা করিবেন কৃষিবাণিজ্যাদি দ্বারা লব্ধ ধন বর্দ্ধন করিবেন বর্দ্ধিত ধন ব্রাহ্মণাদি সৎপাত্রে অর্পণ করিবেন ॥ ৯৯ ॥

এতচ্চতুর্ব্বিধং বিদ্যাৎ পুরুষার্থপ্রয়োজনং।
অস্য নিত্যমনুষ্ঠানং সম্যক্কুর্য্যাদতন্দ্রিতঃ ॥ ১০০ ॥

এতদিতি। এতচ্চতুঃপ্রকারং পুরুষার্থো যঃ স্বর্গাদিস্তৎ প্রয়োজনং যস্মাদেবং রূপং জানীয়াৎ অতোঽনলসঃ সন্ সর্ব্বদা অস্যানুষ্ঠানং কুর্য্যাৎ ॥ ১০০ ॥

এই চারিপ্রকার কর্ম্ম স্বর্গাদির সাধন হয় রাজা নিরলস হইয়া সর্ব্বদা ইহার অনুষ্ঠান করিবেন ॥ ১০০ ॥

অলব্ধমিচ্ছেদ্দণ্ডেন লব্ধং রক্ষেদবেক্ষয়া।
রক্ষিতং বর্দ্ধয়েদ্বৃদ্ধ্যা বৃদ্ধং দানেন নিঃক্ষিপেৎ ॥ ১০১ ॥

অলব্ধমিতি। যদলব্ধং তদ্ধস্ত্যশ্বরথপাদাতাত্মকেন দণ্ডেন জেতুমিচ্ছেৎ জিতঞ্চ প্রত্যবেক্ষণেন রক্ষেৎ রক্ষিতঞ্চ বৃদ্ধ্যুপায়েন স্থলজলপথবাণিজ্যাদিনা বর্দ্ধয়েৎ বৃদ্ধং শাস্ত্রীয়বিভাগেন পাত্রেভ্যো দদ্যাৎ ॥ ১০১ ॥

রাজা হস্তি অশ্বরথ পদাতিস্বরূপ দণ্ড দ্বারা অলব্ধ জনপদ লাভ করিতে ইচ্ছা করিবেন প্রত্যবেক্ষণ দ্বারা লব্ধবস্তু বিঘ্ন হইতে রক্ষা করিবেন রক্ষিত ধন স্থল জল পথে বাণিজ্যাদি দ্বারা বর্দ্ধিত করিবেন বৃদ্ধধন শাস্ত্রোক্ত অংশ করিয়া পাত্রসাৎ করিবেন ॥ ১০১ ॥

নিত্যমুদ্যতদণ্ডঃ স্যান্নিত্যং বিবৃতপৌরুষঃ।
নিত্যং সংবৃতসংবার্য্যো নিত্যং ছিদ্রানুসার্য্যরেঃ ॥ ১০২ ॥

নিত্যমিতি। নিত্যং হস্ত্যশ্বাদিযুদ্ধাদি শিক্ষাভ্যাসোদণ্ডোযস্য স তথা স্যাৎ। নিত্যঞ্চ প্রকাশীকৃতমন্ত্রবিদ্যাদিনা পৌরুষং যস্য তথা স্যাৎ। নিত্যং সংবৃতং সম্বরণীয়ং মন্ত্রচারচেষ্টাদিকং যস্য স তথা স্যাৎ। নিত্যঞ্চ শত্রোর্ব্যসনাদি রূপচ্ছিদ্রানুসন্ধানতৎপরঃ স্যাৎ ॥ ১০২ ॥

প্রতিদিন হস্তি অশ্বাদিকে সুশিক্ষা করাইবেন সতত আপনার পৌরুষ প্রকাশ করিবেন মন্ত্রণাও চারের চেষ্টা গোপন করিবেন শত্রুর ব্যসনাদি দোষের অনুসন্ধান করিবেন ॥ ১০২ ॥

নিত্যমুদ্যতদণ্ডস্য কৃৎস্নমুদ্বিজতে জগৎ।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি দণ্ডেনৈব প্রসাধয়েৎ ॥ ১০৩ ॥

নিত্যমিতি। যস্মান্নিত্যোদ্যতদণ্ডস্য সর্ব্বং জগদুদ্বিজেদিতি তস্মাৎ সর্ব্বপ্রাণিনো-দণ্ডেনৈবাত্মসাৎ কুর্য্যাৎ ॥ ১০৩ ॥

যেহেতু প্রতিদিন হস্ত্যশ্বাদিকে শিক্ষা প্রদান করিলে সকলে তাঁহার ভয়ে উদ্বিগ্ন হইয়া থাকে অতএব রাজা সকল প্রাণীকেই দণ্ডদ্বারা বশীভূত করিবেন ॥ ১০৩ ॥

অমায়য়ৈব বর্ত্তেত ন কথঞ্চন মায়য়া।
বুদ্ধ্যেতারিপ্রযুক্তাঞ্চ মায়াং নিত্যং স্বসংবৃতঃ ॥ ১০৪ ॥

অমায়য়েতি। মায়য়া ছদ্মতয়া অমাত্যাদিষু ন বর্ত্তেত তথা সতি সর্ব্বেষামবিশ্বসনীয়ঃ স্যাৎ ধর্ম্মরক্ষার্থং যথা তত্ত্বেনৈব ব্যবহরেৎ। যত্নকৃতাত্মপক্ষরক্ষশ্চ শত্রুকৃতাং প্রকৃতিভেদরূপাং মায়াং চারদ্বারেণ জানীয়াৎ ॥ ১০৪ ॥

রাজা আপনার অমাত্যের প্রতি অকপট ব্যবহার করিবেন ইহা না হইলে তিনি সকলের অবিশ্বস্ত হইবেন আর শত্রুকৃত প্রকৃতিভেদ চার দ্বারা গোপনভাবে অবগত হইবেন ॥ ১০৪ ॥

নাস্য ছিদ্রং পরোবিদ্যাৎ বিদ্যাচ্ছিদ্রং পরস্য তু।
গূহেৎ কূর্ম্ম ইবাঙ্গানি রক্ষেদ্বিবরমাত্মনঃ ॥ ১০৫ ॥

নেত্যাদি। তথাযত্নং কুর্য্যাদ্যথাস্য প্রকৃতিভেদাদিচ্ছিদ্রং শত্রুর্ন জানাতি শত্রোস্তু প্রকৃতিভেদাদিকং চারৈর্জ্জানীয়াৎ কূর্ম্মোযথা মুখচরণাদীন্যঙ্গান্যাত্মদেহং গোপয়ত্যেবং রাজ্যাঙ্গান্যমাত্যাদীনি দানসম্মানাদিনা আত্মসাৎ কুর্য্যাৎ দৈবাচ্চ প্রকৃতিভেদাদিরূপে ছিদ্রে জাতে যত্নতঃ প্রতীকারং কুর্য্যাৎ ॥ ১০৫ ॥

আপনার প্রকৃতি ভেদাদি ছিদ্র পরে না জানিতে পারে এমন যত্ন করিবেন পরের দোষ চার দ্বারা বিদিত হইবেন কূর্ম্ম যেরূপ আপনার মুখ চরণাদি অঙ্গ সকল গোপন করে সেইরূপ রাজা রাজ্যের অমাত্যাদি অঙ্গকে দান মান দ্বারা আত্মসাৎ করিবেন দৈবাৎ যদি কোন প্রকৃতি কোপ ঘটে শীঘ্র তাহার শমতা বিধান করিবেন ॥ ১০৫ ॥

বকবচ্চিন্তয়েদর্থান্ সিংহবচ্চ পরাক্রমেৎ।
বৃকবচ্চাবলুম্পেত শশবচ্চ বিনিষ্পতেৎ॥ ১০৬॥

বকবদিতি। যথা বকোজলে মীনমতিচঞ্চলস্বভাবমপি গ্রহণার্থং একতানান্তঃকরণশ্চিন্তয়তি এবং রহসি সুবিহিতরক্ষস্যাপি বিপক্ষস্য দেশগ্রহণাদীনর্থাংশ্চিন্তয়েৎ যথা চ সিংহঃ প্রবলমতিস্থূলমপি দন্তাবলং হন্তুমাক্রমত্যেবং অল্পবলোবলবতাক্রান্তঃ সংশ্রয়াদ্যুপায়ান্তরাসম্ভবে সর্ব্বশক্ত্যা শত্রুং হন্তুমাক্রামেৎ। যথা চ বৃকঃ পালকৃতরক্ষণমপি পশুং দৈবাৎ পালানবধানমাসাদ্য ব্যাপাদয়ত্যেবং দুর্গাদ্যবস্থিতমপি রিপুং কথঞ্চিৎ প্রমাদমাসাদ্য ব্যাপাদয়েৎ যথা শশঃ ধনুর্দ্ধরবিবিধব্যাধমধ্যগতোঽপি কুটিলগতিরুৎপ্লুত্য পলায়তে এবং স্বয়মবলো বলবদরিপরিবৃতোঽপি কথঞ্চিদরিব্যামোহমাধায় শশবৎ পার্থিবান্তরং সংশ্রয়িতুমুপসর্পেৎ॥ ১০৬॥

বক যেমন অতিচঞ্চল স্বভাব মৎস্য গ্রহণার্থ একান্তমনে এক স্থানে অবস্থিত থাকে তদ্রূপ রাজা নির্জনস্থানে অবস্থান করিয়া পরদেশ গ্রহণরূপ অর্থচিন্তা করিবেন সিংহ যেমন অতিস্থূল প্রবল হস্তিকে মারিবার নিমিত্ত আক্রমণ করে তদ্রূপ নিজে অল্পবল হইলেও প্রবল শত্রুকে সর্ব্বশক্তি সহকারে আক্রমণ করিবেন বৃক যেমন পালের কিঞ্চিৎ অনবধান বুঝিয়া পালমধ্য হইতে পশু লইয়া বিনাশ করে তদ্রূপ দুর্গাদিতে অবস্থিত রাজাকে কিঞ্চিৎ অনবধান দেখিলেই বিনাশ করিবেন যেরূপ শশ চতুর্দ্দিকে ধনুর্দ্ধারি ব্যাধ থাকিলেও কুটিল গমনে লম্ফ দিয়া পলায়ন করে মারা পড়েনা সেইরূপ রাজা আপনি বলহীন হইয়া বলবন্ত অরি পরিবৃত হইলেও আত্মরক্ষা জন্য বলবন্ত রাজান্তরকে আশ্রয় করিবার জন্য পলায়ন করিবেন॥ ১০৬॥

এবং বিজয়মানস্য যেঽস্য স্যুঃ পরিপন্থিনঃ।
তানানয়েদ্বশং সর্ব্বান্ সামাদিভিরুপক্রমৈঃ॥ ১০৭॥

এবমিত্যাদি। এবমুক্তপ্রকারেণ বিজয়প্রবৃত্তস্য নৃপতেঃ যে বিজয়বিরোধিনো ভবেয়ুঃ তান্ সর্ব্বান্ সামদানভেদদণ্ডৈরুপায়ৈর্বশমানয়েৎ॥ ১০৭॥

এইরূপে রাজা বিজয় প্রবৃত্ত হইলে যাহারা তাঁহার বিপক্ষতাচরণ করিবে তিনি তাহাদিগকে সাম দান ভেদ দণ্ড এই চারিপ্রকার উপায় দ্বারা আপনার বশীভূত করিবেন॥ ১০৭॥

যদি তে তু ন তিষ্ঠেয়ুরুপায়ৈঃ প্রথমৈস্ত্রিভিঃ।
দণ্ডেনৈব প্রসহ্যৈতাঞ্ছনকৈর্বশমানয়েৎ॥ ১০৮॥

যদীত্যাদি। তে চ বিজয়বিরোধিনো যদ্যাদ্যৈস্ত্রিভিরুপায়ৈর্ন নিবর্ত্তন্তে তদাবস্কন্দেশোপমর্দ্দাদিনা যুদ্ধেন শনকৈর্লঘুগুরুদণ্ডক্রমেণ দণ্ডেনৈব বশী কুর্য্যাৎ॥ ১০৮॥

যদি উহারা সামদানভেদ এই ত্রিবিধ উপায়ে নিবর্ত্ত না হয় বিপক্ষতাচরণ করে তবে রাজা

দেশের উপদ্রবরূপ যুদ্ধদ্বারা প্রথমে ন্যূন দণ্ড পরে প্রবলদণ্ডনাদি দ্বারা ক্রমে তাহাদিগকে আপনার বশীভূত করিবেন ॥ ১০৮ ॥

সামাদীনামুপায়ানাং চতুর্ণামপি পণ্ডিতাঃ।
সামদণ্ডৌ প্রশংসন্তি নিত্যং রাষ্ট্রাভিবৃদ্ধয়ে ॥ ১০৯ ॥

সামাদীতি। চতুর্ণামপি সামাদীনামুপায়ানাং মধ্যাৎ সামদণ্ডাবেব রাষ্ট্রবৃদ্ধ্যর্থং পণ্ডিতাঃ প্রশংসন্তি সাম্নি প্রয়াসধনব্যয়সৈন্যক্ষয়াদিদোষাভাবাৎ দণ্ডে তু তৎসদ্ভাবেঽপি কার্য্যসিদ্ধ্যতিশয়াৎ ॥ ১০৯ ॥

সামদানভেদ দণ্ড এই চারিপ্রকার উপায়ের মধ্যে সাম ও দণ্ড এই দুটীকে পণ্ডিতেরা প্রশংসা করিয়া থাকেন কারণ সামে প্রয়াস নাই ধন ব্যয় নাই ও সৈন্য নাশ নাই দণ্ডে অর্থাৎ যুদ্ধে যদিও এই সকল আছে বটে কিন্তু তাহাতে অতিশয় কার্য্য সিদ্ধি হয় ॥ ১০৯ ॥

যথোদ্ধরতি নির্দ্দাতা কক্ষং ধান্যঞ্চ রক্ষতি।
তথা রক্ষেন্নৃপো রাষ্ট্রং হন্যাচ্চ পরিপন্থিনঃ ॥ ১১০ ॥

যথেত্যাদি। যথা ক্ষেত্রে ধান্যতৃণাদিকয়োঃ সহোৎপন্নয়োরপি ধান্যানি লবনকর্ত্তা রক্ষতি তৃণাদিকঞ্চোদ্ধরতি। এবং নৃপতিঃ রাষ্ট্রে দুষ্টান্ হন্যাৎ নত্বদুষ্টান্ তদীয় সহজান্ ভ্রাতৃনপি নির্দ্দাতৃদৃষ্টান্তাদবসীয়তে শিষ্টসহিতঞ্চ রাষ্ট্রং রক্ষেৎ ॥ ১১০ ॥

যেরূপ ধান্য তৃণ একত্র জন্মাইলেও কর্ষক ধান্য রক্ষা করিয়া তৃণাদি ছেদন করে তদ্রূপ রাজা রাজ্যে দুষ্টকে নষ্ট করিবেন ও শিষ্টকে রক্ষা করিবেন সহোদরের মধ্যে ও দুষ্টকে নষ্ট করিবেন ও শিষ্টকে রক্ষা করিবেন ॥ ১১০ ॥

মোহাদ্রাজা স্বরাষ্ট্রং যঃ কর্ষয়ত্যনবেক্ষয়া।
সোঽচিরাদ্ভ্রশ্যতে রাজ্যাজ্জীবিতাচ্চ সবান্ধবঃ ॥ ১১১ ॥

মোহাদিত্যাদি। যোরাজা অনবেক্ষয়া দুষ্টশিষ্টাজ্ঞানেন সর্বানেব স্বরাষ্ট্রীয়জনান্ অশাস্ত্রীয়ধনগ্রহণমারণাদিকষ্টেন পীড়য়তি স শীঘ্রমেব জনপদবৈরাখ্যপ্রকৃতিকোপাধর্ম্মে রাজা রাজ্যাজ্জীবিতাচ্চ পুত্রাদিসহিতোভ্রশ্যতে ॥ ১১১ ॥

যে রাজা দুষ্ট ও শিষ্টের অজ্ঞান বশত অশাস্ত্রীয় ধন গ্রহণ ও মারণাদি কষ্ট দ্বারা রাষ্ট্রীয় জনসমূহকে পীড়া দেন তিনি প্রকৃতিকোপে পতিত হইয়া রাষ্ট্র হইতে ভ্রষ্ট হন ও স্ত্রী পুত্রাদির সহিত প্রাণে নষ্ট হন ॥ ১১১ ॥

শরীরকর্ষণাৎ প্রাণাঃ ক্ষীয়ন্তে প্রাণিনাং যথা।
তথা রাজ্ঞামপি প্রাণাঃ ক্ষীয়ন্তে রাষ্ট্রকর্ষণাৎ ॥ ১১২ ॥

শরীরকর্ষণাদিতি। যথা প্রাণভৃতামাহারনিরোধাদিনা শরীরশোষণাৎ প্রাণাঃ

ক্ষীয়ন্তে এবং রাজ্ঞামপি রাষ্ট্রপীড়নাৎ প্রকৃতিকোপাদিনা প্রাণা বিনশ্যন্তি তস্মাৎ স্বশরীরবদ্রাজ্ঞা রাষ্ট্রং রক্ষণীয়মিত্যুক্তং ॥ ১১২ ॥

যদ্রূপ প্রাণির আহার ব্যতিরেকে প্রাণ ক্ষীণ হয় তদ্রূপ রাষ্ট্র পীড়নে প্রকৃতি কোপাদি দোষে রাজার প্রাণ বিনষ্ট হয় ইহার তাৎপর্য্য রাজা রাষ্ট্রস্থ ব্যক্তিকে প্রাণ তুল্য দেখিবেন ॥ ১১ ॥

রাষ্ট্রস্য সংগ্রহে নিত্যং বিধানমিদমাচরেৎ।
সুসংগৃহীতরাষ্ট্রোহি পার্থিবঃ সুখমেধতে ॥ ১১৩ ॥

রাষ্ট্রস্যেত্যাদি। রাষ্ট্রস্য রক্ষণে বক্ষ্যমাণমিমমুপায়মনুতিষ্ঠেৎ যস্মাৎ সংরক্ষিতরাষ্ট্রোরাজা অনায়াসেন বর্দ্ধতে ॥ ১১৩ ॥

পর শ্লোকে বক্তব্য রাজ্যের যে রক্ষার বিধান রাজা তাহাই অনুষ্ঠান করিবেন যেহেতু রাজা সুন্দররূপে রাজ্য রক্ষা করিলে অনায়াসে বৃদ্ধি প্রাপ্ত হএন ॥ ১১৩ ॥

দ্বয়োস্ত্রয়াণাং পঞ্চানাং মধ্যে গুল্মমধিষ্ঠিতং।
তথা গ্রামশতানাঞ্চ কুর্য্যাদ্রাষ্ট্রস্য সংগ্রহং ॥ ১১৪ ॥

দ্বয়োরিতি। দ্বয়োর্গ্রাময়োর্মধ্যে ত্রয়াণাং বা গ্রামাণাং পঞ্চানাং বা গ্রামশতানাং গুল্মং রক্ষিতৃপুরুষসমূহং সত্যপ্রধানপুরুষাধিষ্ঠিতং রাষ্ট্রস্য সংগ্রহং রক্ষাস্থানং কুর্য্যাৎ অস্য লাঘবগৌরবাপেক্ষশ্চোক্তবিকল্পঃ ॥ ১১৪ ॥

রাজা ছোট বড় গ্রামের অনুসারে দুই তিন পাঁচ অথবা শত গ্রামের মধ্যে অনেক সেনা সমভিব্যাহারে একজন প্রধান পুরুষ কর্ত্তৃক অধিষ্ঠিত একটি স্থান করিবেন উঁহাকে গুল্ম বলা যায় ॥ ১১৪ ॥

গ্রামস্যাধিপতিং কুর্য্যাদ্দশগ্রামপতিং তথা।
বিংশতীশং শতেশঞ্চ সহস্রপতিমেব চ ॥ ১১৫ ॥

গ্রামস্যেতি। একগ্রামদশগ্রামাদ্যধিপতীন্ কুর্য্যাৎ ॥ ১১৫ ॥

আর প্রত্যেক গ্রামের একজন অধিপতি করিবেন তাহা হইতে প্রবল দশ গ্রামের অধিপতি এক জন করিবেন বিংশতি গ্রামের অধিপতি ও শত গ্রামের অধিপতি ও সহস্র গ্রামের অধিপতি করিবেন ॥ ১১৫ ॥

গ্রামে দোষান্ সমুৎপন্নান্ গ্রামিকঃ শনকৈঃ স্বয়ং।
শংসেদ্গ্রামদশেশায় দশেশোবিংশতীশিনং ॥ ১১৬ ॥
বিংশতীশস্তু তৎসর্ব্বং শতেশায় নিবেদয়েৎ।
শংসেদ্গ্রামশতেশস্তু সহস্রপতয়ে স্বয়ং ॥ ১১৭ ॥

গ্রামইতি। বিংশতীশইতি। গ্রামাধিপতিশ্চৌরাদিদোষান্ গ্রামে সংজাতান্ আত্মনা প্রতিকর্ত্তুমক্ষমঃ স্বয়ং দশগ্রামাধিপতয়ে কথয়েৎ এবং দশগ্রামপত্যাদয়ো-বিংশতিগ্রামস্বাম্যাদিভ্যঃ কথয়েয়ুঃ তথা চ সতি সম্যক্ চৌরাদিকণ্টকোদ্ধারো ভবতি ॥ ১১৬ ॥ ১১৭ ॥

গ্রামে কোন চৌর্য্যাদি দোষ ঘটিলে গ্রামপতি তাহার প্রতীকারে অক্ষম হইলে দশগ্রামের অধিপতিকে উক্ত ব্যাপার অবগত করাইবেন দশগ্রামাধিপতি হইতে সমাধা না হইলে বিংশতি গ্রামাধিপতিকে কহিবেন এইরূপে উপর উপর জানাইবেন ইহা হইলে রাজ্যে চৌর্য্যাদি উপদ্রব হইবে না ॥ ১১৬ ॥ ১১৭ ॥

যানি রাজপ্রদেয়ানি প্রত্যহং গ্রামবাসিভিঃ।
অন্নপানেন্ধনাদীনি গ্রামিকস্তান্যবাপ্নুয়াৎ ॥ ১১৮ ॥

একগ্রামাধিকৃতস্য বৃত্তিমাহ যানীতি। যান্যন্নপানেন্ধনাদীনি গ্রামবাসিভিঃ প্রত্যহং রাজ্ঞে দেয়ানি নত্বন্দকরং ধান্যানামষ্টমোভাগইত্যাদিকং তানি গ্রামাধিপতির্বৃত্ত্যর্থং গৃহ্ণীয়াৎ ॥ ১১৮ ॥

এক্ষণে এক গ্রামাধিপতির বৃত্তি কহিতেছেন গ্রাম্যলোকেরা প্রতিদিন রাজাকে যে অন্ন-পান ইন্ধনাদি প্রদান করিবে গ্রামাধিপতি তাহা প্রাপ্ত হইবেন ॥ ১১৮ ॥

দশী কুলন্তু ভুঞ্জীত বিংশী পঞ্চ কুলানি চ।
গ্রামং গ্রামশতাধ্যক্ষঃ সহস্রাধিপতিঃ পুরং ॥ ১১৯ ॥

দশী কুলমিতি। অষ্টাগবং ধর্ম্মহলং ষড়্গবং জীবিতার্থিনাং। চতুর্গবং গৃহস্থানাং দ্বিগবং ব্রহ্মঘাতিনামিতি হারীতস্মরণাৎ ষড়্গবং মধ্যমং হলমিতি। তথাবিধহল-দ্বয়েন যাবতী ভূমির্বাহ্যতে তৎ কুলমিতি বদতি। তদ্দশগ্রামাধিপতির্বৃত্ত্যর্থং ভুঞ্জীত এবং বিংশত্যধিপতিঃ পঞ্চকুলানি শতাধিপতির্ম্মধ্যমং গ্রামং সহস্রাধিপতির্ম্মধ্যমং পুরং ॥ ১১৯ ॥

আটটি গোদ্বারা হল কর্ষণকে ধর্ম্ম্য বলা যায় জীবিকার জন্য ছয়গো দ্বারা হল কর্ষণ বৈধ গৃহস্থ ব্যক্তি চারিটিগো দ্বারা কর্ষণ করিবেন দুইটিগো সংবাহন কর্ষণে বিনিন্দিত, এইরূপ হল দ্বয়ে চারি গরুতে যত ভূমি কর্ষণ হইতে পারে ঐ ভূমিকে কুল বলা যায় দশগ্রামাধিপতি কুল ভূমি বৃত্তির জন্য প্রাপ্ত হইবেন ॥ ১১৯ ॥

তেষাং গ্রাম্যাণি কার্য্যাণি পৃথক্কার্য্যাণি চৈব হি।
রাজ্ঞোঽন্যঃ সচিবঃ স্নিগ্ধস্তানি পশ্যেদতন্দ্রিতঃ ॥ ১২০ ॥

তেষামিত্যাদি। তেষাং গ্রামনিবাসিপ্রভৃতীনাং পরস্পরবিপ্রতিপত্তৌ যানি গ্রামভবানি কার্য্যাণি কৃতাকৃতানি চ পৃথক্কার্য্যাণি তান্যন্যোরাজ্ঞোহিত কৃৎ তন্নিযুক্তো-ঽনলসঃ কুর্ব্বীত ॥ ১২০ ॥

বিংশতি গ্রামের অধিপতি তাহার পাঁচগুণ ভূমি প্রাপ্ত হইবেন গ্রাম শতাধ্যক্ষ একটি মধ্যবিত গ্রাম এবং সহস্র গ্রামের অধীশ একটি নগর প্রাপ্ত হইবেন ॥ ১২০ ॥

নগরে নগরে চৈকং কুর্য্যাৎ সর্ব্বার্থচিন্তকং।
উচ্চৈঃ স্থানং ঘোররূপং নক্ষত্রাণামিব গ্রহং ॥ ১২১ ॥

নগরইতি। প্রতিনগরমেকৈকমুচ্চৈঃ স্থানং কুলাদিনা মহান্তং প্রধানভূতং ঘোররূপং হস্ত্যশ্বাদিসামগ্র্যা ভয়জনকং নক্ষত্রমধ্যে ভার্গবাদিগ্রহমিব তেজস্বিনং কার্য্যদ্রষ্টারং নগরাধিপতিং কুর্য্যাৎ ॥ ১২১ ॥

নক্ষত্র সকলের মধ্যে ভার্গব গ্রহ যে প্রকার ভয়ানক তদ্রূপ এক এক নগর মধ্যে সর্ব্বোপরি প্রধান ও সকল বিষয়ের তত্ত্বাবধারণক্ষম এবং হস্তি অশ্ব রথ পদাতিক দ্বারা অতি ভয়ঙ্কর তেজস্বী কার্য্য দর্শক এক জন নগরাধিপতি করিবেন ॥ ১২১ ॥

স তাননুপরিক্রামেৎ সর্ব্বানেব সদা স্বয়ং।
তেষাং বৃত্তং পরিণয়েৎ সম্যগ্রাষ্ট্রেষু তচ্চরৈঃ ॥ ১২২ ॥

সইত্যাদি। স নগরাধিকৃতস্তান্ সর্ব্বান্ গ্রামাধিপত্যাদীন্ অসতি প্রয়োজনে সর্ব্বদা স্বয়ং স্ববলেনানুগচ্ছেত্তেষাঞ্চ নগরাধিকৃতপর্য্যন্তানাং সর্ব্বেষামেব যদ্রাষ্ট্রে স্বচেষ্টিতং তত্তদ্বিষয়নিযুক্তৈশ্চরৈঃ সম্যক্ পরিণয়েদবগচ্ছেৎ ॥ ১২২ ॥

উক্ত নগরাধিপতি স্বকার্য্য সাধনের জন্যও পূর্ব্বোক্ত গ্রামাধিপতি প্রভৃতির নিকট সেনা সমভিব্যাহারে উহার দিগের কার্য্য দর্শনার্থ যাইবেন এবং রাজা নগরাধিপতি গ্রামাধিপতি সকলের চেষ্টিত বিষয় নিযুক্ত চর দ্বারা অবগত হইবেন ॥ ১২২ ॥

রাজ্ঞোহি রক্ষাধিকৃতাঃ পরস্বাদায়িনঃ শঠাঃ।
ভৃত্যা ভবন্তি প্রায়েণ তেভ্যোরক্ষেদিমাঃ প্রজাঃ ॥ ১২৩ ॥

রাজ্ঞোহীত্যাদি। যস্মাৎ যে রাজ্ঞোরক্ষাধিকৃতাস্তে বাহুল্যেন পরস্বগ্রহণশীলা বঞ্চকাশ্চ ভবন্তি। তস্মাত্তেভ্যইমাঃ স্বাশ্রীয়াঃ প্রজা রাজা রক্ষেৎ ॥ ১২৩ ॥

যেহেতু প্রজার রক্ষণাবেক্ষণ কার্য্যে নিযুক্ত রাজার ভৃত্য সকল প্রায় পরধন গ্রাহক এবং শঠ অর্থাৎ বঞ্চক হয় এজন্য বিশেষ যত্ন সহকারে উক্ত ভৃত্যবর্গ হইতে রাজা প্রজাদিগের রক্ষা করিবেন তাৎপর্য্য যাহাতে উহারা অন্যায় ধন গ্রহণ ও বঞ্চনা করিতে না পারে এমৎ চেষ্টা করিবেন ॥ ১২৩ ॥

যে কার্য্যিকেভ্যোঽর্থমেব গৃহ্ণীয়ুঃ পাপচেতসঃ।
তেষাং সর্ব্বস্বমাদায় রাজা কুর্য্যাৎ প্রবাসনং ॥ ১২৪ ॥

যইত্যাদি। যে রক্ষাধিকৃতাঃ কার্য্যার্থিভ্যএব বাক্ছলাদিকমুদ্ভাব্য লোভাদশাস্ত্রীয়-

ধনগ্রহণং পাপমুদ্ধয়ঃ কুর্ব্বন্তি তেষাং সর্ব্বস্বং রাজা গৃহীত্বা দেশান্নিঃসারণং কুর্য্যাৎ ॥ ১২৪ ॥

রক্ষাকার্য্যে নিযুক্ত যে সকল পাপবুদ্ধি ভৃত্যেরা লোক বশম্বদ হইয়া বাক্য কৌশলে অর্থি প্রত্যর্থির নিকট হইতে অশাস্ত্রীয় ধনগ্রহণ করে রাজা তাহারদিগকে সর্ব্বস্ব হরণ পূর্ব্বক স্বদেশ হইতে বহিষ্কৃত করিবেন ॥ ১২৪ ॥

রাজকর্ম্মসু যুক্তানাং স্ত্রীণাং প্রেষ্যজনস্য চ ।
প্রত্যহং কল্পয়েদ্বৃত্তিং স্থানকর্ম্মানুরূপতঃ ॥ ১২৫ ॥

রাজকর্ম্মস্বিত্যাদি। রাজোপযুক্তকর্ম্মনিযুক্তানাং স্ত্রীণাং দাস্যাদীনাং কর্ম্মকরজনস্য চ উৎকৃষ্ট মধ্যমাপকৃষ্ট স্থানযোগ্যানুরূপেণ প্রত্যহং বৃত্তিং কুর্য্যাৎ ॥ ১২৫ ॥

রাজা উপযুক্ত কর্ম্মকর ভৃত্য এবং দাসীপ্রভৃতি স্ত্রীলোক এবং সামান্য কর্ম্মকর ভৃত্যের প্রতি উৎকৃষ্টাপকৃষ্ট কর্ম্মানুসারে দৈনন্দিন বৃত্তি নিয়ম করিবেন ॥ ১২৫ ॥

পণো দেয়োঽবকৃষ্টস্য ষড়ুৎকৃষ্টস্য বেতনং ।
ষাণ্মাসিকস্তথাচ্ছাদো ধান্যদ্রোণস্তু মাসিকঃ ॥ ১২৬ ॥

তামেব দর্শয়তি পণইতি। অবকৃষ্টস্য গৃহাদিসম্মার্জ্জকোদকবাহাদেঃ কর্ম্মকরস্য বক্ষ্যমাণলক্ষণঃ পণোভৃতিরূপঃ প্রত্যহং দাতব্যঃ ষাণ্মাসিকশ্চাচ্ছাদো বস্ত্রযুগং দাতব্যং। অষ্টমুষ্টির্ভবেৎকুঞ্চিঃ কুঞ্চয়োঽষ্টৌ চ পুষ্কলং। পুষ্কলানি তু চত্বারি আঢকঃ পরিকীর্ত্তিতঃ। চতুরাঢকোভবেদ্দ্রোণইতি গণনয়া ধান্যদ্রোণশ্চ প্রতিমাসং দেয়ঃ। উৎকৃষ্টস্য তু ভৃতিরূপাশ্চ ষট্পণাঃ প্রত্যহং দেয়াঃ অনয়ৈব কল্পনয়া ষাণ্মাসিকানি ষড়্বস্ত্রযুগানি দেয়ানি প্রতিমাসঞ্চ ষড়্ধান্যদ্রোণা দেয়াঃ অনয়ৈব দিশা মধ্যমস্য প্রত্যহং পণত্রয়ং ভৃতিরূপং দাতব্যং ষাণ্মাসিকঞ্চ বস্ত্রযুগত্রয়ং মাসিকঞ্চ ধান্যং দ্রোণত্রয়ং দেয়ং ॥ ১২৬ ॥

অপকৃষ্ট ভৃত্য অর্থাৎ গৃহাদির সম্মার্জ্জনকারী ও জল বাহক প্রভৃতি দাসের বেতন প্রতিদিন একপণ করিয়া দিবেন ছয়মাসে এক যোড় বস্ত্র দিবেন এক মাসে এক দ্রোণ ধান্য দিবেন উৎকৃষ্ট ভৃত্যকে প্রতিদিন ছয় পণ দিবেন ষাণ্মাসিক ছয়যোড় বস্ত্র দিবেন এবং ছয়দ্রোণ পরিমিত ধান্য দিবেন মধ্যম ভৃত্যের দিন দিন তিন পণ দিবেন ছয় মাসে তিনযোড় বস্ত্র এবং তিন দ্রোণ ধান্য দিবেন। আটমুষ্টি ধান্যে এক কুঞ্চি হয় আটকুঞ্চিকে এক পুষ্কল বলা যায় চারি পুষ্কলে এক আঢ়ক কহে চারি আঢ়কে এক দ্রোণ হয় ॥ ১২৬ ॥

ক্রয়বিক্রয়মধ্বানং ভক্তঞ্চ সপরিব্যয়ং ।
যোগক্ষেমঞ্চ সম্প্রেক্ষ্য বণিজো দাপয়েৎ করান্ ॥ ১২৭ ॥

ক্রয়বিক্রয়মিত্যাদি। কিয়তা মূল্যেন ক্রীতমিদং বস্ত্রলবণাদি দ্রব্যং বিক্রীয়মাণঞ্চাত্র কিয়ল্লভ্যতে কিয়দ্দূরাদানীতং কিমস্য বণিজো ভক্তব্যয়েন শাকসূপাদিনা পরিব্যয়েন

লমং কিমস্যারণ্যাদৌ চৌরাদিভ্যোরক্ষারূপেণ ক্ষেমপ্রতিবিধানেন গতং কোঽস্য ইদানীং লাভযোগইত্যেতদবেক্ষ্য বণিজঃ করান্ দাপয়েৎ ॥ ১২৭ ॥

বাণিজ্য দ্রব্যের ক্রয় ও বিক্রয়ের মূল্য তাহা কতদূর হইতে আনীত পাথেয় ব্যয় এবং তাহা চৌরাদি হইতে রক্ষণাবেক্ষণ নিমিত্ত যে ব্যয় এই সকল বিষয় অনুসন্ধান করিয়া এবং তজ্জন্য যত ব্যয় ধরিয়া তদতিরিক্তে যাহা লব্ধ নিশ্চয় হইবে তদনুসারে বাণিজ্য দ্রব্যাদির উপর বণিক-দিগের নিকট হইতে রাজা কর লইবেন ১২৭ শ্লোক সাকাঙ্ক্ষ ১৩০ শ্লোকে পশু হিরণ্য শব্দ-প্রয়োগ দৃষ্টে বোধ হইতেছে, যে এতদ্দেশে বণিক্ পদে সুবর্ণ বণিক্ পশ্চিম প্রদেশে আগ্র বণিক্ এবং ১৩১ শ্লোকে গন্ধঔষধি প্রভৃতি শব্দ দৃষ্টে স্পষ্টবোধ হইতেছে যে বঙ্গদেশে গন্ধ-বণিক্ও বণিক্ শব্দ প্রতীত অন্যথা এতদ্দেশে ব্রাহ্মণ ক্ষত্রিয় শূদ্র এই তিন বর্ণ আছে বণিক্‌বর্ণের অর্থাৎ বৈশ্যবর্ণের অত্যন্তাভাব ইহা বলা অতি অসম্ভব হয় ॥ ১২৭ ॥

যথা ফলেন যুজ্যেত রাজা কর্ত্তা চ কর্ম্মণাং।
তথাবেক্ষ্য নৃপোরাষ্ট্রে কল্পয়েৎ সততং করান্ ॥ ১২৮ ॥

যথেতি। যথা রাজাঽবেক্ষণাদিকর্ম্মণঃ ফলেন যথা চ কার্ষিকবণিগাদয়ঃ কৃষিবা-ণিজ্যাদি কর্ম্মণাং ফলেন সম্বধ্যন্তে। তথা নিরূপ্য রাজা সর্ব্বদা রাষ্ট্রকরান্ গৃহ্নীয়াৎ ॥ ১২৮ ॥

সর্ব্বতোভাবে বিবেচনা পুরঃসর রাজা তাঁহার রাজ্যে কর নিরূপিত করিবেন যাহাতে উভয় পক্ষ অর্থাৎ নিজে এবং বণিক্ আপনং কার্য্যের যথার্থ ফললাভ করিতে পারেন ॥ ১২৮ ॥

যথাল্পাল্পমদন্ত্যাদ্যং বার্য্যোকোবৎসষট্‌পদাঃ।
তথাল্পাল্পো গ্রহীতব্যো রাষ্ট্রাদ্রাজ্ঞাব্দিকঃ করঃ ॥ ১২৯ ॥

অত্র দৃষ্টান্তমাহ যথেত্যাদি। যথা জলৌকোবৎসভ্রমরাঃ স্তোকস্তোকানি রক্ত ক্ষীর মধূনি অদন্ত্যেবং রাজা মূলধনমনুচ্ছিন্দতাঽল্পোঽল্পোরাষ্ট্রাদাব্দিকঃ করো-গ্রাহ্যঃ ॥ ১২৯ ॥

যে প্রকারে জলৌকা রুধির পান বৎস দুগ্ধপানও, ভ্রমর মধুপান করে সেই প্রকারে অল্পে অল্পে রাজা বার্ষিক কর গ্রহণ করিবেন যাহাতে প্রজাদিগের মূল ধনের প্রতি কোন ব্যাঘাত না হয় ॥ ১২৯ ॥

পঞ্চাশদ্ভাগ আদেয়ো রাজ্ঞা পশুহিরণ্যয়োঃ।
ধান্যানামষ্টমোভাগঃ ষষ্ঠোদ্বাদশ এব বা ॥ ১৩০ ॥

তমাহ পঞ্চাশদ্ভাগইত্যাদি। মূলাদধিকয়োঃ পশুহিরণ্যয়োঃ পঞ্চাশদ্ভাগোরাজ্ঞা গ্রহীতব্যঃ। এবং ধান্যানাং ষষ্ঠোঽষ্টমোদ্বাদশোবা গ্রাহ্যঃ ভূম্যুৎকর্ষাপকর্ষাপেক্ষয়া কর্ষণাদিক্লেশলাঘবগৌরবাপেক্ষোঽয়ং বহ্বল্পগ্রহণবিকল্পঃ ॥ ১৩০ ॥

পশু ও সুবর্ণ সম্বন্ধীয় লভ্যের কর পঞ্চাশ ভাগের এক ভাগ ধান্যাদিশস্য বিষয়ের কর ক্ষেত্রের বলাবল বিবেচনায় এবং ভূমিবিশেষে কৃষি কার্য্যের আবশ্যক পরিশ্রমের ন্যূনাধিক্য বিবেচনায় ষষ্ঠ বা অষ্টম অথবা দ্বাদশ অংশের একাংশ রাজা লইবেন ॥ ১৩০ ॥

আদদীতাথ ষড়্ভাগং দ্রুমাংসমধুসর্পিষাং।
গন্ধৌষধিরসানাঞ্চ পুষ্পমূলফলস্য চ ॥ ১৩১ ॥
পত্রশাকতৃণানাঞ্চ বৈদলস্য চ চর্ম্মণাং।
মৃণ্ময়ানাঞ্চ ভাণ্ডানাং সর্ব্বস্যাশ্মময়স্য চ ॥ ১৩২ ॥

আদদীতেত্যাদি। পত্রশাকতৃণানামিত্যাদি। দ্রুশব্দোত্র বৃক্ষবাচকঃ বৃক্ষাদীনাং সপ্তদশানাং অশ্মময়ান্তানাং ষষ্ঠোভাগো লাভাদ্‌গ্রাহীতব্যঃ ॥ ১৩১ ॥ ১৩২ ॥

বৃক্ষ মাংস মধু ঘৃত গন্ধদ্রব্য ওষধি বৃক্ষাদিররস পুষ্পমূল ফল পত্র শাক তৃণ বংশ নির্ম্মিত পাত্র ও চর্ম্মপাত্র ও মৃণ্ময়পাত্র প্রস্তরময় দ্রব্য এই সপ্তদশ প্রকার দ্রব্যের ক্রয় বিক্রয়ে যাহা লাভ হইবে রাজা তাহার ষষ্ঠভাগ গ্রহণ করিবেন ॥ ১৩১ ॥ ১৩২ ॥

ম্রিয়মাণোপ্যাদদীত নরাজা শ্রোত্রিয়াৎ করং।
ন চ ক্ষুধাহস্য সংসীদেচ্ছ্রোত্রিয়ো বিষয়ে বসন্ ॥ ১৩৩ ॥

ম্রিয়মাণইতি। ক্ষীণধনোহপি রাজা শ্রোত্রিয়ব্রাহ্মণাৎ করং ন গৃহ্লীয়াৎ। ন চ তদীয়দেশে বসন্ শ্রোত্রিয়ঃ বুভুক্ষয়া অবসাদং গচ্ছেৎ ॥ ১৩৩ ॥

যে ব্রাহ্মণ কল্প শাস্ত্রের সহিত এক বেদ অথবা ব্যাকরণাদি ছয় অঙ্গ শাস্ত্রের সহিত বেদশাখা অধ্যয়ন করেন এবং অধ্যাপন প্রভৃতি ষট্ কর্ম্মে নিরত থাকেন তাঁহাকে শ্রোত্রিয় বলে রাজা ধনাভাবে মরণাপন্ন হইলেও উক্ত ব্রাহ্মণের নিকট করগ্রহণ করিবেন না এবং উক্ত শ্রোত্রিয়ের ক্ষুন্নিবারণে ত্রুটি করিবেন না ॥ ১৩৩ ॥

যস্য রাজ্ঞস্তু বিষয়ে শ্রোত্রিয়ঃ সীদতি ক্ষুধা।
তস্যাপি তৎক্ষুধা রাষ্ট্রমচিরেণৈব সীদতি ॥ ১৩৪ ॥

যস্মাৎ যস্যেত্যাদি। যস্য রাজ্ঞোদেশে শ্রোত্রিয়ঃ ক্ষুধাবসন্নো ভবতি তস্য রাষ্ট্রমপি দুর্ভিক্ষাদিভিঃ ক্ষুধা শীঘ্রমবসাদং গচ্ছতি ॥ ১৩৪ ॥

যে রাজার রাজ্যে বেদবেত্তা ব্রাহ্মণ ক্ষুধায় অবসন্ন হএন সেই রাজ্যকে ঐ জঠরানল দুর্ভিক্ষাদি রূপে পরিণত হইয়া নিপাত করে ॥ ১৩৪ ॥

শ্রুতবৃত্তে বিদিত্বাস্য বৃত্তিং ধর্ম্ম্যাং প্রকল্পয়েৎ।
সংরক্ষেৎ সর্ব্বতশ্চৈনং পিতা পুত্রমিবৌরসং ॥ ১৩৫ ॥

যত এবমতঃ শ্রুতেতি। শাস্ত্রজ্ঞানানুষ্ঠানে জ্ঞাত্বা অস্য তদনুরূপাং ধর্ম্মাদনপেতাং জীবিকামুপকল্পয়েৎ চৌরাদিভ্যশ্চৈনং ঔরসং পুত্রমিব পিতা রক্ষেৎ ॥ ১৩৫ ॥

শ্রোত্রিয়ের শাস্ত্র জ্ঞানাদি বিবেচনা পূর্ব্বক উচিত বৃত্তি প্রদান করিবেন এবং পিতা যেমত ঔরস পুত্রকে সর্ব্বদা রক্ষা করেন তদ্রূপ চৌরাদি হইতে তাঁহাকে রাজা রক্ষা করিবেন ॥ ১ ॥

সংরক্ষ্যমাণোরাজ্ঞা যং কুরুতে ধর্ম্মমন্বহং।
তেনায়ুর্ব্বর্দ্ধতে রাজ্ঞো দ্রবিণং রাষ্ট্রমেব চ ॥ ১৩৬ ॥

যস্মাৎ সংরক্ষ্যমাণইত্যাদি। স চ শ্রোত্রিয়োরাজ্ঞা সম্যগ্রক্ষ্যমাণোযং ধর্ম্মং প্রত্যহং করোতি তেন রাজ্ঞ আয়ুর্দ্ধনরাষ্ট্রাণি বর্দ্ধন্তে ॥ ১৩৬ ॥

রাজ কর্তৃক রক্ষিত শ্রোত্রিয় প্রতিদিন যে ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান করেন তাহাতে নৃপতির আয়ু ধন ও রাজ্যের বৃদ্ধি হয় ॥ ১৩৬ ॥

যৎকিঞ্চিদপি বর্ষস্য দাপয়েৎ করসংজ্ঞিতং।
ব্যবহারেণ জীবন্তং রাজা রাষ্ট্রে পৃথগ্‌জনং ॥ ১৩৭ ॥

যদিতি। রাজা স্বদেশ শাকপর্ণাদিস্বল্পমূল্যবস্তুক্রয়বিক্রয়াদিনা জীবন্তং নিকৃষ্টজনং স্বল্পমপি করাখ্যং বর্ষেণ দাপয়েৎ ॥ ১৩৭ ॥

দুঃখি প্রজা যাহারা শাকাদি সামান্যবস্তু ব্যাপার দ্বারা জীবিকাকরে রাজা তাহারদিগের নিকটও কিঞ্চিন্মাত্র বার্ষিক কর গ্রহণ করিবেন ॥ ১৩ ॥

কারুকান্ শিল্পিনশ্চৈব শূদ্রাংশ্চাত্মোপজীবিনঃ।
একৈকং কারয়েৎ কর্ম্ম মাসি মাসি মহীপতিঃ ॥ ১৩৮ ॥

কারুকানিতি। কারুকান্ সূপকারাদীন্ শিল্পিভ্য ঈষদুৎকৃষ্টান্ শিল্পিনশ্চ লোহকারাদীন্ শূদ্রাংশ্চ দেহক্লেশোপজীবিনোভারিকাদীন্ মাসি মাস্যেকংদিনং কর্ম্ম কারয়েৎ ॥ ১৩৮ ॥

কারুক ও শিল্পিক, যথা পাচক মদক কাংস্যকার শঙ্খকার মালাকার কর্ম্মকার স্বর্ণকার কুম্ভকার তন্তুবায় চিত্রকর লেখক সূত্রধর তৈলিক প্রভৃতি ও শূদ্র যাহারা দাস পদবাচ্য এবং যাহারা কায়িক পরিশ্রমে জীবিকা করে সেই সকল ব্যক্তিকে রাজা মাসে মাসে এক এক দিন কর্ম্ম করাইয়া লইবেন ॥ ১৩৮ ॥

নোচ্ছিন্দ্যাদাত্মনো মূলং পরেষাঞ্চাতিতৃষ্ণয়া।
উচ্ছিন্দন্ হ্যাত্মনো মূলমাত্মানং তাংশ্চ পীড়য়েৎ ॥ ১৩৯ ॥

নোচ্ছিন্দ্যাদিতি। প্রজাস্নেহাৎ করশুল্কাদেরগ্রহণমাত্মনো মূলোচ্ছেদঃ অতিলোভেন প্রচুরকরাদিগ্রহণং পরেষাং মূলোচ্ছেদঃ এতদুভয়ং ন কুর্য্যাৎ যস্মাৎ আত্মনো মূলমুচ্ছিদ্য কোষক্ষয়াদাত্মানং পীড়য়েৎ। পূর্ব্বার্দ্ধাৎ পরেষাঞ্চেত্যপি সংবধ্যতে পরেষাং মূলমুচ্ছিদ্য তাংশ্চ পীড়য়েৎ ॥ ১৩৯ ॥

অধিক স্নেহ বশত রাজা আত্ম প্রাপ্য কর ও শুল্ক পরিত্যাগ করিয়া আত্ম মূলোচ্ছেদন করিবেন না ও অধিক লোভ বশত সমধিক কর ও শুল্ক গ্রহণ করিয়া পরের মূলোৎপাটন

করিবেন না যে হেতু এতদুভয় কার্য্যেই আত্মাকে ও পরকে পীড়া দেওয়া হয় কোনক্ষয়ে আত্মপীড়া অধিক গুহণে পরপীড়া হয় ॥ ১৩৯ ॥

তীক্ষ্ণশ্চৈব মৃদুশ্চ স্যাৎ কার্য্যং বীক্ষ্য মহীপতিঃ।
তীক্ষ্ণশ্চৈব মৃদুশ্চৈব রাজা ভবতি সম্মতঃ ॥ ১৪০ ॥

তীক্ষ্ণ ইতি। কার্য্যবিশেষমবগম্য কচিৎ কার্য্যে তীক্ষ্ণঃ কচিন্মৃদুশ্চ ভবেৎ নত্বেকরূপমালম্বেৎ যস্মাদুক্তরূপো রাজা সর্ব্বেষামভিমতো ভবতি ॥ ১৪০ ॥

রাজা কার্য্য বিশেষে তীক্ষ্ণ অর্থাৎ ভয়ঙ্কর হইবেন আর কোন কার্য্যে অতি মৃদু অর্থাৎ কোমল স্বভাব হইবেন এবম্ভূত রাজা সর্ব্বজনের প্রিয়পাত্র হয়েন ॥ ১৪০ ॥

অমাত্যমুখ্যং ধর্ম্মজ্ঞং প্রাজ্ঞং দান্তং কুলোদ্গতং।
স্থাপয়েদাসনে তস্মিন্ খিন্নঃ কার্য্যেক্ষণে নৃণাং ॥ ১৪১ ॥

অমাত্যেতি। স্বযং কার্য্যদর্শনে খিন্নঃ শ্রেষ্ঠামাত্যং ধর্ম্মবিদং প্রাজ্ঞং জিতেন্দ্রিয়ং কুলীনং তস্মিন্ কার্য্যদর্শনস্থানে নিযুঞ্জীত ॥ ১৪১ ॥

রাজা যখন স্বয়ং বিচার কার্য্যে অসমর্থ হইবেন তখন তিনি একজন অমাত্য শ্রেষ্ঠকে যিনি ধর্ম্মজ্ঞ পণ্ডিত ও সৎকুলজাত ব্রাহ্মণ বা ক্ষত্রিয় বা বৈশ্য হউন তাঁহাকে ধর্ম্মাধিকরণের আসনে অর্থি প্রত্যর্থির কার্য্য দর্শনের নিমিত্ত নিযুক্ত করিবেন ॥ ১৪১ ॥

এবং সর্ব্বং বিধায়েদ মিতিকর্ত্তব্যমাত্মনঃ।
যুক্তশ্চৈবাপ্রমত্তশ্চ পরিরক্ষেদিমাঃ প্রজাঃ ॥ ১৪২ ॥

এবমিত্যাদি। এবমুক্তপ্রকারেণ সর্ব্বমাত্মনঃ কার্য্যজাতং সম্পাদ্য উদ্যুক্তঃ প্রমাদ রহিতআত্মীয়াঃ প্রজা রক্ষেৎ ॥ ১৪২ ॥

উক্ত প্রকারে আপনার কর্ত্তব্য ক্রিয়া সকল সম্পন্ন করিয়া উৎসাহান্বিত ও প্রমাদরহিত হইয়া প্রজাদিগকে সর্ব্বতোভাবে রক্ষা করিবেন ॥ ১৪২ ॥

বিক্রোশন্ত্যো যস্য রাষ্ট্রাদ্ধ্রিয়ন্তে দস্যুভিঃ প্রজাঃ।
সংপশ্যতঃ সভৃত্যস্য মৃতঃ স নতু জীবতি ॥ ১৪৩ ॥

বিক্রোশেতি। যস্য রাজ্ঞোঽমাত্যাদিসহিতস্য পশ্যতএব রাষ্ট্রাদাক্রোশন্ত্যঃ প্রজাঃ তস্করাদিভিরপহ্রিয়ন্তে স মৃতএব ন তু জীবতি জীবনকার্য্যাভাবাৎ জীবনমপি তস্য মরণমেবেত্যর্থঃ। তস্মাদপ্রমত্তঃ প্রজারক্ষেদিতি পূর্ব্বোক্তশেষং ॥ ১৪৩ ॥

অমাত্যবর্গের সহিত বর্ত্তমান রাজার রাজ্যে যদি চৌরাদি প্রজাদিগের সর্ব্বস্ব লইয়া যায় প্রজারা আর্ত্তনাদ করিতে থাকে রাজাও তাহাদিগের কাতরতা দেখিতে পান, সে রাজা জীবিত থাকিতেই তাঁহাকে মৃত বলা যায় যেহেতু তিনি জীবিতের কার্য্য করিলেন না ॥ ১৪৩ ॥

ক্ষত্রিয়স্য পরোধর্ম্মঃ প্রজানামেব পালনং।
নির্দ্দিষ্টফলভোক্তা হি রাজা ধর্ম্মেণ যুজ্যতে॥ ১৪৪॥

তদেব দ্রঢ়য়তি ক্ষত্রিয়েতি। ধর্ম্মান্তরেভ্যঃ শ্রেষ্ঠং ক্ষত্রিয়স্য প্রজারক্ষণমেব প্রকৃষ্টো-ধর্ম্মঃ যস্মাদ্যথোক্তলক্ষণফল[illegible]রাদিভোক্তা রাজা ধর্ম্মেণ সম্বধ্যতে॥ ১৪৪॥

রাজার অন্যান্য ধর্ম্ম হইতে প্রজাপালন পরম ধর্ম্ম শাস্ত্রে কহিয়াছেন যেহেতু শাস্ত্রোক্ত করাদিভোক্তা রাজা অদৃষ্টাখ্য ধর্ম্মে সম্বন্ধ হয়েন॥ ১৪৪॥

উত্থায় পশ্চিমে যামে কৃতশৌচঃ সমাহিতঃ।
হুতাগ্নির্ব্রাহ্মণাংশ্চার্চ্চ্য প্রবিশেৎ স শুভাং সভাং॥ ১৪৫॥

উত্থায়েতি। স ভূপঃ রাত্রেঃ পশ্চিমযামউত্থায় কৃতমূত্রপুরীষোৎসর্গাদিশৌচোঽনন্যমনাঃ কৃতাগ্নিহোত্রাবসথ্যহোমো ব্রাহ্মণান্ পূজয়িত্বা বাস্তুলক্ষণাদ্যুপেতাং সভামমাত্যাদিদর্শন-গৃহং প্রবিশেৎ॥ ১৪৫॥

রাজা রাত্রির শেষ প্রহরে শয্যা হইতে গাত্রোত্থান করিয়া মূত্র পুরীষ ত্যাগ করিয়া মৃত্তা-র্য্যাদি দ্বারা দেহ শুদ্ধ হইয়া একাগ্র চিত্ত হইয়া প্রতিদিন কর্ত্তব্য অগ্নিহোত্রীয় হোম সম্পাদন করিয়া ব্রাহ্মণদিগের দান মান সৎকারে পূজা করিয়া ধর্ম্মাধিকরণস্থানে প্রবেশ করিবেন চারিদণ্ডের পর দুই প্রহর পর্য্যন্ত বিচার দর্শন করিবেন॥ ১৪৫॥

তত্র স্থিতঃ প্রজাঃ সর্ব্বাঃ প্রতিনন্দ্য বিসর্জ্জয়েৎ।
বিসৃজ্য চ প্রজাঃ সর্ব্বা মন্ত্রয়েৎ সহ মন্ত্রিভিঃ॥ ১৪৬॥

তত্রেতি। তস্যাং সভায়াং স্থিতো দর্শনার্থমাগতাঃ প্রজাঃ সর্ব্বাঃ সম্ভাষণদর্শনাদিভিঃ প্রতিনন্দ্য প্রস্থাপয়েৎ তাশ্চ প্রস্থাপ্য মন্ত্রিভিঃ সহ সন্ধিবিগ্রহাদি চিন্তয়েৎ॥ ১৪৬॥

উক্ত সভায় অবস্থিত রাজা বিচার দর্শনার্থ সমাগত প্রজাসকলকে আনন্দিত করিয়া স্বস্বস্থানে প্রস্থান করাইবেন তাহারদিগকে প্রস্থান করাইয়া পুনর্ব্বার মন্ত্রিগণের সহিত সন্ধি-বিগ্রহাদির মন্ত্রণা করিবেন॥ ১৪৬॥

গিরিপৃষ্ঠং সমারুহ্য প্রাসাদং বা রহোগতঃ।
অরণ্যে নিঃশলাকে বা মন্ত্রয়েদবিভাবিতঃ॥ ১৪৭॥

গিরিপৃষ্ঠমিতি। পর্ব্বতপৃষ্ঠমারুহ্য নির্জ্জনরনগৃহস্থিতোবা অরণ্যে বা বিবিক্তে দেশে মন্ত্রভেদকারিভিরনুপলক্ষিতঃ কর্ম্মণামারম্ভোপায়ঃ পুরুষদ্রব্যসম্পদ্দেশকালবিভাগোবিনি-পাতঃ প্রতীকারঃ কার্য্যসিদ্ধিরিত্যেবং পঞ্চাঙ্গমন্ত্রং চিন্তয়েৎ॥ ১৪৭॥

পর্ব্বতের উপর প্রাসাদের উপর বা নির্জ্জন প্রদেশে অরণ্যান্তর্গত বিবিক্তস্থানে বসিয়া মন্ত্রণা করিবেন যেন কোন মন্ত্রণাভেদকারি লোকেরা দেখিতে না পায়॥ ৪৭॥

যস্য মন্ত্রং ন জানন্তি সমাগম্য পৃথগ্‌জনাঃ।
স কৃৎস্নাং পৃথিবীং ভুঙ্‌ক্তে কোষহীনোঽপি পার্থিবঃ॥ ১৪৮॥

যস্যেতি। যস্য রাজ্ঞোমন্ত্রিভ্যঃ পৃথগন্যে জনা মিলিত্বাস্য মন্ত্রং ন জানন্তি স ক্ষীণ-কোষোঽপি সর্ব্বাং পৃথিবীং ভুনক্তি॥ ১৪৮॥

যে রাজার মন্ত্রণা মন্ত্রি হইতে অন্য পৃথক্ জনে না জানিতে পারে সে রাজা অল্প ধন হইলেও সমুদায় পৃথিবী ভোগ করে॥ ১৪৮॥

জড়মূকান্ধবধিরাংস্তির্য্যগ্‌যোনান্ বয়োগতান্।
স্ত্রীম্লেচ্ছব্যাধিতব্যঙ্গান্ মন্ত্রকালেঽপসারয়েৎ॥ ১৪৯॥

জড়েতি। বুদ্ধিবাক্‌চক্ষুঃশ্রোত্রবিকলান্ তির্য্যগ্‌যোনিভবাংশ্চ শুকসারিকাদীন্ অতি-বৃদ্ধস্ত্রীম্লেচ্ছরোগ্যঙ্গহীনাংশ্চ মন্ত্রসময়ে অপসারয়েৎ॥ ১৪৯॥

জড় মূক অন্ধ বধির শুক সারিকাদি পক্ষিগণ অতিবৃদ্ধ স্ত্রীলোক ম্লেচ্ছ রোগী অধি-কাঙ্গ অঙ্গবিহীন এই সকলকে মন্ত্রণা সময়ে অবসারিত করিবেন॥ ১৪৯॥

ভিন্দন্ত্যবমতামন্ত্রং তৈর্য্যগ্‌যোনাস্তথৈব চ।
স্ত্রিয়শ্চৈব বিশেষেণ তস্মাত্তত্রাদৃতোভবেৎ॥ ১৫০॥

যস্মাৎ ভিন্দন্তীত্যাদি। এতে জড়াদয়োঽপি প্রাচীনদুষ্কৃতবশেন প্রাপ্তজড়াদিভাবা অধার্ম্মিকতয়ৈবাবমানিতামন্ত্রভেদং কুর্ব্বন্তি তথা শুকাদয়োঽতিবৃদ্ধাশ্চ স্ত্রিয়শ্চ বিশেষে-ণাস্থিরবুদ্ধিতয়া মন্ত্রং ভিন্দন্তি তস্মাত্তদপসারণে যত্নবান্ স্যাৎ॥ ১৫০॥

যেহেতু পূর্ব্ব জন্মের কর্ম্মদোষে জড়াদিভাবাপন্ন জড়াদিরা স্বভাবতঃ অবমানিত প্রায় থাকে এজন্য উহারা মন্ত্রণা ভেদ করে এবং পক্ষীরা ও স্ত্রীলোক স্বভাব দোষে মন্ত্রণা ভেদ করিয়া ফেলে অতএব বিশেষ যত্ন সহকারে এই সকলের অবসারণে মনোযোগ করি-বেন॥ ১৫০॥

মধ্যন্দিনেঽর্দ্ধরাত্রে বা বিশ্রান্তো বিগতক্লমঃ।
চিন্তয়েদ্ধর্ম্মকামার্থান্ সার্দ্ধং তৈরেকএব বা॥ ১৫১॥

মধ্যন্দিনইতি। দিনমধ্যে রাত্রিমধ্যে বা বিগতচিত্তখেদঃ শরীরক্লেশরহিতশ্চ মন্ত্রিভিঃ সহ একাকী বা ধর্ম্মার্থকামানমনুষ্ঠাতুং চিন্তয়েৎ॥ ১৫১॥

দিবা সম্পূর্ণ দুই প্রহর সময়ে অথবা সম্পূর্ণার্দ্ধ রাত্রে সুস্থান্তঃকরণে উক্ত অমাত্যবর্গের সহিত অথবা একাকী ধর্ম্মার্থকাম চিন্তা করিবেন॥ ১৫১॥

পরস্পরবিরুদ্ধানাং তেষাঞ্চ সমুপার্জ্জনং।
কন্যানাং সংপ্রদানঞ্চ কুমারাণাঞ্চ রক্ষণং॥ ১৫২॥

পরস্পরেতি। তেষাঞ্চ ধর্ম্মার্থকামানাং প্রায়িকবিরোধবতাং বিরোধপরিহারেণার্জ্জনোপায়ং চিন্তয়েৎ। দুহিতৃণাঞ্চ দানং স্বকার্য্যসিদ্ধ্যর্থং নিরূপয়েৎ। কুমারাণাঞ্চ পুত্রাণাং বিনয়াধাননীতিশিক্ষার্থং রক্ষণং চিন্তয়েৎ ॥ ১৫২ ॥

উক্ত ধর্ম্মার্থ কাম ইহারা পরস্পর বিরুদ্ধ ধর্ম্মাক্রান্ত। অর্থের বিরুদ্ধ ধর্ম্ম ধর্ম্মের বিরুদ্ধ অর্থ এবং কামের বিরুদ্ধ ধর্ম্ম ও অর্থ এইরূপে পরস্পর বিরুদ্ধ। উক্ত বিরোধ পরিহার পূর্ব্বক অর্থোপায় চিন্তা করিবেন কোন্ পাত্রে কন্যা সম্প্রদান করিলে স্বকার্য্য সিদ্ধি হয় বিবেচনা করিয়া কন্যাদিগকে সম্প্রদান করিবেন এবং কুমারেরদিগের বিনয় নীতি শিক্ষাদি দ্বারা রক্ষণ চিন্তা করিবেন ॥ ১৫২ ॥

দূতসম্প্রেষণঞ্চৈব কার্য্যশেষং তথৈব চ।
অন্তঃপুরপ্রচারঞ্চ প্রণিধীনাঞ্চ চেষ্টিতং ॥ ১৫৩ ॥

দূতেতি। দূতানাং সংগুপ্তার্থলেখহারিত্বাদিনা পররাষ্ট্রপ্রস্থাপনং চিন্তয়েৎ। তথা প্রারব্ধকার্য্যশেষং সমাপয়িতুং চিন্তয়েৎ স্ত্রীণাং চাতিবিষমচেষ্টিতত্বাৎ তথাহি। শস্ত্রেণ বেণীবিনিগূহিতেন বিদূরথং বৈ মহিষী জঘান। বিষপ্রদিগ্ধেন চ নূপুরেণ দেবী বিরক্তা কিল কাশিরাজমিত্যাদ্যবগম্যাত্মরক্ষার্থং চান্তঃ পুরস্ত্রীণাঞ্চেষ্টিতং সখীদাস্যাদিনা নিরূপয়েৎ। চরাণাঞ্চ প্রতিরাজাদিষু নিযুক্তানাং চরান্তরৈশ্চেষ্টিতমবধারয়েৎ ॥ ১৫৩ ॥

দূতকে পররাজ্যে কিরূপে প্রেরণ করা যায়, যেকার্য্য আরব্ধ হইয়াছে সমাপ্ত হয় নাই, তাহা কিরূপে পরিসমাপ্ত হয় স্ত্রীলোকদিগের ব্যবহার সখ্যাদি দ্বারা কিরূপে অবগত হওয়া যায় পর রাজ্যে যেসকল চর নিযুক্ত করা হইয়াছে চরান্তর দ্বারা কিরূপে তাহাদিগের চেষ্টা বিদিত হওয়া যায় এই সকল বিষয় চিন্তা করিবেন। দুষ্ট স্বভাব স্ত্রীলোক না করিতে পারে এমন কর্ম্মই নাই বিদূরথনামে রাজার মহিষী বেণীর অভ্যন্তরে নিগূহিত অস্ত্রদ্বারা বিদূরথকে নষ্ট করে কাশীরাজ মহিষী বিষদিগ্ধ নূপুর দ্বারা কাশীরাজকে বিনষ্ট করিয়াছে অতএব অন্তঃপুরের সম্বাদ তদুপযুক্ত দাস্যাদি দ্বারা অবগত হইতে হইবে ॥ ১৫৩ ॥

কৃৎস্নং চাষ্টবিধং কর্ম্ম পঞ্চবর্গঞ্চ তত্ত্বতঃ।
অনুরাগাপরাগৌ চ প্রচারং মণ্ডলস্য চ ॥ ১৫৪ ॥

কৃৎস্নমিতি। অষ্টবিধং কর্ম্ম সমগ্রং চিন্তয়েৎ তচ্চোশনসোক্তং। আদানে চ বিসর্গে চ তথা প্রৈষনিষেধয়োঃ। পঞ্চমে চার্থবচনে ব্যবহারস্য চেক্ষণে। দণ্ডশুদ্ধ্যোঃ সদা যুক্তস্তেনাষ্টগতিকো নৃপঃ। অষ্টকর্ম্মা দিবং যাতি রাজা শক্রাতিপূজিতঃ। তত্রাদানং করাদীনাং, বিসর্গোভৃত্যাদিভ্যোধনদানংপ্রৈষোঽমাত্যাদীনাং, দৃষ্টাদৃষ্টানুষ্ঠানেষু, নিষেধো দৃষ্টাদৃষ্টবিরুদ্ধক্রিয়াসু, অর্থ বচনং কার্য্যসন্দেহে রাজাজ্ঞয়ৈব তত্র নিয়মাৎ। ব্যবহারেক্ষণং প্রজানামৃণাদিবিপ্রতিপত্তৌ, দণ্ডঃ পরাজিতানাং শাস্ত্রোক্তধনগ্রহণং, শুদ্ধিঃ পাপে কর্ম্মণি জাতে তত্র প্রায়শ্চিত্তসম্পাদনং। মেধাতিথিস্তু অকৃতারম্ভঃ কৃতানুষ্ঠান মনুষ্ঠিতবিশেষণং কর্ম্ম ফলসং গ্রহঃ, তথা সাম, দানভেদদণ্ডাএতদষ্টবিধং কর্ম্ম অথবা বণিক্পথ, উদকসেতুবন্ধনং,

দুর্গকরণং কৃতস্য সংস্কারনির্ণয়ঃ হস্তিবন্ধনং খনিখননং সৈন্যনিবেশনং দারুণবনচ্ছেদনঞ্চেত্যাহ। তথা কাপটিকোদাস্থিতগৃহপতিবৈদেহিকতাপসব্যঞ্জনাত্মকং পঞ্চবিধং চারবর্গং পঞ্চবর্গশব্দবাচ্যং তত্ত্বতশ্চিন্তয়েৎ। তত্র পরমর্ম্মজ্ঞঃ প্রগল্‌ভচ্ছাত্রঃ কপটব্যবহারিত্বাৎ কাপটিকস্তং বৃত্ত্যর্থিনমর্থমানাভ্যামুপগৃহ্য রহসি রাজা ব্রূয়াৎ যস্য দুর্ব্বৃত্তং পশ্যসি তত্তদানীমেব ময়ি বক্তব্যমিতি। প্রব্রজ্যারূঢপতিতউদাস্থিতঃ তৃং লোকেষু বিদিতদোষং প্রজ্ঞাশৌচযুক্তং বৃত্ত্যর্থিনং জ্ঞাত্বা রহসি রাজা পূর্ব্ববৎ ব্রূয়াৎ বহূৎপত্তিকমঠে স্থাপয়েৎ প্রচুরশস্যোৎপত্তিকং ভূম্যন্তরঞ্চ তদ্বৃত্ত্যর্থমুপকল্পয়েৎ স চান্যেষামপি প্রব্রজিতানাং রাজচারকর্ম্মকারিণাং গ্রাসাচ্ছাদনাদিকং দদ্যাৎ। কর্ষকঃ ক্ষীণবৃত্তিঃ প্রজ্ঞাশৌচযুক্তো গৃহপতিব্যঞ্জনস্তমপি পূর্ব্ববদুক্ত্বা স্বভূমৌ কৃষিকর্ম্ম কারয়েৎ। বাণিজকঃ ক্ষীণবৃত্তিঃ বৈদেহিকব্যঞ্জনস্তং পূর্ব্ববদুক্ত্বা ধনমানাভ্যামাত্মীকৃত্য বাণিজ্যং কারয়েৎ। মুণ্ডো জটিলো বা বৃত্তিকামস্তাপসব্যঞ্জনঃ সোঽপি কচিদাশ্রমে বসন্ বহুমুণ্ডজটিলান্তরকপটশিষ্যগণবৃতোগুপ্তরাজোপকল্পিতবৃত্তিঃ তাপস্যং কুর্য্যাৎ মাসদ্বিমাসান্তরিতং প্রকাশং বদরাদিমুষ্টিমশ্নীয়াৎ রহসি চ রাজোপকল্পিতং যথেষ্টমাহারং কল্পয়েৎ শিষ্যাশ্চাস্যাতীতানাগতজ্ঞানাদিকং খ্যাপয়েয়ুঃ তেন বহুলোকবেষ্টনমাসাদ্য সর্ব্বেষাং বিশ্বসনীয়ত্বাৎ সর্ব্বে কার্য্যমকার্য্যঞ্চ পৃচ্ছন্তি অন্যস্য চ কুক্রিয়াদিকং কথয়ন্ত্যেবং রূপং পঞ্চবর্গং যথাবচ্চিন্তয়েৎ। এবং পঞ্চবর্গং প্রকল্প্য তেনৈব পঞ্চবর্গদ্বারেণ প্রতিরাজস্যাত্মীয়ানাঞ্চামাত্যাদীনাং অনুরাগবিরাগৌ জ্ঞাত্বা তদনুরূপং চিন্তয়েৎ। বক্ষ্যমাণস্য চ রাজমণ্ডলস্য প্রচারং কঃ সন্ধ্যর্থী কোবা বিগ্রহার্থীত্যাদিকং চিন্তয়েৎ তঞ্চ জ্ঞাত্বা তদনুগুণং চিন্তয়েৎ ॥ ১৫৪ ॥

অষ্টকার্য্যের প্রতি রাজার অত্যন্ত মনোযোগ আবশ্যক, আয়, ব্যয়, করাদির গ্রহণ, ভৃত্যাদির বেতনাদি দান, মন্ত্রিগণের দৃষ্টাদৃষ্ট কার্য্যে নিয়োগ, এবং বিরুদ্ধ কার্য্যানুষ্ঠানে নিবারণ, এবং সন্দিগ্ধ বিষয়াদিতে শাস্ত্র প্রণীত কর নিরূপণ বা দেওয়ানি ফৌজদারি বিষয়ক বিচার করিয়া পরাজিতের নিকট শাস্ত্রোক্ত ধন গ্রহণ, এবং পাপের প্রায়শ্চিত্ত, ইহাকিরূপে হইবে তাহা চিন্তা করিবেন, এবং কাপটিক উদাস্থিত ও গৃহপতিব্যঞ্জন ও বৈদেহিকব্যঞ্জন এবং তাপসব্যঞ্জন এই পাঁচটি চারের নাম পঞ্চবর্গ, ইহারদিগের কর্ত্তব্য বিষয় যথার্থরূপে চিন্তা করিবেন, প্রগল্‌ভ ছাত্র, কপট ব্যবহারি প্রযুক্ত তাহাকে কাপটিক বলা যায়, বিত্তান্বেষী, উহাকে এমৎ কহিবেন যে তুমি যাহার দুরাচার দেখিবে তাহা তৎক্ষণাৎ আমার গোচর করাইবে, ভ্রষ্ট সংন্যাসিকে উদাস্থিত বলে প্রজ্ঞাশৌচযুক্ত এবং লোকের দোষ বেত্তা বৃত্ত্যর্থী জানিয়া রাজা পূর্ব্বের ন্যায় বলিয়া বহূৎপত্তিক মঠে উহাকে সংস্থাপিত করিবেন এবং বহু শস্যশালী ভূমি বৃত্ত্যর্থ দিবেন এমৎ ভূমি দিবেন যে তদুৎপন্ন শস্যাদি দ্বারা অন্যান্য সংন্যাসি দিগের গ্রাসাচ্ছাদন নির্ব্বাহ হয়। কর্ষক ক্ষীণবৃত্তি প্রজ্ঞাশৌচযুক্তকে গৃহপতিব্যঞ্জন বলা যায় উহাকে পূর্ব্বের ন্যায় বলিয়া আপনার রাজ্যে কৃষি

কার্য্য করাইবেন। বাণিজ্যিক জীবনবৃত্তিকে বৈদেহিক ব্যঞ্জন বলে উহাকে পূর্ব্বের ন্যায় বলিয়া দান মানে আত্মীয় করিয়া স্বরাজ্যে বাণিজ্য করাইবেন। ভ্রষ্ট ব্রহ্মচারি প্রজ্ঞাদিসম্পন্ন হইলে উহাকে তাপসব্যঞ্জন কহে বৃত্ত্যর্থী ঐ ব্যক্তি এক গ্রাম মধ্যে অনেক কপটশিষ্যাবৃত হইয়া কপট শিষ্যোপকল্পিত আহার গুপ্তভাবে করিবেন মাস দ্বিমাসান্তে প্রকাশ্যভাবে আহার দেখাইবেন। উহার শিষ্যেরা ঐ কপট তপস্বীর ভূত ভবিষ্যৎ বর্ত্তমানের বৃত্তান্ত বিষয়ে অভিজ্ঞান আছে এমৎ রাজ্যে রাষ্ট্র করিবেন তাহাতে বহুজনের আগমনে সকলের বিশ্বাসপাত্র হইয়া উঠিবেন তাহাতে কর্ত্তব্য অকর্ত্তব্য সকল কার্য্য প্রকাশ করিবেন, এইরূপে পঞ্চবর্গের সর্ব্ববিষয়ক চিন্তা করিবেন, উক্ত পঞ্চবর্গের দ্বারা শত্রুরাজার প্রতি উহার আত্মীয় অমাত্যবর্গের অনুরাগ বা বিরাগ আছে ইহা জানিয়া তদনুরূপ চিন্তা করিবেন এবং মণ্ডল রাজ সমূহের মধ্যে কোন রাজা সন্ধ্যর্থী কোন রাজা বা যুদ্ধার্থী ইহা অবগত হইয়া তদনুরূপ চিন্তা করিবেন॥ ১৫৪ ॥

মধ্যমস্য প্রচারঞ্চ বিজিগীষোশ্চ চেষ্টিতং।
উদাসীনপ্রচারঞ্চ শত্রোশ্চৈব প্রযত্নতঃ॥ ১৫৫ ॥

মধ্যমস্যেতি। অরিবিজিগীষ্বোর্যো ভূম্যনন্তরঃ সংহতয়োরনুগ্রহে সমর্থো নিগ্রহে চাসংহতয়োঃ সমর্থঃ স মধ্যমঃ, তস্য প্রচারং চিন্তয়েৎ। তথা প্রজ্ঞোৎসাহগুণপ্রকৃতিসম্পন্নো বিজিগীষুস্তস্য চেষ্টিতং চিন্তয়েৎ। তথা অরিবিজিগীষুমধ্যমানাং যঃ সংহতানামনুগ্রহে সমর্থোনিগ্রহে চাসংহতানাং সমর্থঃ স উদাসীনঃ তস্য প্রচারং চিন্তয়েৎ। শত্রোশ্চ ত্রিবিধস্যাপি সহজস্য, অকৃত্রিমস্য, ভূম্যনন্তরস্য চ পূর্ব্বাপেক্ষয়া প্রযত্নতঃ প্রচারং চিন্তয়েৎ॥ ১৫৫ ॥

অরি ও যুদ্ধার্থী রাজদ্বয়ের ভূমির অব্যবহিত রাজ্যান্তর্ব্বর্ত্তী রাজা, যে মিলিত অরি বিজয়ার্থী রাজার অনুগ্রহে সমর্থ এবং ভিন্ন ভিন্ন উভয়ের নিগ্রহ করিতে শক্ত উহাকে মধ্যম বলা যায় উহার কিরূপ ভাব তাহা চিন্তা করিবেন এবং প্রজ্ঞা ও উৎসাহ গুণ সম্পন্ন স্বামপ্রভৃতিসংখ্যক প্রকৃতি সম্পন্ন বিজিগীষু রাজার চেষ্টা এবং শত্রু বিজিগীষু মধ্যম রাজার মিলনে অনুগ্রহে সমর্থ অমেলনে নিগ্রহে সমর্থ ঐ রাজাকে উদাসীন বলা যায় উহার অন্তঃকরণের ভাব জানিবেন এবং সহজ শত্রু, কৃত্রিমশত্রু ও স্বভূম্যনন্তরবর্ত্তী শত্রু রাজাকে শত্রু বলা যায় উহারদিগের চেষ্টাও উক্ত চার দ্বারা অবগত হইবেন॥ ১৫৫ ॥

এতাঃ প্রকৃতয়ো মূলং মণ্ডলস্য সমাসতঃ।
অষ্টৌ চান্যাঃ সমাখ্যাতা দ্বাদশৈব তু তাঃ স্মৃতাঃ॥ ১৫৬ ॥

এতাইত্যাদি। এতা মধ্যমাদ্যাশ্চতস্রঃ প্রকৃতয়ঃ, সংক্ষেপেণ মণ্ডলস্য মূলং অপরাসামভিধাস্যমানপ্রকৃতীনামমাত্যাদীনাং মূলমিত্যুচ্যতে, অন্যাশ্চাষ্টৌ সমাখ্যাতাঃ তদ্যথা অগ্রতোঽরিভূমীনাং, মিত্রমরিমিত্রং, মিত্রমিত্রং, অরিমিত্রমিত্রং চেতি এবং চতস্রঃ প্রকৃতয়ো-

ভবন্তি, পশ্চাচ্চ পার্ষ্ণিগ্রাহ, আক্রন্দঃপার্ষ্ণিগ্রাহাসার, আক্রন্দাসারইতি চতস্রঃ এবমষ্টৌ প্রকৃতয়োভবন্তি পূর্ব্বোক্তাভিশ্চ মধ্যমারিবিজিগীষূদাসীনশত্রুরূপাভিঃ সহ দ্বাদশৈতাঃ প্রকৃতয়ঃ স্মৃতাঃ ॥ ১৫৬ ॥

মধ্যম বিজিগীষু উদাসীন ও শত্রু এই চারিকে মুল প্রকৃতি বলা যায় অর্থাৎ অমাত্য রাষ্ট্র দুর্গ অর্থ দণ্ড এই পঞ্চ প্রকৃতির মুল হয় এজন্য মুল প্রকৃতি শব্দে কহা যায় অরিভূমির অগ্রবর্ত্তী মিত্র, অরি মিত্র, মিত্র মিত্র, অরিমিত্র মিত্র এই চারিটি, পশ্চাদ্বর্ত্তী পার্ষ্ণিগ্রাহ, আক্রন্দ, পার্ষ্ণিগ্রাহাসার আক্রন্দাসার এই চারিটি, এ বিধায় আটটি প্রকৃতি, সর্ব্বসমেত দ্বাদশটি প্রকৃতি হইল॥ ১৫৬ ॥

অমাত্যরাষ্ট্রদুর্গার্থদণ্ডাখ্যাঃ পঞ্চ চাপরাঃ।
প্রত্যেকং কথিতা হ্যেতাঃ সংক্ষেপেণ দ্বিসপ্ততিঃ ॥ ১৫৭ ॥

অমাত্যেতি। আসাং মূলপ্রকৃতীনাঞ্চতসৃণাং অষ্টানাং শাখাপ্রকৃতীনাং উক্তানাং একৈকস্যাঃ প্রকৃতেঃ অমাত্যদেশদুর্গকোষদণ্ডাখ্যাঃ পঞ্চ দ্রব্যপ্রকৃতয়ো ভবন্তি এতাশ্চ পঞ্চ দ্বাদশানাং প্রত্যেকং ভবন্ত্যো দ্বাদশগুণজাতাঃ ষষ্টিরেব দ্রব্যপ্রকৃতয়োভবন্তি তথা মূলপ্রকৃতিভিশ্চতসৃভিশ্চাষ্টাভিঃ সহ সংক্ষেপতো দ্বিসপ্ততিপ্রকৃতয়োমুনিভিঃ কথিতাঃ ॥ ১৫৭ ॥

মধ্যম বিজিগীষু উদাসীন শত্রুরূপ মূল প্রকৃতি এক অরি ভূমির অগ্রবর্ত্তী মিত্র অরিমিত্র মিত্রমিত্র অরিমিত্র মিত্র পশ্চাদ্বর্ত্তী পার্ষ্ণিগ্রাহ আক্রন্দ পার্ষ্ণিগ্রাহাসার আক্রন্দাসার এই দ্বাদশটি প্রকৃতির প্রত্যেক অমাত্য রাষ্ট্র দুর্গ অর্থ দণ্ড এই পাঁচটি পাঁচটি দ্রব্য প্রকৃতি হয় আর মধ্যমাদি দ্বাদশটি প্রকৃতি এবিধায় সর্ব্বশুদ্ধ দ্বাসপ্ততি প্রকৃতি হইল ॥ ১৫৭ ॥

অনন্তরমরিং বিদ্যাদরিসেবিনমেব চ।
অরেরনন্তরং মিত্রমুদাসীনং তয়োঃ পরং ॥ ১৫৮ ॥

অনন্তরমিতি। বিজিগীষোর্নৃপস্যানন্তরিতং চতুর্দ্দিশমপ্যরিপ্রকৃতিং বিজানীয়াৎ। তথা তৎসেবিনমপি অরিমেব বিদ্যাৎ, অরেরনন্তরং বিজিগীষোরুদাসীনপ্রকৃতিং বিদ্যাৎ আসামেব প্রকৃতীনামগ্রপশ্চাদ্ভাবভেদেন ব্যপদেশভেদঃ, অত্রাগ্রবর্ত্তিনোঽরিব্যপদেশ এব পশ্চাদ্বর্ত্তিনস্ত্বরিত্বেঽপি পার্ষ্ণিগ্রাহব্যপদেশঃ ॥ ১৫৮ ॥

যুদ্ধার্থী রাজার রাজ্যের অব্যবহিতানন্তরবর্ত্তী রাজাকে শত্রু বলা যায় এবং অরি সেবীকেও শত্রু বলা যায়, উহাকে কৃত্রিম শত্রু বলে অরিভূমির অগ্রবর্ত্তীকে মিত্র বলা যায় এবং অরি রাজা যুদ্ধার্থী রাজার ভূমির অনন্তরবর্ত্তী রাজাকে উদাসীন বলা যায় ॥ ১৫৮ ॥

তান্ সর্ব্বানভিসন্দধ্যাৎ সামাদিভিরুপক্রমৈঃ।
ব্যস্তৈশ্চৈব সমস্তৈশ্চ পৌরুষেণ নয়েন চ ॥ ১৫৯ ॥

তানিতি। তান্ সর্ব্বান্ নৃপতীন্ সামভেদদানদণ্ডৈরুপায়ৈর্যথাসম্ভবং ব্যস্তৈঃ সমস্তৈর্ব্বশীকুর্য্যাৎ। অথবা পৌরুষেণ দণ্ডেনৈব কেবলেন নয়েন সাম্নৈব, বা কেবলেনাত্মবশান্ কুর্য্যাত্তথাচোক্তং সামদণ্ডৌ প্রশংসন্তি নিত্যং রাষ্ট্রাভিবৃদ্ধয়ে ॥ ১৫৯ ॥

এই সকল নৃপতিকে সাম ভেদ দান দণ্ডাখ্য চারিটি উপায়ের একটা অথবা দুইটা অথবা সমস্ত দ্বারা বশীভূত করিবেন অথবা কেবল যুদ্ধ দ্বারা অথবা কেবল সন্ধিদ্বারাই বশ করিবেন ॥ ১৫৯ ॥

সন্ধিঞ্চ বিগ্রহঞ্চৈব যানমাসনমেব চ।
দ্বৈধীভাবং সংশ্রয়ঞ্চ ষড়্গুণাংশ্চিন্তয়েৎ সদা ॥ ১৬০ ॥

সন্ধিমিতি। তত্রোভয়ানুগ্রহার্থং হস্ত্যশ্বরথহিরণ্যাদিনিবন্ধনেনাবাভ্যামন্যোন্যস্যোপকর্ত্তব্যমিতি নিয়মবন্ধঃ সন্ধিঃ, বৈরং বিগ্রহাচরণাদ্যাধিক্যেন, যানং শত্রুং প্রতিগমন, উপেক্ষণমাসনং, স্বার্থসিদ্ধয়ে স্ববলস্য দ্বিধাকরণং দ্বৈধীভাবঃ, শত্রুপীড়িতস্য প্রবলতররাজান্তরাশ্রয়ণং সংশ্রয়ঃ, এতান্ গুণানুপকারকান্ সর্ব্বদা চিন্তয়েৎ যদ্গুণাশ্রয়ণে সত্যাত্মন উপচয়ঃ পরস্যাপচয়ঃ তং গুণমাশ্রয়েৎ ॥ ১৬০ ॥

আমরা হস্তি অশ্ব সেনাধনাদি দ্বারা পরস্পরের উপকার করিব এইরূপ নিয়মকে সন্ধি বলা যায়, বিগ্রহ যুদ্ধ, যুদ্ধ জন্য শত্রু রাজার প্রতি যাত্রাকে যান বলা যায়, উপেক্ষা করিয়া গৃহে অবস্থান করণকে আসন বলা যায়, আপনার সৈন্যকে দ্বিধাকরার নামদ্বৈধ, আর শত্রু পীড়িত হইয়া বলবান রাজান্তরের আশ্রয়কে আশ্রয় বলা যায়, এই ছয়টি নৃপতিদিগের উপকারক এ জন্য গুণশব্দে কহে ইহার মধ্যে যে গুণের আশ্রয়ে আপনার উপকার, শত্রু রাজার অপচয় হয় তাহাই আশ্রয় করিবেন। ১৬০ ॥

আসনঞ্চৈব যানঞ্চ সন্ধিং বিগ্রহমেব চ।
কার্য্যং বীক্ষ্য প্রযুঞ্জীত দ্বৈধং সংশ্রয়মেব চ ॥ ১৬১ ॥

আসনমিতি। সন্ধ্যাদিগুণানাং নৈরপেক্ষ্যেণানুতিষ্ঠানমনন্তরমুক্তং তদুচিতানুষ্ঠানার্থোঽয়মারম্ভঃ আত্মসমৃদ্ধিপরহান্যাদিকং কার্য্যং বীক্ষ্য সন্ধ্যায়াসনং বিগৃহ্য বা যানং দ্বৈধীভাবসংশ্রয়ৌ চ কেনচিৎ সন্ধিং কেনচিদ্বিগ্রহং ইত্যাদিকমনুতিষ্ঠেৎ ॥ ১৬১ ॥

আপনার হস্তি অশ্বাদি সমৃদ্ধি, শত্রু রাজার হানি, অথবা আপনার হানি শত্রুরাজার সমৃদ্ধি দেখিয়া উচিতমতে কোথায় আসন, কোথায় বা যাত্রা, কখন বা সন্ধি, কখন বা যুদ্ধ ও দ্বৈধীকরণ রাজান্তরের আশ্রয় লইবেন ॥ ১৬১ ॥

সন্ধিন্তু দ্বিবিধং বিদ্যাদ্রাজা বিগ্রহমেব চ।
উভে যানাসনে চৈব দ্বিবিধঃ সংশ্রয়ঃ স্মৃতঃ ॥ ১৬২ ॥

সন্ধিন্তিতি। সন্ধ্যাদীন্ ষড়েব গুণান্ জানীয়াৎ ইত্যুত্তরবিবক্ষার্থং ॥ ১৬২ ॥

সন্ধি বিগ্রহ, যান, আসন, দ্বৈধীভাব সংশ্রয় ইহারা প্রত্যেকে দুই প্রকার হয় ॥ ১৬২ ॥

সমানযানকর্ম্মা চ বিপরীতস্তথৈব চ।
তদা ত্বায়তিসংযুক্তঃ সন্ধিজ্ঞেয়ো দ্বিলক্ষণঃ॥ ১৬৩॥

সমানেতি। তাৎকালিকফললাভার্থমুত্তরকালীনফললাভার্থং বা যত্র রাজান্তরেণ সহান্যং প্রতি, যানাদিকর্ম্ম ক্রিয়তে স সমানযানকর্ম্মা সন্ধিঃ, যঃ পুনস্ত্বমত্র যাহি অহমত্র যাস্যামীতি সাম্প্রতিকোত্তরকালীনফলার্থিভৈরেব ক্রিয়তে সোঽসমানযানকর্ম্মেত্যেবং দ্বিপ্রকারঃ সন্ধিজ্ঞাতব্যঃ॥ ১৬৩॥

যে স্থলে তাৎকালিকফল লাভার্থে বা উত্তর কালে ফল প্রাপ্তির জন্য রাজান্তরের সহিত শত্রুরাজার প্রতি যানাদি বিষয়ক সন্ধি করে উক্ত সন্ধিকে সমান যান কর্ম্মা সন্ধি বলা যায়, আর তুমি এখানে যাও আমি এখানে যাইব এইরূপে তাৎকালিকফল বা উত্তরকালীন ফলার্থী হইয়া যে সন্ধি করা যায় তাহাকে অসমান যান কর্ম্মা সন্ধি বলা যায় এ বিধায় সন্ধি দুইপ্রকার জানিবে॥ ১৬১॥

স্বয়ং কৃতশ্চ কার্য্যার্থমকালে কালএব বা।
মিত্রস্য চৈবাপকৃতে দ্বিবিধোবিগ্রহঃ স্মৃতঃ॥ ১৬৪॥

স্বয়মিত্যাদি। শত্রুজয়রূপপ্রয়োজনার্থং শত্রোর্ব্যসনাদিকং আকলয্য বক্ষ্যমাণমার্গশীর্ষাদি কালাদন্যদা, যথোক্তকালএব বা স্বয়ং কৃতইতি একোবিগ্রহঃ, অপকৃতমপকারঃ মিত্রস্যাপকারে রাজান্তরেণ কৃতে মিত্ররক্ষার্থমপরোবিগ্রহইত্যেবং দ্বিবিধোবিগ্রহঃ। গোবিন্দরাজেন তু মিত্রেণ চৈবাপকৃতইতি পঠিতং ব্যাখ্যাতঞ্চ যঃ পরস্য শত্রুঃ স বিজিগীষোর্মিত্রং তেনাপকারে ক্রিয়মাণে ব্যসনিনি শত্রাবিতি। তস্মাল্লিখিতপাঠোবৃদ্ধে-র্গোবিন্দরাজতঃ। মেধাতিথি প্রভৃতিভিলিখিতঃ স্বীকৃতো ময়া॥ ১৬৪॥

শত্রু রাজার ব্যসনাদি দোষ জানিয়া তাহার পরাজয় করিবার জন্য মার্গশীর্ষাদি শাস্ত্রীয় কালের অন্যকালে অথবা সময়ে শাস্ত্রোক্ত কালে স্বয়ং কৃত যুদ্ধ অথবা মিত্ররাজার রাজান্তরকৃত অপকার হইলে তাহার রক্ষার্থ অপর যুদ্ধ, এবিধায় বিগ্রহ দুইপ্রকার হইল॥ ১৬৪॥

একাকিনশ্চাত্যয়িকে কার্য্যে প্রাপ্তে যদৃচ্ছয়া।
সংহতস্য চ মিত্রেণ দ্বিবিধং যানমুচ্যতে॥ ১৬৫॥

একাকিনইত্যাদি। আত্যয়িকং কার্য্যং শত্রোর্ব্যসনাদিকং তস্মিন্ অকস্মাজ্জাতে শক্তস্যৈকাকিনোযান, মশক্তস্য মিত্রসহিতস্য ইত্যেবং যানং দ্বিবিধমভিধীয়তে॥ ১৬৫॥

অকস্মাৎ শত্রুর ব্যসনাদি দোষ দেখিয়া শক্ত হএন একাকীই যাত্রা করিবেন অশক্ত হইলে রাজান্তরের সহিত মিলিয়া যাইবেন, এবিধায় যান দ্বিবিধ হইল॥ ১৬৫॥

ক্ষীণস্য চৈব ক্রমশো দৈবাৎ পূর্ব্বকৃতেন বা।
মিত্রস্য চানুরোধেন দ্বিবিধং স্মৃতমাসনং॥ ১৬৬॥

ক্ষীণস্যেতি। প্রাগ্‌জন্মার্জ্জিতেন দুষ্কৃতেন ঐহিকেন বা পূর্ব্বকৃতেন ক্রমশঃ ক্ষীণহস্ত্যশ্বকোষাদিকস্য সমৃদ্ধস্যাপি বা মিত্রানুরোধেন তৎকার্য্যরক্ষার্থমিত্যেবং দ্বিবিধমাসনং মুনিভিঃ স্মৃতং ॥ ১৬৬ ॥

পূর্ব্বজন্মার্জ্জিত দুষ্কৃত দ্বারা অথবা ঐহিক প্রবল দুষ্কৃত দ্বারা ক্রমে হস্তি অশ্ব কোষাদিক্ষয় আসন, অথবা সমৃদ্ধ হইয়াও মিত্ররাজার অনুরোধে উহার কার্য্য রক্ষার্থ আসনকরা এ বিধায় আসন দুইপ্রকার হইল ॥ ১৬৬ ॥

বলস্য স্বামিনশ্চৈব স্থিতিঃ কার্য্যার্থসিদ্ধয়ে।
দ্বিবিধং কীর্ত্ত্যতে দ্বৈধং ষাড়্‌গুণ্যগুণবেদিভিঃ ॥ ১৬৭ ॥

বলস্যেতি। সাধ্যস্বপ্রয়োজনসিদ্ধ্যর্থং বলস্য হস্ত্যশ্বাদেঃ সেনাধিপত্যাধিষ্ঠিতস্য একত্র শত্রুনৃপোপদ্রববারণার্থমবস্থানমন্যত্র দুর্গদেশে রাজ্ঞঃ কতিচিদ্বলাধিষ্ঠিতস্যাবস্থানমেবং সন্ধ্যাদিগুণষট্‌কোপকারজ্ঞৈঃ দ্বিবিধং দ্বৈধং কীর্ত্ত্যতে ॥ ১৬৭ ॥

সাধ্য প্রয়োজন সিদ্ধ্যর্থ সেনাপত্যাধিষ্ঠিত সেনার একত্র অবস্থান দুর্গদেশে কতকগুলি সেনাসমভিব্যাহারে স্বয়ং রাজার অবস্থান এজন্য দ্বৈধীভাবও দুইপ্রকার ষটক গুণবেত্তারা বলিয়াছেন ॥ ১৬৭ ॥

অর্থসম্পাদনার্থঞ্চ পীড্যমানস্য শত্রুভিঃ।
সাধুষু ব্যপদেশার্থং দ্বিবিধঃ সংশ্রয়ঃ স্মৃতঃ ॥ ১৬৮ ॥

অর্থেতি। শত্রুভিঃ পীড্যমানস্য শত্রুপীড়ানিবৃত্ত্যাখ্যপ্রয়োজনসিদ্ধ্যর্থমসত্যামপি বা তৎকালে পীড়ায়াং ভাবিশত্রুপীড়াশঙ্কয়া অমুকময়ং মহাবলং নৃপতিমাশ্রিতইতি সর্ব্বত্র ব্যপদেশোৎপাদনার্থং বলবদুপাশ্রয়ণমেবং দ্বিবিধঃ সংশ্রয়ঃ ॥ ১৬৮ ॥

শত্রু কর্ত্তৃক পীড়িত হইয়া তৎপীড়া নিবারণ জন্য যে রাজান্তর আশ্রয়করা অথবা পীড়াসম্ভাবনায় অমুক রাজা বড় প্রবলরাজার আশ্রয় লইয়াছেন এতদ্রূপ ঘোষণার নিমিত্ত রাজান্তরের আশ্রয় এ বিধায় সংশ্রয়ও দুইপ্রকার হইল ॥ ১৬৮ ॥

যদাবগচ্ছেদায়ত্যামাধিক্যং ধ্রুবমাত্মনঃ।
তদাত্বে চাল্পিকাং পীড়াং তদা সন্ধিং সমাশ্রয়েৎ ॥ ১৬৯ ॥

যদেত্যাদি। যদা যুদ্ধোত্তরকালে নিশ্চিতমাত্মনআধিক্যং জানীয়াত্তদাত্বে তৎকালে অল্পধনাদ্যপক্ষয়ঃ তদা স্বল্পমঙ্গীকৃত্যাপি সন্ধিমাশ্রয়েৎ ॥ ১৬৯ ॥

যখন এমৎ জানিবে যে যুদ্ধোত্তর কালে আপনার নিশ্চিত প্রাবল্য হইবে এইক্ষণে কিঞ্চিৎ ক্ষতিমাত্র তখন যুদ্ধ না করিয়া সন্ধি করিবেন ॥ ১৬৯ ॥

যদা প্রকৃষ্টা মন্যেত সর্ব্বাস্তু প্রকৃতীর্ভৃশং।
অত্যুচ্ছ্রিতং তথাত্মানং তদা কুর্ব্বীত বিগ্রহং ॥ ১৭০ ॥

যদেতি। যদাঽমাত্যাদিকাঃ সর্ব্বাঃ প্রকৃতীঃ দানসম্মানাদ্যৈরতীব তুষ্টা মন্যেত আত্মানঞ্চ হস্ত্যশ্বকোষাদ্যৈঃ শক্তিত্রয়েণ উপচিতং তদা বিগ্রহমাশ্রয়েৎ॥ ১৭০॥

আর যখন আপনার অমাত্যাদি প্রকৃতি সকল হৃষ্ট পুষ্ট এবং আপনি শক্তিত্রয়সম্পন্ন ও হস্ত্যাদি সমৃদ্ধিমান, তখন যুদ্ধ করিবেন॥ ১৭০॥

যদা মন্যেত ভাবেন হৃষ্টং পুষ্টং বলং স্বকং।
পরস্য বিপরীতঞ্চ তদা যায়াদ্রিপুং প্রতি॥ ১৭১॥

যদেত্যাদি। যদাত্মীয়মমাত্যাদিসৈন্যং হর্ষযুক্তং ধনাদিনা পুষ্টং তত্ত্বতোজানীয়াৎ শত্রোশ্চামাত্যাদিবলং বিপরীতং তদা তং লক্ষীকৃত্য যায়াৎ॥ ১৭১॥

আর যখন যথার্থরূপে জানিবেন যে আপনার অমাত্যাদি সৈন্য সকল অতিশয় হর্ষযুক্ত ও ধনাদিতে পুষ্ট, ইহার বৈপরীত্য শত্রু রাজার বুঝিবেন তখন যুদ্ধার্থ শত্রু রাজার প্রতি গমন করিবে॥ ১৭১॥

যদা তু স্যাৎ পরিক্ষীণো বাহনেন বলেন চ।
তদাসীত প্রযত্নেন শনকৈঃ সান্ত্বয়ন্নরীন্॥ ১৭২॥

যদেত্যাদি। যদা পুনর্ব্বাহনেন হস্ত্যশ্বাদিনা বলেন চামাত্যাদিনা পরিক্ষীণোভবেত্তদা শনৈঃ শনৈঃ সামোপদাপ্রদানাদিনা শত্রূন্ প্রসাদয়ন্ প্রযত্নেনাসনমাশ্রয়েৎ॥ ১৭২॥

যখন আপনি বাহনও সৈন্যে পরিক্ষীণ তখন ক্রমেক্রমে উপঢৌকনাদি দ্বারা শত্রু রাজাকে সান্ত্বনাপূর্ব্বক আসন অবলম্বন করিবেন॥ ১৭২॥

মন্যেতারিং যদা রাজা সর্ব্বথা বলবত্তরং।
তদা দ্বিধা বলং কৃত্বা সাধয়েৎ কার্য্যমাত্মনঃ॥ ১৭৩॥

মন্যেতেতি। যদা রাজা সর্ব্বপ্রকারেণ বলীয়াংসমশক্যসন্ধানঞ্চ শত্রুং বুধ্যেত তদা কতিচিদ্বলসহিতঃ স্বয়ং দুর্গমাশ্রয়েৎ বলৈকদেশেন চ শত্রুবিরোধমাচরেৎ। এবং দ্বিধা-বলং কৃত্বা মিত্রসংগ্রহাদিকং স্বকার্য্যং সাধয়েৎ॥ ১৭৩॥

আর যখন সর্ব্বতোভাবে বলবন্ত শত্রুরাজাও সন্ধি যোগ্য নন তখন আত্মবল দুইভাগ করিয়া কতক গুলি সৈন্য সহিত নিজে দুর্গ আশ্রয় করিবেন এবং কতকগুলি সৈন্য দ্বারা বিরোধাচরণ করণ পূর্ব্বক মিত্র সংগ্রহাদিরূপ স্বকার্য্য সাধন করিবেন॥ ১৭৩॥

যদা পরবলানাস্তু গমনীয়তমোভবেৎ।
তদা তু সংশ্রয়েৎ ক্ষিপ্রং ধার্ম্মিকং বলিনং নৃপং॥ ১৭৪॥

যদেতি। যদা তু সৈন্যানামমাত্যাদিপ্রকৃতিদোষাদিনাতিশয়েন গ্রাহ্যোভবতি বলং দ্বৈধং বিধায় দুর্গাশ্রয়ণেনাপি নাত্মরক্ষাক্ষমঃ তদা শীঘ্রমেব ধার্ম্মিকং বলবন্তঞ্চ রাজা-নমাশ্রয়েৎ॥ ১৭৪॥

আর যখন পরসৈন্যের গমনীয় হইবেন উক্ত প্রকারবিধানে আত্মরক্ষা হয় না তখন শীঘ্র ধার্ম্মিক বলবান রাজাকে আশ্রয় করিবেন ॥ ১৭৪ ॥

নিগ্রহং প্রকৃতীনাঞ্চ কুর্য্যাদ্‌যোঽরিবলস্য চ।
উপসেবেত তং নিত্যং সর্ব্বযত্নৈর্গুরুং যথা ॥ ১৭৫ ॥

কীদৃশং তং বলবন্তমিত্যাহ নিগ্রহমিতি। যাসাং দোষেণাসৌ গমনীয়তমোজাত-স্তাসাং প্রকৃতীনাং যস্মাচ্চ শক্রবলাদস্য ভয়মুৎপন্নং তয়োর্দ্বয়োরপি যঃ সংশ্রিতোনিগ্রহ-ক্ষমস্তং নৃপং সর্ব্বযত্নৈর্গুরুমিব নিত্যং সেবেত ॥ ১৭৫ ॥

যে রাজা দুষ্ট প্রকৃতিদিগকে নিগ্রহ করিতে ক্ষম এমৎগুণশালী বলবন্ত রাজাকে গুরুর ন্যায় আশ্রয় করিবেন ॥ ১৭৫ ॥

যদি তত্রাপি সম্পশ্যেদ্দোষং সংশ্রয়কারিতং।
সুযুদ্ধমেব তত্রাপি নির্বিশঙ্কঃ সমাচরেৎ ॥ ১৭৬ ॥

যদীতি। অগতিকা হি গতিঃ সংশ্রয়োনাম তত্রাপি যদি সংশ্রয়কৃতং দোষং পশ্যেত্তদা নিঃসংশয়োভূত্বা শোভনমেব যুদ্ধং তস্মিন্ কালে সমাচরেৎ দুর্ব্বলেনাপি বলবতোজয় দর্শনাৎ নিহতস্য চ স্বর্গপ্রাপ্তেঃ ॥ ১৭৬ ॥

যদি সংশ্রয় করিলেও সংশ্রয়কৃত দোষ দেখেন তবে নির্ভয় হইয়া তুমুল যুদ্ধ করিবেন ॥ ১৭৬ ॥

সর্ব্বোপায়ৈস্তথা কুর্য্যান্নীতিজ্ঞঃ পৃথিবীপতিঃ।
যথাস্যাভ্যধিকা ন স্যুর্মিত্রোদাসীনশত্রবঃ ॥ ১৭৭ ॥

সর্ব্বোপায়ৈরিতি। সর্ব্বৈঃ সামাদিভিরুপায়ৈঃ নীতিজ্ঞোরাজা তথা যতেত যথাস্য মিত্রোদাসীনশত্রবোঽভ্যধিকা ন ভবন্তি, আধিক্যে হি তেষামসৌ গ্রাহ্যোভবতি ধন-লোভেন মিত্রস্যাপি শাত্রবতাপত্তেঃ ॥ ১৭৭ ॥

নীতিজ্ঞ রাজা দানাদি সর্ব্ব প্রকার উপায় দ্বারা এতাদৃশ যত্ন করিবেন যাহাতে মিত্র ও উদাসীন শত্রু রাজা প্রবল না হইতে পায় ॥ ১৭৭ ॥

আয়তিং সর্ব্বকার্য্যাণাং তদাত্বঞ্চ বিচারয়েৎ।
অতীতানাঞ্চ সর্ব্বেষাং গুণদোষৌ চ তত্ত্বতঃ ॥ ১৭৮ ॥

আযতিমিতি। সর্ব্বেষাং কার্য্যাণামল্পানাং বহূনামপি আয়তিমুত্তরকালং গুণদোষৌ বিচারয়েৎ। বর্ত্তমানকালঞ্চ শীঘ্রসম্পাদনাদ্যর্থং বিচারয়েৎ। অতীতানাঞ্চ সর্ব্বকার্য্যাণাং গুণদোষৌ কিমেষাং কৃতং বিঘটিতং কিম্বাবশিষ্টমিত্যেবং যথাবদ্বিচারয়েৎ ॥ ১৭৮ ॥

সকল কার্য্যের উত্তরকালে কি গুণ কি দোষ ইহা বিচার করিবেন ॥ ১৭৮ ॥

আয়ত্যাং গুণদোষজ্ঞস্তদাত্বে ক্ষিপ্রনিশ্চয়ঃ।
অতীতে কার্য্যশেষজ্ঞঃ শত্রুভির্নাভিভূয়তে॥ ১৭৯॥

যস্মা'ৎ আয়েতি। যঃ কার্য্যাণাং আগামিকালগুণদোষজ্ঞঃ স গুণবৎকার্য্যমারভতে দোষবৎ পরিত্যজতি যশ্চ বর্ত্তমানকালে ক্ষিপ্রমেবাবধার্য্য কার্য্যং করোতি অতীতে চ কার্য্যে যঃ কার্য্যশেষজ্ঞঃ স তৎকার্য্যসমাপ্তৌ তৎফলং লভতে যস্মাদেবাম্বিধকালত্রয়সাবধানস্তাম কদাচিৎ শত্রুভিরভিভূয়তে॥ ১৭৯॥

যে কার্য্য কর্ত্তব্য ভবিষ্যতে তাহার কি গুণ কি দোষ ইহার জ্ঞাতা যিনি তিনি গুণশালী কার্য্য করিতে প্রবর্ত্ত হন দোষ শূন্যকার্য্য পরিত্যাগ করেন। আর যিনি বর্ত্তমানকালে সত্বর উপস্থিত কার্য্য সম্পাদন করেন এবং অতীত কার্য্যের শেষদর্শী হয়েন তিনি সকল কার্য্যের ফললাভ করেন এইরূপে কালত্রয়ে সাবধান রাজা শত্রু কর্ত্তৃককদাচিৎ পীড়িত হয়েন না॥ ১৭৯॥

যথৈনং নাভিসন্দধ্যুর্ম্মিত্রোদাসীনশত্রবঃ।
তথা সর্ব্বং সংবিদধ্যাদেষ সামাসিকো নয়ঃ॥ ১৮০॥

কিং বহুনা যথেত্যাদি। যথৈনং রাজানং মিত্রাদয়উক্তা ন বাধেরন্ তথা সর্ব্বসন্বি-ধানং কুর্য্যাৎ ইত্যেষ সাংক্ষেপিকো নয়ো নীতিঃ॥ ১৮০॥

মিত্র উদাসীন শত্রু রাজারা যাহাতে আপনাকে পীড়া না দিতে পারে বিজিগীষু রাজা নিজরাজ্যে এমৎ উপায় করিবেন সংক্ষেপে এই নীতি বলা হইল॥ ১৮০॥

যদা তু যানমাতিষ্ঠেদরিরাষ্ট্রং প্রতি প্রভুঃ।
তদানেন বিধানেন যায়াদরিপুরং শনৈঃ॥ ১৮১॥

যদেতি। যদা পুনঃ শক্তঃ সন্ শত্রুরাষ্ট্রং প্রতি যাত্রামারভেত্তদা অনেন বক্ষ্যমাণ-প্রকারেণ শত্রুদেশমত্বরমাণোগচ্ছেৎ॥ ১৮১॥

বিজিগীষু যখন শত্রু রাজার প্রতি যুদ্ধ জন্য যাত্রা করিবেন তখন বক্ষ্যমাণ শ্লোকোক্ত প্রকারে উক্ত যাত্রার আরম্ভ করিবেন॥ ১৮১॥

মার্গশীর্ষে শুভে মাসি যায়াদ্যাত্রাং মহীপতিঃ।
ফাল্গুনং বাথ চৈত্রং বা মাসৌ প্রতি যথাবলং॥ ১৮২॥

মার্গশীর্ষ ইতি। যশ্চতুরঙ্গবলোপেতোরাজা করিরথাদিগমনবিলম্বেন বিলম্বিতপ্রয়াণঃ তথা হৈমন্তিকশস্যবহুলঞ্চ পররাষ্ট্রং জিগমিষুঃ স স্বগমনায় শোভনে মার্গশীর্ষে মাসি যাত্রাং কুর্য্যাৎ। যঃ পুনরশ্ববলপ্রায়োনৃপতিঃ শীঘ্রগতির্বসন্তশস্যবহুলং পররাষ্ট্রং যিযাসুঃ স ফাল্গুনে চৈত্রে বা মাসে স্ববলযোগ্যকালানতিক্রমেণ যায়াৎ। অতএব মন্বর্থব্যা-কারপরং সংক্ষেপেণ যাত্রাবক্ষ্যবচনং। যদা শস্যগুণোপেতং পররাষ্ট্রং তদা ব্রজেৎ॥ ১৮২॥

চতুরঙ্গবলোপেত রাজা করিরথাদির গমনে বিলম্ব হইবে তাহাতে গমনে বিলম্ব এবং পররাষ্ট্র হৈমন্তিক শস্য শূন্য বুঝিবেন তখন শোভন মার্গশীর্ষ মাসে শত্রুরাজ্যে যাত্রা করিবেন এবং অশ্ববল অধিক শীঘ্র গমন করিতে পারিব এবং বসন্তকালীন শস্য বহুল শত্রু রাজ্য বুঝিবেন তখন ফাল্গুন বা চৈত্র মাসে সৈনাদিগের গমন অনতিক্রমে যাত্রা করিবেন ॥ ১৮২ ॥

অন্যেষ্বপি তু কালেষু যদা পশ্যেদ্ধ্রুবং জয়ং।
তদা যায়াদ্বিগৃহ্যৈব ব্যসনে চোত্থিতে রিপোঃ ॥ ১৮৩ ॥

অন্যেষ্বিতি। উক্তকালব্যতিরিক্তেষু যদাত্মনোনিশ্চিতং জয়মবগচ্ছেৎ তদা স্ববলযোগ্যকালে গ্রীষ্মাদাবপি হস্ত্যশ্বাদিবলপ্রায়োবিগৃহ্যৈব যাত্রাং কুর্য্যাৎ। শত্রোশ্চামাত্যাদিপ্রকৃতিগোচরদণ্ডপারুষ্যাদিব্যসনে জাতেঽরিপক্ষভূতায়াং তৎপ্রকৃতাবপি উক্তকালাদন্যত্রাপি যায়াৎ ॥ ১৮৩ ॥

আর যখন জানিবেন শত্রুরাজ্যে গমন করিবামাত্র জয় হইবে তখন আপনার সেনার অযোগ্য কাল গ্রীষ্মাদিকালেও যুদ্ধ করিতে করিতে যাত্রা করিবেন এবং শত্রুরাজার অমাত্যদিগের পরস্পর ব্যসন উপস্থিত হইবায় উহার প্রকৃতিবর্গ আত্মপক্ষ হইলে রাজা যে কোন কালে যুদ্ধার্থ পররাষ্ট্রে গমন করিবেন ॥ ১৮৩ ॥

কৃত্বা বিধানং মূলে তু যাত্রিকঞ্চ যথাবিধি।
উপগৃহ্যাস্পদঞ্চৈব চারান্ সম্যগ্বিধায় চ ॥ ১৮৪ ॥
সংশোধ্য ত্রিবিধং মার্গং ষড়্বিধঞ্চ বলং স্বকং।
সাম্পরায়িককল্পেন যায়াদরিপুরং শনৈঃ ॥ ১৮৫ ॥

কৃত্বেত্যাদি। সংশোধ্যেতি। মূলে স্বীয়দুর্গরাষ্ট্ররূপে পার্ষ্ণিগ্রাহসংবিধানপ্রধানপুরুষাধিষ্ঠিতরক্ষাক্ষমসৈন্যৈকদেশস্থাপনরূপং প্রতিবিধানং কৃত্বা যাত্রোপযোগি চ বাহনায়ুধবর্ম্মযাত্রাবিধানং যথাশাস্ত্রং কৃত্বা পরমণ্ডলগতস্য চ যেনাস্যাবস্থানং ভবতি তদুপগৃহ্য তদীয়ান্ ভৃত্যপক্ষানাত্মসাৎ কৃত্বা চারাংশ্চ কাপটিকাদীন্ শত্রুদেশবার্ত্তাজ্ঞাপনার্থং প্রস্থাপ্য সম্যক্তয়া জাঙ্গলানূপাটবিক বিষয়ভেদেন ত্রিবিধং পন্থানং মার্গং শোধিততরুগুল্মাদিচ্ছেদনিম্নোন্নতাদিসমীকরণাদিনা সংশোধ্য তথা হস্ত্যশ্বরথপদাতিসেনাকর্ম্মকরাত্মকং ষড়্বিধং বলং যথোপযোগমাহারৌষধসৎকারাদিনা সংশোধ্য সাম্পরায়িকং সম্পরায়ঃ সংগ্রামঃ তদুচিতবিধিনা শত্রুদেশমত্বরয়া গচ্ছেৎ ॥ ১৮৪ ॥ ১৮৫ ॥

যাত্রাকালে স্বীয় দুর্গ ও রাজ্যের পার্ষ্ণিগ্রাহাদি হইতে অনিষ্ট সম্ভাবনায় প্রধান সেনাপত্যধিষ্ঠিত কতকগুলি সৈন্য দুর্গমধ্যে সংস্থাপন করিয়া এবং যাত্রার উপযুক্ত বাহন অস্ত্র শস্ত্রাদির শাস্ত্রানুসারে যাত্রা করাইয়া এবং পররাজ্যে অবস্থানের জন্য শয্যা খট্টাদি বস্তু সংগ্রহ করিয়া এবং শত্রু রাজার ভৃত্যবর্গকে কৌশলে স্বপক্ষ করিয়া

পূর্ব্বোক্ত কাপটিকাদি পুরুষবর্গের দ্বারা পররাজব্যবহার জানিবার জন্য সংস্থাপন করিয়া জাঙ্গল অনূপ আটবিক স্বরূপ ত্রিবিধ প্রকার পথের বৃক্ষলতাদি ছেদন ও নিম্নোন্নতের সমীকরণরূপ শোধন করিয়া এবং হস্তি অশ্ব রথ পদাতি এবং সেনাও কর্ম্মকর ভৃত্যাদিগের যথাযোগ্য আহার ঔষধ দান সম্মানাদিদ্বারা সম্মানিত করিয়া যুদ্ধ শাস্ত্রোক্ত বিধানে শত্রু দেশে ক্রমে ক্রমে যাত্রা করিবেন॥ ১৮৪ ॥ ১৮৫ ॥

শত্রুসেবিনি মিত্রে চ গূঢ়ে যুক্ততরোভবেৎ।
গতপ্রত্যাগতে চৈব স হি কষ্টতরো রিপুঃ॥ ১৮৬॥

শত্রুসেবিনীতি। যন্মিত্রং গূঢ়ং কৃত্বা শত্রুং সেবতে যশ্চ ভৃত্যাদিঃ পূর্ব্বং বিরাগাদ্গতঃ পশ্চাদাগতঃ তয়োঃ সাবধানোভবেৎ। যস্মাত্তাবতিশয়েন দুর্নিগ্রহৌরিপূ॥ ১৮৬॥

এবং যেব্যক্তি বাহ্যে আত্মীয়তা প্রকাশ করে অন্তরে শত্রুপক্ষ হয় এবং যে ভৃত্য পূর্ব্বে কোন কারণ বশতঃ বিরক্ত হইয়া অন্যত্র গিয়া পুনর্ব্বার আত্মীয় হইয়াছে ঐ উভয়ে অতি সাবধান থাকিবেন উহাতে সম্যক্ বিশ্বাস করিবেন না॥ ১৮৬॥

দণ্ডব্যূহেন তন্মার্গং যায়াত্তু শকটেন বা।
বরাহমকরাভ্যাং বা সূচ্যা বা গরুড়েন বা॥ ১৮৭॥

দণ্ডেতি। দণ্ডাকৃতির্ব্যূহরচনাদির্দণ্ডব্যূহঃ এবং শকটাদিব্যূহাঅপি তত্রাগ্রে বলাধ্যক্ষোমধ্যে রাজা পশ্চাৎ সেনাপতিঃ পার্শ্বয়োর্হস্তিনস্তৎসমীপে ঘোটকাঃ ততঃ পদাতয়ঃ ইত্যেবং কৃতরচনোদীর্ঘঃ সর্ব্বতঃ সমবিন্যাসোদণ্ডব্যূহস্তেন তদ্যাতব্যং মার্গং সর্ব্বতোভয়ে সতি যায়াৎ। সূচ্যাকারাগ্রঃ পশ্চাৎ পৃথুলঃ শকটব্যূহস্তেন পৃষ্ঠতোভয়ে সতি গচ্ছেৎ। সূক্ষ্মমুখপশ্চাদ্ভাগঃ পৃথুমধ্যোবরাহব্যূহঃ এষএব পৃথুতরমধ্যো গরুড়ব্যূহঃ তাভ্যাং পার্শ্বয়োর্ভয়ে সতি ব্রজেৎ। বরাহ বিপর্য্যয়েন মকরব্যূহঃ তেনাগ্রে পশ্চাচ্চ উভয়ত্র ভয়ে সতি গচ্ছেৎ পিপীলিকাপঙ্ক্তিরিব অগ্রপশ্চাদ্ভাবেন সংহতরূপতয়া যত্র যত্র সৈনিকাবস্থানং স শীঘ্রপ্রবীরপুরুষমুখঃ সূচীব্যূহঃ তেনাগ্রতোভয়ে সতি যায়াৎ॥ ১৮৭॥

যাত্রাকালে চতুর্দ্দিক হইতে ভয় উপস্থিত হইলে দণ্ডব্যূহ রচনায় যাত্রা করিবেন অগ্রে বলাধ্যক্ষ মধ্যে স্বয়ং রাজা পশ্চাদ্ভাগে সেনাপতি উভয় পার্শ্বে হস্তি সকল হস্তির নিকট অশ্ব তৎপরে পদাতিবর্গ এই রচনাসম্বন্ধকে দণ্ডব্যূহ বলা যায়। আর পশ্চাৎ হইতে ভয় উপস্থিত হইলে শূচ্যাকারাগ্রভাগ পশ্চাৎ পৃথুল অর্থাৎ স্থূল উহার নাম শকট ব্যূহ উভয় পার্শ্ব হইতে ভয় হইলে বরাহ ও মকর ব্যূহ রচনায় যাত্রা করিবেন সূক্ষ্ম অগ্রভাগ ও পশ্চাৎ ভাগ, স্থূল মধ্য, বরাহ ব্যূহ বলা যায় উক্ত ব্যূহ অতিশয় স্থূলমধ্য হইলে উহাকে গরুড় ব্যূহ বলা যায় বরাহ ব্যূহের উলটাকে মকর ব্যূহ বলা যায়, অগ্রপশ্চাৎ উভয়দিক হইতে ভয় হইলে উক্ত ব্যূহরচনায় যাত্রা করিবেন অগ্রে ভয় উপস্থিত হইলে সূচীব্যূহ রচনায় যাত্রা করিবেন পিপীলিকা পংক্তির ন্যায় অগ্রপশ্চাৎভাবে অথচ অতিশয়

নিবিড়রূপে গমনশীল যে সৈন্য সমুহ প্রবীর পুরুষ যাহার অগ্রে থাকে উহাকে সূচী ব্যূহ বলা যায়॥ ১৮৭ ॥

যতশ্চ ভয়মাশঙ্কেত্ততো বিস্তারয়েদ্বলং।
পদ্মেন চৈব ব্যূহেন নিবিশেত সদা স্বয়ং ॥ ১৮৮ ॥

যতইত্যাদি। যস্যা দিশঃ শত্রুভয়মাশঙ্কেত তস্যামেবাত্মবলং বিস্তারয়েৎ সমবিস্তৃত-পরিমণ্ডলো মধ্যোপবিষ্টজিগীষুঃ পদ্মব্যূহঃ তেন পুরান্নির্গত্য সর্ব্বদা কপটনিবেশনং কুর্য্যাৎ॥ ১৮৮ ॥

আর যেদিক হইতে ভয় উপস্থিত হইবে ঐ দিগে আত্ম সৈন্য বিস্তার করিবেন অথবা পদ্ম ব্যূহ রচনায় অবস্থান করিবেন সমানভাবে বিস্তৃত মণ্ডলাকার মধ্যভাগে বিজিগীষু রাজার অবস্থান উহাকে পদ্মব্যূহ বলা যায় রাজা পুর হইতে যাত্রা করিয়া সর্ব্বদা প্রচ্ছন্নভাবে থাকিবেন ॥ ১৮৮ ॥

সেনাপতিবলাধ্যক্ষৌ সর্ব্বদিক্ষু নিবেশয়েৎ।
যতশ্চ ভয়মাশঙ্কেৎ প্রাচীং তাং কল্পয়েদ্দিশং ॥ ১৮৯ ॥

সেনাপতীতি। হস্ত্যশ্বরথপদাত্যাত্মকস্যাঙ্গদশস্যৈকঃ পতিঃ কার্য্যঃ সচ পত্তিকউচ্যতে পত্তিকদশকস্যৈকঃ পতিঃ সেনাপতিরুচ্যতে। তদ্দশকস্যৈকঃ সেনানায়কঃ সএব চ বলা-ধ্যক্ষঃ তৌ সেনাপতিবলাধ্যক্ষৌ সমস্তাসু দিক্ষু সংঘর্ষযুদ্ধার্থং নিযোজয়েৎ। যস্যাশ্চ দিশো-যদা ভয়মাশঙ্কেত্তদা তামগ্রে দিশং কুর্য্যাৎ॥ ১৮৯ ॥

হস্তি অশ্ব রথ পদাতি দশকের অধ্যক্ষকে পত্তিক বলা যায় পত্তিক দশকের পতিকে সেনাপতি বলে সেনাপতি দশকের অধ্যক্ষকে বলাধ্যক্ষ বলা যায় উক্ত সেনাপতি বলা-ধ্যক্ষকে চতুর্দ্দিগে নিয়োগ করিবেন আর যে দিক হইতে ভয় উপস্থিত হইবে তাহাকে অগ্র করিয়া কল্পনা করিবেন ॥ ১৮৯ ॥

গুল্মাংশ্চ স্থাপয়েদাপ্তান্ কৃতসংজ্ঞান্ সমন্ততঃ।
স্থানে যুদ্ধে চ কুশলানভীরূনবিকারিণঃ ॥ ১৯০ ॥

গুল্মানিত্যাদি। গুল্মান্ সৈন্যৈকদেশান্ আপ্তপুরুষাধিষ্ঠিতান্ স্থানাপসরণযুদ্ধার্থং কৃতভেরীপটহশঙ্খাদিসঙ্কেতান্ অবস্থানযুদ্ধয়োঃ প্রবীণান্নির্ভয়ান্ অব্যভিচারিণঃ সেনা-পতিবলাধ্যক্ষান্ দূরতঃ সর্ব্বদিক্ষু পারক্যপ্রবেশবারণায় শত্রুচেষ্টাপরিজ্ঞানায় চ নিযো-জয়েৎ ॥ ১৯০ ॥

কতকগুলি সৈন্য প্রধান পুরুষাধিষ্ঠিত অবস্থান যুদ্ধ অপসরণ যুদ্ধার্থে ভেরী পটহশঙ্খাদি বাদ্য দ্বারা সংকেতজ্ঞ এবং উক্ত উভয় প্রকার যুদ্ধ কুশল অকুতোভয়ে চতু-র্দ্দিগে পরকীয় সেনা প্রবেশ নিবারণ জন্য শত্রু চেষ্টা পরিজ্ঞানের নিমিত্ত নিযুক্ত করিবেন ॥ ১৯০ ॥

সংহতান্ যোধয়েদল্পান্ কামং বিস্তারয়েদ্বহূন্।
সূচ্যা বজ্রেণ চৈবৈতান্ ব্যূহেন ব্যূহ্য যোধয়েৎ ॥ ১৯১ ॥

সংহতেতি। অল্পান্ যোধান্ সংহতান্ কৃত্বা বহূন্ পুনর্যথেষ্টং বিস্তারয়েৎ। সূচ্যা পূর্ব্বোক্তয়া, বজ্রাখ্যেন ব্যূহেন ত্রিধা ব্যবস্থিতবলেন রচয়িত্বা যোধান্ যোধয়েৎ ॥ ১৯১ ॥

অল্পযোদ্ধাস্থলে সংহত করিয়া যুদ্ধ করিবেন অনেক যোদ্ধা স্থানে যেমৎ ইচ্ছা সেনাদিগকে বিস্তার করিয়া যুদ্ধ করিবেন অথবা সূচীব্যূহে কিম্বা বজ্রব্যূহে যুদ্ধ করিবেন তিনপ্রকার শ্রেণীতে যে ব্যূহ রচনা উহাকে বজ্রব্যূহ কহে ॥ ১৯১ ॥

স্যন্দনাশ্বৈঃ সমে যুধ্যেদনূপে নৌদ্বিপৈস্তথা।
বৃক্ষগুল্মাবৃতে চাপৈরসিচর্ম্মায়ুধৈঃ স্থলে ॥ ১৯২ ॥

স্যন্দনাশ্বৈরিত্যাদি। [illegible]ভূভাগে রথাশ্বেন যুদ্ধ্যেত তত্র তেন যুদ্ধসামর্থ্যাৎ তথানূপ-তোদকে নৌকাহস্তিভিঃ তরুগুল্মাবৃতে ধম্বিভির্গর্ত্তকণ্টকপাষাণাদি রহিতস্থলে খড়্গ-ফলককুন্তাদ্যৈরায়ুধৈর্যুধ্যেত ॥ ১৯২ ॥

সমানস্থলে অশ্ব রথে জলমধ্যে নৌকা অথবা হস্তিদ্বারা বৃক্ষলতাদি বৃতস্থলে ধনুর্ব্বাণে গর্ত্তকণ্টক পাষাণাদি রহিত স্থলে খড়্গফাল কুন্তাদিদ্বারা যুদ্ধ করিবেন ॥ ১৯২ ॥

কুরুক্ষেত্রাংশ্চ মৎস্যাংশ্চ পঞ্চালান্ শূরসেনজান্।
দীর্ঘান্ লঘূংশ্চৈব নরানগ্রানীকেষু যোধয়েৎ ॥ ১৯৩ ॥

কুরুক্ষেত্রানিতি। কুরুক্ষেত্রভবান্ মৎস্যান্ বিরাটদেশনিবাসিনঃ পঞ্চালান্ কান্যকুব্জাহি-চ্ছত্রোদ্ভবান্ শূরসেনজান্ মাথুরান্ প্রায়েণ পৃথুশরীরশৌর্য্যাহঙ্কারযোগাৎ তেনাগ্রে যোধয়েৎ তথান্যদেশোদ্ভবানপি দীর্ঘলঘুদেহান্ মনুষ্যান্ যুদ্ধাভিমানিনঃ সেনাগ্রএব যোজয়েৎ ॥ ১৯৩ ॥

কুরুক্ষেত্রদেশীয় অথবা বিরাট্ দেশোদ্ভব এবং কান্যকুব্জ অহিচ্ছত্র দেশীয় ও মথুরা দেশীয় লোকেরা প্রায় দীর্ঘাকার অনতিস্থূল শরীরযুক্তও শৌর্য্য অহঙ্কার শালী হয় ও এইরূপ অন্য দেশোদ্ভব মনুষ্যকে যুদ্ধে অগ্রসর করিয়া যুদ্ধ করিবেন ॥ ১৯৩ ॥

প্রহর্ষয়েদ্বলং ব্যূহ্য তাংশ্চ সম্যক্ পরীক্ষয়েৎ।
চেষ্টাশ্চৈব বিজানীয়াদরীন্ যোধয়তামপি ॥ ১৯৪ ॥

প্রহর্ষয়েদিত্যাদি। বলং রচয়িত্বা জয়ে ধর্ম্মলাভঃ অভিমুখহতস্য স্বর্গপ্রাপ্তিঃ পলায়নে তু প্রভুদুরিতগ্রহণং নরকগমনঞ্চ ইত্যাদ্যর্থবাদৈঃ যুদ্ধার্থং প্রোৎসাহয়েৎ তাংশ্চ যোধান্ কেনাভিপ্রায়েণ যুধ্যন্তি কুপ্যন্তি বেতি পরীক্ষয়েৎ তথা যোধানামরিভিঃ সহ যুধ্যমা-নানামপি সোপধ্যমুপধি চেষ্টা বুধ্যেত ॥ ১৯৪ ॥

এইরূপে সৈন্য রচনা করিয়া উহারদিগের এইরূপে বাক্যে উৎসাহ বাড়াইবেন যে জয় হইলে স্বর্গলাভ এবং যুদ্ধে সম্মুখে মরিলেও স্বর্গপ্রাপ্তি পলায়নে স্বামির পাপগ্রহণে নরক গমন হয় এবং উহারা হর্ষযুক্ত অথবা ক্রুদ্ধ ইহা পরীক্ষা করিবেন শত্রুসহিত যথার্থরূপে যুদ্ধ করিতেছে কি ছলে যুদ্ধ করিতেছে ইহা অবগত হইবেন ॥ ১৯৪ ॥

উপরুধ্যারিমাসীত রাষ্ট্রং চাস্যোপপীড়য়েৎ।
দূষয়েচ্চাস্য সততং যবসান্নোদকেন্ধনং ॥ ৯৫ ॥

উপেত্যাদি। দুর্গাশ্রয়মদুর্গাশ্রয়ংবা রিপুমবধ্যমানমপ্যাবেষ্ট্যাসীত অস্যচ দেশমুৎসাদয়েৎ তথা ঘাসান্নোদকেন্ধনানি সর্ব্বদাহস্যাপদ্রব্যসম্মিশ্রণাদিনা দূষয়েৎ ॥ ১৯৫ ॥

এবং দুর্গাবস্থিত বা অন্যত্রাবস্থিত শত্রুকে সেনাদিদ্বারা আবৃত করিয়া থাকিবেন এবং শত্রু রাজার দেশ সকল উৎসন্ন করিবেন শত্রুর অন্নঘাস উদক ইন্ধনাদি দ্রব্য সকল অপদ্রব্যে মিশাইবেন ॥ ১৯৫ ॥

ভিন্দ্যাচ্চৈব তড়াগানি প্রাকারপরিখাস্তথা।
সমবস্কন্দয়েচ্চৈনং রাত্রৌ বিত্রাসয়েত্তথা ॥ ১৯৬ ॥

ভিন্দ্যাদিত্যাদি। শত্রোরুপজীব্যানি তড়াগাদীনি নাশয়েৎ তথা দুর্গপ্রাকারাদীন্ ভিন্দ্যাৎ তৎপরিখাশ্চ ভেদনপূরণাদিনা নিরুদকাঃ কুর্য্যাৎ এবঞ্চ শত্রুনশঙ্কিতমেব সম্যগবস্কন্দয়েৎ তথা শক্তিং গৃহ্ণীয়াৎ রাত্রৌ চ ঢক্কাকাহলিকাদিশব্দেন বিত্রাসয়েৎ ॥ ১৯৬ ॥

যে তড়াগ পুষ্করিণ্যাদির জলে স্নানপান অবগাহনাদি নিষ্পন্ন হয় তাহা নষ্ট করিবেন দুর্গ প্রাকারাদি সকল ভেদ করিবেন পরিখা সকল ছেদন ও পূরণাদিদ্বারা জল শূন্য করিবেন এই প্রকারে শত্রু রাজাকে ব্যতিব্যস্ত করিবেন ॥ ১৯৬ ॥

উপজপ্যানুপজপেদ্বুধ্যেতৈব চ তৎকৃতং।
যুক্তে চ দৈবে যুধ্যেত জয়প্রেপ্সুরপেতভীঃ ॥ ১৯৭ ॥

তদানীঞ্চ উপেত্যাদি। উপজাপার্হান্ রিপুবংশ্যান্ রাজ্যার্থিনঃ ক্ষুব্ধানমাত্যাদীংশ্চ ভেদয়েৎ উপজপেনাত্মীয়কৃতানাঞ্চ তেষাং চেষ্টাং জানীয়াৎ শুভগ্রহদশাদিনা শুভফলযুক্তে দৈবেঽবগতে নির্ভয়োজয়েপ্সুর্যুধ্যেৎ ॥ ১৯৭ ॥

যে সকল রাজবংশীয়েরা রাজ্যার্থী থাকিবেন তাহারদিগকে এবং ক্ষুব্ধ অমাত্যাদি বর্গকে ভেদ করাইবেন ভেদ দ্বারা যাহারা আত্মপক্ষ হইয়াছে তাহার চেষ্টা বুঝিবেন গ্রহগুরু শুভদশাদি দ্বারা উত্তম সময় জানিয়া নির্ভয় হইয়া যুদ্ধ করিবেন ॥ ১৯৭ ॥

সাম্না দানেন ভেদেন সমস্তৈরথবা পৃথক্।
বিজেতুং প্রযতেতারীন্ন যুদ্ধেন কদাচন ॥ ১৯৮ ॥

সামেত্যাদি। প্রীত্যাদরদর্শনহিতকথনাদ্যাত্মকেন সাম্না হস্ত্যশ্বরথহিরণ্যাদীনাঞ্চ দানেন তৎপ্রকৃতীনাং তদনুযায়িনাঞ্চ রাজ্যার্থিনাং ভেদেন এইতঃ সমস্তৈর্ব্যস্তৈর্বা যথা-সামর্থ্যমরীন্ জেতুং যত্নং কুর্য্যাৎ ন পুনঃ কদাচিদ্যুদ্ধেন ॥১৯৮॥

প্রথমতঃ প্রীতিদ্বারা সমাদরদর্শন ও হিতবাক্য কথনরূপ সামপ্রয়োগে অথবা হস্তি অশ্ব রথ সুবর্ণাদিদানে এবং শত্রুরাজার অমাত্যবর্গ যাহারা রাজ্যার্থী তাহাদিগের ভেদে ইহার এক এক প্রযোগে বা সমস্ত প্রয়োগে শত্রুরাজাকে জয় করণে যত্ন করিবেন ইহা হইলে জয় সম্ভাবনায় যুদ্ধদ্বারা জয়াকাঙ্ক্ষী হইবেন না ॥ ১৯৮ ॥

অনিত্যোবিজয়োযস্মাদ্দৃশ্যতে যুধ্যমানয়োঃ।
পরাজয়শ্চ সংগ্রামে তস্মাদ্যুদ্ধং বিবর্জ্জয়েৎ ॥ ১৯৯ ॥

অনিত্যইতি। যস্মাদ্যুদ্ধ্যমানয়োর্বহুলবলত্বাদাল্পবলত্বাদ্যানপেক্ষমেবানিয়মেন জয়-পরাজয়ৌ দৃশ্যেতে তস্মাৎ সত্যুপায়ান্তরে যুদ্ধং পরিহরেৎ ॥ ১৯৯ ॥

যেহেতু যুধ্যমান উভয়ের মধ্যে যাহার অনেক সেনাসামন্ত আছে তাহারও পরাজয় দেখা যাইতেছে এবং অল্পবলেরও জয়দর্শন হইতেছে অধিকবল অল্পবলের নিয়ম নাই এজন্য হঠাৎ যুদ্ধে প্রবৃত্ত হইবেন না ॥ ১৯৯ ॥

ত্রয়াণামপ্যুপায়ানাং পূর্ব্বোক্তানামসম্ভবে।
তথা যুধ্যেত সংযত্তো বিজয়েত রিপূন্ যথা ॥ ২০০ ॥

ত্রয়াণামিত্যাদি। পূর্ব্বোক্তানাং ত্রয়াণামপি সামাদীনামুপায়ানামসাধকত্বে সতি জয়-পরাজয়সন্দেহেহপি তথাপ্রযত্নবান্ সম্যগ্যুধ্যেত যথা শত্রূন্ জয়েৎ যতোজয়েঽর্থলাভোঽভিমুখমরণে চ স্বর্গপ্রাপ্তিঃ। নিঃসন্দিগ্ধে তু পরাজয়ে যুদ্ধাদপসরণং সাধীয়ঃ যথা বক্ষ্যতি। আত্মা তু সর্ব্বদা রক্ষ্যইতি মেধাতিথিগোবিন্দরাজৌ ॥ ২০০ ॥

যে স্থলে সামদানভেদ এই তিন প্রকার জয়োপায় প্রয়োগেও জয়বিষয়ে সন্দেহ সেখানে প্রাণপণ করিয়া এমৎ যুদ্ধ করিবেন যাহাতে শত্রু পরাজয় হয় তাৎপর্য্য যুদ্ধে জয়লাভ হইলে অর্থলাভ জয়াভাবে স্বর্গপ্রাপ্তি হয় ॥ ২০০ ॥

জিত্বা সম্পূজয়েদ্দেবান্ ব্রাহ্মণাংশ্চৈব ধার্ম্মিকান্।
প্রদদ্যাৎ পরিহারাংশ্চ খ্যাপয়েদভয়ানি চ ॥ ২০১ ॥

জিত্বেতি। পররাষ্ট্রং জিত্বা তত্র যে দেবাঃ তান্ ধর্ম্মপ্রধানাংশ্চ ব্রাহ্মণান্ ভূমিসুবর্ণাদিদানসম্মানাদিভিঃ পূজয়েৎ জিতদ্রব্যৈকদেশদানাদিনৈবচেদং পূজনং তদাহ যাজ্ঞবল্ক্যঃ। নাতঃ পরতরো ধর্ম্মো নৃপাণাং যদ্রণার্জ্জিতং। বিপ্রেভ্যো দীয়তে দ্রব্যং প্রজাভ্যশ্চাভয়ং সদা। তথা দেবব্রাহ্মণার্থং নয়েৎদদ্ভূমিতি তদ্দেশবাসিনাং পরিহারান্ দদ্যাৎ ॥

তথা স্বামিভক্ত্যা যৈরস্মাকমপকৃতং তেষাং ময়া ক্ষান্তমিদানীং নির্ভয়াঃ সন্তঃ সুখং স্বব্যাপারমনুতিষ্ঠন্ত্বিতি অভয়ানি খ্যাপয়েৎ ॥ ২০১ ॥

এবং প্রকারে পররাষ্ট্র জয় করিলেপর শত্রুরাজ্যে সংস্থাপিত যে সকল প্রসিদ্ধ দেবতা এবং তদ্দেশবাসী ধার্ম্মিক যে সকল ব্রাহ্মণ ইহারদিগকে জিতদ্রব্যের একদেশ হইতে ভূমি ও সুবর্ণাদি বহুমূল্য দ্রব্য দান এবং সম্মান দ্বারা পূজা করিবেন তত্রত্য সকলকে অভয় দান করিবেন ॥ ২০১ ॥

সর্ব্বেষান্তু বিদিত্বৈষাং সমাসেন চিকীর্ষিতং।
স্থাপয়েত্তত্র তদ্বংশ্যং কুর্য্যাচ্চ সময়ক্রিয়াং ॥ ২০২ ॥

সর্ব্বেষামিতি। এষাং শত্রুনৃপামাত্যানাং সর্ব্বেষামেব সংক্ষেপতোঽভিপ্রায়ং জ্ঞাত্বা তস্মিন্ রাষ্ট্রে বলনিহতরাজবংশ্যমেব রাজ্যেঽভিষেচয়েৎ। ইদং কার্য্যং ত্বয়া ইদং নেতি তস্য তদমাত্যানাঞ্চ নিয়মং কুর্য্যাৎ ॥ ২০২ ॥

শত্রু নৃপতির অমাত্যবর্গের অভিপ্রায় বুঝিয়া সেনাসমেত নিহত রাজার বংশোদ্ভব উপযুক্ত ব্যক্তিকে ঐ রাজ্যে রাজ্যাভিষেক করাইবেন এবং ইহা কর্ত্তব্য করিবে ইহা অকর্ত্তব্য করিবে না এবং প্রকারে তাহার অমাত্যবর্গের প্রতি নিয়ম করিয়া দিবেন ॥ ২০২ ॥

প্রমাণানি চ কুর্ব্বীত তেষাং ধর্ম্ম্যান্ যথোদিতান্।
রত্নৈশ্চ পূজয়েদেনং প্রধানপুরুষৈঃ সহ ॥ ২০৩ ॥

প্রমাণানীতি। তেষাঞ্চ পরকীয়ানাং ধর্ম্মাদনপেতানাচারান্ দেশধর্ম্মতয়া শাস্ত্রেণাভ্যুপেতান্ প্রমাণীকুর্য্যাৎ। এনঞ্চাভিষিক্তমমাত্যাদিভিঃ সহ রত্নাদিদানেন পূজয়েৎ ॥ ২০৩ ॥

এবং ঐ রাজ্যবাসিদিগের যাহা দেশাচার গুরুপরম্পরাগত তাহা যদি ধর্ম্ম্য হয় অর্থাৎ শাস্ত্রাবিরুদ্ধ নহে তবে স্বরাজ্যের ব্যবহারবিরুদ্ধ হইলেও উহা ঐ রাজ্যে প্রমাণ করিবেন অন্যথা করিবেন না এবং অভিষিক্ত রাজাকে উঁহার অমাত্যবর্গের সহিত রত্নাদি উৎকৃষ্ট দ্রব্য দান দ্বারা পূজা করিবেন ॥ ২০৩ ॥

আদানমপ্রিয়করং দানঞ্চ প্রিয়কারকং।
অভীপ্সিতানামর্থানাং কালে যুক্তং প্রশস্যতে ॥ ২০৪ ॥

যস্মাৎ আদানমিতি। যদ্যপ্যভিলষিতানাং দ্রব্যাণাং গ্রহণং অপ্রিয়করং দানঞ্চ প্রিয়কারকমিত্যুৎসর্গঃ তথাপি সময়বিশেষে দানমাদানঞ্চ প্রশস্যতে তস্মাত্তস্মিন্ কালএবং পূজয়েৎ ॥ ২০৪ ॥

যদ্যপি অভিলষিত দ্রব্যের অন্য কর্ত্তৃক গ্রহণ অপ্রিয় কার্য্য এবং অন্য হইতে প্রাপ্ত দান প্রিয় জনক ইহা প্রসিদ্ধ তথাপি সময়কালে অভিলষিত বস্তুর দান ও আদান উভয়ই প্রশংসনীয় হয় ॥ ২০৪ ॥

সর্ব্বং কর্ম্মেদমায়ত্তং বিধানে দৈবমানুষে।
তয়োর্দ্দৈবমচিন্ত্যন্তু মানুষে বিদ্যতে ক্রিয়া॥ ২০৫॥

সর্ব্বমিত্যাদি। যৎকিঞ্চিৎ সম্পাদ্যং তৎ প্রাগজন্মার্জ্জিতসুকৃতদুষ্কৃতরূপে কর্ম্মণী দৈবশব্দাভিধেয়ে তথেহলোকার্জ্জিতমানুষশব্দবাচ্যে ব্যাপারআয়ত্তং, তয়োর্ম্মধ্যে দৈবং চিন্তয়িতুমশক্যং মানুষে তু পর্য্যালোচনমস্তি অতোমানুষ—দ্বারেণৈব কার্য্যসিদ্ধয়ে যতিতব্যং॥ ২০৫॥

তাবৎকর্ম্ম পূর্ব্বজন্মার্জ্জিত সুকৃত দুষ্কৃত রূপ দৈব ও মানুষব্যাপারাধীন বটে কিন্তু দৈব অদৃষ্ট বস্তু অতিগহন চিন্তাযোগ্য নহে পৌরুষব্যাপার দৃষ্ট এবং চিন্তনীয় অতএব এই দুয়ের মধ্যে পৌরুষদ্বারা কার্য্য সম্পন্ন করিবেন ইহার তাৎপর্য্য দৈবাধীন হইয়া যুদ্ধাদি ব্যাপারে নিবৃত্ত থাকিবেন না পৌরুষে যুদ্ধাদি কার্য্য সমাধা করিবেন॥ ২০৫॥

সহ বাপি ব্রজেদ্যুক্তঃ সন্ধিং কৃত্বা প্রযত্নতঃ।
মিত্রং হিরণ্যং ভূমিং বা সম্পশ্যংস্ত্রিবিধং ফলং॥ ২০৬॥

সহেত্যাদি। এবমুপক্রমণীয়েন শত্রুণা যুদ্ধং কার্য্যং যদি বা সএব মিত্রং তেন চ দত্তং হিরণ্যং ভূম্যেকদেশোবার্পিতঃ এতত্রয়ং যাত্রাফলং মত্বা তেন সহ সন্ধিং কৃত্বা যত্নবান্ ব্রজেৎ॥ ২০৬॥

উক্ত প্রকারে যুদ্ধ করিবেন যদি শত্রুরাজা যুদ্ধ না করিয়া নিজে যুধ্যমান রাজার মিত্র হয় অথবা হিরণ্যদান করে কিম্বা রাজ্যের কিয়দংশ অর্পণ করে যোদ্ধা রাজা ইহা যাত্রার সমুচিত ফললাভ মানিয়া উহার সহিত সন্ধিনিবন্ধ করিয়া যুদ্ধ না করিয়া স্বস্থানে প্রস্থান করিবেন॥ ২০৬॥

পার্ষ্ণিগ্রাহঞ্চ সংপ্রেক্ষ্য তথাক্রন্দঞ্চ মণ্ডলে।
মিত্রাদথাপ্যমিত্রাদ্বা যাত্রাফলমবাপ্নুয়াৎ॥ ২০৭॥

পার্ষ্ণিগ্রাহমিত্যাদি। বিজিগীষোররিং প্রতি নির্যাতস্য যঃ পৃষ্ঠবর্ত্তী নৃপতিঃ দেশাক্রমণাদ্যাচরতি স পার্ষ্ণিগ্রাহঃ তস্য তথাকুর্ব্বতো যো নিবারকঃ তস্যানন্তরো-নৃপতিঃ স আক্রন্দঃ। তাবপেক্ষ্য যাতব্যং। মিত্রীভূতাদমিত্রাদ্বা যাত্রাফলং গৃহ্নীয়াৎ তাবনপেক্ষ্য গৃহ্নন্ কদাচিৎ তৎকৃতেন দোষেণ গৃহ্যতে॥ ২০৭॥

শত্রুরাজার প্রতি গমনোদ্যত বিজিগীষু রাজার রাজ্যের পশ্চাদ্বর্ত্তী পার্ষ্ণিগ্রাহ এবং উহার উৎসাহবর্দ্ধক পার্ষ্ণিগ্রাহের রাজ্যানন্তরবর্ত্তী আক্রন্দ নৃপতি যদি যাত্রাকারির দেশাক্রমণাদি আচরণ করে তবে উহাদিগের নিকট অগ্রে যাত্রা করিয়া সম্মতি গ্রহণ করিবেন উহাদিগের প্রতি উপেক্ষা করিবেন না তাহা হইলে উহাদিগ কর্ত্তৃক দোষে লিপ্ত হইতে হয়॥ ২০৭॥

হিরণ্যভূমিসংপ্রাপ্ত্যা পার্থিবো ন তথৈধতে।
যথা মিত্রং ধ্রুবং লব্ধ্বা কৃশমপ্যায়তি ক্ষমং॥ ২০৮॥

হিরণ্যভূমীতি। সুবর্ণভূমিলাভেন তথা রাজা ন বৃদ্ধিমেতি যথেদানীং কৃশমপি আগামিকালে বৃদ্ধিযুতং স্থিরং মিত্রং লব্ধ্বা বর্দ্ধতে॥ ২০৮॥

হিরণ্যলাভ ও ভূমিলাভে রাজা তদ্রূপ বৃদ্ধিপ্রাপ্ত হয়েন না; যেমন স্থির মিত্রলাভে বৃদ্ধি প্রাপ্ত হয়েন স্থিরমিত্র আপাততঃ হীন বল হইলেও পরে বৃদ্ধিপ্রাপ্ত হয়॥ ২০৮॥

ধর্ম্মজ্ঞঞ্চ কৃতজ্ঞঞ্চ তুষ্টপ্রকৃতিমেব চ।
অনুরক্তং স্থিরারম্ভং লঘুমিত্রং প্রশস্যতে॥ ২০৯॥

ধর্ম্মজ্ঞমিতি। ধর্ম্মজ্ঞং কৃতোপকারস্য স্মর্ত্তৃ সানুরাগমনুরক্তং স্থিরকার্য্যারম্ভং প্রীতিমৎ-প্রকৃতিকং যত্তন্মিত্রমতিশয়েন শস্যতে॥ ২০৯॥

যে মিত্র ধর্ম্মজ্ঞ ও প্রত্যুপকারের স্মরণ করেন ও যাহার প্রতি উহার সেনা ও অমাত্য-গণ সকল সন্তুষ্ট থাকে এবং অনুরক্ত ও যাহার কার্য্যারম্ভের প্রতি নিশ্চয় বুদ্ধি এতাদৃশ মিত্র আপাততঃ অল্পবল হইলেও প্রশংসনীয় হয়॥ ২০৯॥

প্রাজ্ঞং কুলীনং শূরঞ্চ দক্ষং দাতারমেব চ।
কৃতজ্ঞং ধৃতিমন্তঞ্চ কষ্টমাহুররিং বুধাঃ॥ ২১০॥

প্রাজ্ঞমিত্যাদি। বিদ্বাংসং মহাকুলং বিক্রান্তং চতুরং দাতারং উপকারস্মর্ত্তারং সুখদুঃখয়োরেকরূপং। শত্রুং দুরুচ্ছেদং পণ্ডিতা বদন্তি তেনৈবংবিধশত্রুণা সহ সন্ধা-তব্যং॥ ২১০॥

বিদ্বান্ ও মহাকুল প্রসূত মহাবল পরাক্রান্ত, অতি চতুর, দাতা কৃতজ্ঞ ও সুখদুঃখে সমানভাব এতাদৃশ শত্রু অতিশয় কষ্টদায়ক ইহাকে সহজে পরাজয় করিতে পারা যায় না॥ ২১০॥

আর্য্যতা পুরুষজ্ঞানং শৌর্য্যং করুণবেদিতা।
স্থৌললক্ষ্যঞ্চ সততমুদাসীনগুণোদয়ঃ॥ ২১১॥

আর্য্যতেত্যাদি। সাধুত্বং পুরুষবিশেষজ্ঞতা বিক্রান্তত্বং কৃপালুত্বং সর্ব্বদা চ স্থৌল-লক্ষ্যং বহুপ্রদত্বং অতএব স্যুর্বদান্যস্থূললক্ষদানশৌণ্ডা বহুপ্রদে ইত্যাভিধানিকাঃ। স্থৌললক্ষ্যমর্থে অসূক্ষ্মদর্শিতত্বমিতি তু মেধাতিথি গোবিন্দরাজয়োঃ পদার্থকথনমনাগমং। এতদুদাসীনগুণমগ্র্যং তস্মাদেবংবিধমুদাসীনমাশ্রিত্য উক্তলক্ষণেনাপ্যরিণা সহ যোদ্ধব্যং॥ ২১১॥

যিনি অতিসাধু এবং যিনি পুরুষের দৃষ্টি মাত্রে তাহার স্বভাব বুঝিতে পারেন এবং মহাবল পরাক্রান্ত ও দয়ালু এবং অতিশয় দাতা এমৎগুণযুক্ত উদাসীন রাজাকে বিজিগীষু [illegible] আশ্রয় লইবেন॥ ২১১॥

ক্ষেম্যাং শস্যপ্রদাং নিত্যং পশুবৃদ্ধিকরীমপি।
পরিত্যজেৎ নৃপোভূমিমাত্মার্থমবিচারয়ন্ ॥ ২১২ ॥

ক্ষেম্যামিতি। অনাময়াদিকল্যাণক্ষমামপি নদীমাতৃকতয়া সর্ব্বদা সর্ব্বশস্যপ্রদামপি প্রচুরতৃণাদিযোগাৎ পশুবৃদ্ধিকরীমপি ভূমিমাত্মরক্ষার্থং অবিলম্বমানো রাজা নিজরক্ষা প্রকারান্তরাভাবাৎ পরিত্যজেৎ ॥ ২১২ ॥

যদি প্রকারান্তরে আত্মরক্ষা করিতে অক্ষম হন তাহা হইলে যে ভূমি জল বায়ুর উত্তমতা জন্য রোগাদির অভাবে কল্যাণদায়িকা ও সর্ব্বশস্যশালিনী ও বহুতৃণাদির উৎপত্তি হয়, এইজন্য গবাদি পশু বৃদ্ধিকরী, এতাদৃশ ভূমি ত্যাগেও আত্মরক্ষা করিবেন ॥ ২১২ ॥

আপদর্থং ধনং রক্ষেদ্দারান্ রক্ষেদ্ধনৈরপি।
আত্মানং সততং রক্ষেদ্দারৈরপি ধনৈরপি ॥ ২১৩ ॥

যস্মাৎ সর্ব্ববিষয়োহয়ং ধর্ম্মঃ স্মর্য্যতে আপদর্থমিত্যাদি। আপন্নিবারণার্থং ধনং রক্ষণীয়ং ধনপরিত্যাগেনাপি দারান্ রক্ষেৎ আত্মানং পুনঃ সর্ব্বদা দারধনপরিত্যাগেনাপি রক্ষেৎ। সর্ব্বত এবাত্মানং গোপায়ীত ইতি শ্রুত্যা শাস্ত্রীয়মরণব্যতিরেকেণাত্মরক্ষা ইত্যুপদেশাৎ ॥ ২১৩ ॥

আপদ প্রতীকারের জন্য ধনসঞ্চয় করিবে এবং ধর্ম্মপত্নীর কোন বিপদ উপস্থিত হইলে উক্ত ধন দ্বারা তাহাকে উদ্ধার করিবেন উক্ত ধনও দারা এই উভয় পরিত্যাগেও বিপদাপন্ন আত্মাকে রক্ষা করিবেন ॥ ২১৩ ॥

সহ সর্ব্বাঃ সমুৎপন্নাঃ প্রসমীক্ষ্যাপদো ভৃশং।
সংযুক্তাংশ্চ বিযুক্তাংশ্চ সর্ব্বোপায়ান্ সৃজেদ্বুধঃ ॥ ২১৪ ॥

সহেত্যাদি। কোষক্ষয়প্রকৃতিকোপমিত্রব্যসনাদিকাঃ সর্ব্বা আপদো যুগপদতিশয়েন উৎপন্না জ্ঞাত্বা ন মোহমুপেয়াৎ, অপি তু ব্যস্তান্ সমস্তান্ বা সামাদীনুপায়ান্ শাস্ত্রজ্ঞঃ সংপ্রযুঞ্জীত ॥ ২১৪ ॥

ধনক্ষয় ও অমাত্যাদি বর্গের কোপ ও মিত্রের ব্যসনাদি এই সকল আপদ এক কালীন উপস্থিত হইলেও তাহাতে মোহযুক্ত হইবেন না তাহার প্রতীকারে সামাদি উপায় প্রয়োগ করিবেন সামাদির এক এক প্রয়োগে শমতা না হয় সমুদায় প্রয়োগ করিবেন ॥ ২১৪ ॥

উপেতারমুপেয়ঞ্চ সর্ব্বোপায়াংশ্চ কৃৎস্নশঃ।
এতত্রয়ং সমাশ্রিত্য প্রযতেতার্থসিদ্ধয়ে ॥ ২১৫ ॥

উপেতারমিতি। উপেতারং আত্মানং উপেয়ং প্রাপ্যাং উপায়াঃ সামাদয়ঃ সর্ব্বে যে চ পরিপূর্ণা এতত্রয়মবলম্ব্য যথাসামর্থ্যং প্রয়োজনসিদ্ধয়ে যত্নং কুর্য্যাৎ ॥ ২১৫ ॥

আপত্তি এবং রাজ্যে যাহা লভ্য হয় তাহা এবং সাম প্রভৃতি উপায় এই তিন অবলম্বন করিয়া যথা শক্তি প্রয়োজন সিদ্ধি নিমিত্ত যত্ন করিবেন অর্থাৎ এই সকল উপায়ে আপদ হইতে উদ্ধার প্রাপ্ত হইবেন ॥ ২১৫ ॥

এবং সর্ব্বমিদং রাজা সহ সম্মন্ত্র্য মন্ত্রিভিঃ ।
ব্যায়াম্যাপ্লুত্য মধ্যাহ্নে ভোক্তুমন্তঃপুরং বিশেৎ ॥ ২১৬ ॥

এবমিতি। এবমুক্তপ্রকারেণ সর্ব্বরাজবৃত্তং মন্ত্রিভিঃ সহ বিচার্য্য অনন্তর মায়ুধাভ্যাসাদিনা ব্যায়ামং কৃত্বা মধ্যাহ্নে স্নানাদিকমাধ্যাহ্নিকং কৃত্যং নির্ব্বাহ্য ভোক্তুমন্তঃপুরং বিশেৎ ॥ ২১৬ ॥

এইরূপে রাজা মন্ত্রিদিগের সহিত সকল বিষয় সম্যক প্রকারে মন্ত্রণা করিয়া অস্ত্রশিক্ষাদি দ্বারা ব্যায়াম করিয়া মধ্যাহ্ন সময়ে মাধ্যাহ্নিক স্নান ও মাধ্যাহ্নিক সন্ধ্যা বন্দনাদি কৃত্য সমাপনান্তে আহার নিমিত্ত অন্তঃপুরে প্রবেশ করিবেন ॥ ২১৬ ॥

তত্রাত্মভূতৈঃ কালজ্ঞৈরহার্য্যৈঃ পরিচারকৈঃ ।
সুপরীক্ষিতমন্নাদ্যমদ্যান্মন্ত্রৈর্বিষাপহৈঃ ॥ ২১৭ ॥

তত্রেতি। তত্রান্তঃপুরে আত্মতুল্যৈর্ভোজনকালবেদিভিরভেদ্যৈঃ সূপকারাদিভিঃ কৃতং সুষ্ঠু চ পরীক্ষিতং চকোরাদিদর্শনেন নদিগ্ধমন্নং দুষ্ট্বা চকোরাক্ষিণী রক্তে ভবতইতি বিষাপহৈর্মন্ত্রৈর্জপিতমন্নমদ্যাৎ ॥ ২১৭ ॥

অন্তঃপুরে যাইয়া পরমাত্মীয় ভোজন কালজ্ঞাতা ও অন্যের অভেদ্য সূপকারাদি কর্তৃক প্রস্তুত সুশোভন অন্নব্যঞ্জনাদি যাহা চকোর পক্ষী দৃষ্টে ও বিষঘ্ন মন্ত্র দ্বারা পরীক্ষিত তাহা ভোজন করিবে। বিষাক্ত দ্রব্য দর্শনে চকোর পক্ষীর উভয় নয়ন রক্তবর্ণ হয় ॥ ২১৭ ॥

বিষঘ্নৈরগদৈশ্চাস্য সর্ব্বদ্রব্যাণি যোজয়েৎ ।
বিষঘ্নানি চ রত্নানি নিয়তোধারয়েৎ সদা ॥ ২১৮ ॥

বিষঘ্নৈরিতি। বিষনাশিভিরৌষধৈঃ সর্ব্বাণি ভোজ্যদ্রব্যাণি যোজয়েৎ বিষহরাণি চ রত্নানি যত্নবান্ সর্ব্বদা ধারয়েৎ ॥ ২১৮ ॥

এইরূপে যত্নসহকারে বিষঘ্ন ঔষধ সকল খাদ্য দ্রব্যে মিশ্রণ করাইবেন এবং বিষঘ্ন রত্ন নিজে শরীরে ধারণ করিবেন ॥ ২১৮ ॥

পরীক্ষিতাঃ স্ত্রিয়শ্চৈনং ব্যজনোদকধূপনৈঃ ।
বেষাভরণসংশুদ্ধাঃ স্পৃশেয়ুঃ সুসমাহিতাঃ ॥ ২১৯ ॥

পরীক্ষিতাইতি। স্ত্রিয়শ্চ গূঢচারদ্বারেণ কৃতপরীক্ষা গুপ্তায়ুধগ্রহণবিষলিপ্তাভরণধারণশঙ্কয়া নিরূপিতবেষাভরণা অনন্যমনসঃ চামরস্নানপানাদ্যুদকধূপনৈঃ এনং রাজানং পরিচরেয়ুঃ ॥ ২১৯ ॥

এবং গূঢ় চার দ্বারা যে সকল স্ত্রীলোক পরীক্ষিত হইয়াছে এবং যাহারা [illegible] বেশা-ভরণ যুক্ত উহারা চামর ব্যজন ও পানার্থ উদক ও ধূপম দ্বারা নৃপতিকে পরিচর্য্যা করিবে ॥ ২১৯ ॥

এবং প্রযত্নং কুর্ব্বীত যানশয্যাসনাশনে ।
স্নানে প্রসাধনে চৈব সর্ব্বালঙ্কারকেষু চ ॥ ২২০ ॥

এবমিতি। এবংবিধপরীক্ষাদিপ্রযত্নং বাহনশয্যাসনাশনস্নানানুলেপনেষু সর্ব্বেষু চালঙ্করণার্থেষু কুর্য্যাৎ ॥ ২২০ ॥

এইরূপে বাহন ও শয্যা আসন ভোজন ও গন্ধ দ্রব্যের অনুলেপন ও স্নানে এই সকল বিষয়ের পরীক্ষা প্রণালীতে অতিশয় যত্নবান হইবেন ॥ ২২০ ॥

ভুক্তবান্ বিহরেচ্চৈব স্ত্রীভিরন্তঃপুরে সহ ।
বিহৃত্য তু যথাকালং পুনঃ কার্য্যাণি চিন্তয়েৎ ॥ ২২১ ॥

ভুক্তবানিতি। কৃতভোজনশ্চ তত্রৈবান্তঃপুরে ভার্য্যাভিঃ সহ ক্রীড়েৎ কালানতিক্রমেণ চ সপ্তমে দিবসস্য ভাগে তত্র [illegible] ষ্টমে ভাগে পুনঃ কা[illegible]ণি চি[illegible]য়েৎ ॥ ২২১ ॥

অন্তঃপুরে ভোজন [illegible] সমাপ্ত করিয়া ম[illegible] সহিত আমোদ প্রমোদ রূপে ক্রীড়া করিয়া অষ্টধা বিভক্ত দিনের সপ্তমাংশে উক্ত প্রকার আমোদান্তে অষ্টমাংশে পুনর্ব্বার স্বকার্য্য সকলের চিন্তা করিবেন ॥ ২২১ ॥

অলঙ্কৃতশ্চ সম্পশ্যেদায়ুধীয়ং পুনর্জ্জনং ।
বাহনানি চ সর্ব্বাণি শস্ত্রাণ্যাভরণানি চ ॥ ২২২ ॥

অলঙ্কৃতইতি। কৃতালঙ্কারঃ সন্নায়ুধজীবিনং বাহনানি হস্ত্যশ্বাদানি সর্ব্বাণিচ শস্ত্রাণি খড়্গাদীনি অলঙ্কাররচনাদীনি পশ্যেৎ ॥ ২২২ ॥

অনন্তর অলঙ্কৃত হইয়া অস্ত্র শস্ত্র জীবী যোদ্ধা সকল এবং হস্ত্যশ্বাদি বাহন খড়্গাদি অস্ত্র-শস্ত্র দর্শন করিবেন, কোন্ সজ্জা কিরূপ আছে তাহার অনুসন্ধান করিবেন ॥ ২২২ ॥

সন্ধ্যাঞ্চোপাস্য শৃণুয়াদন্তর্ব্বেশ্মনি শস্ত্রভৃৎ ।
রহস্যাখ্যায়িনাঞ্চৈব প্রণিধীনাঞ্চ চেষ্টিতং ॥ ২২৩ ॥
গত্বা কক্ষান্তরং ত্বন্যৎ সমনুজ্ঞাপ্য তং জনং ।
প্রবিশেদ্ভোজনার্থঞ্চ স্ত্রীবৃতোঽন্তঃপুরং পুনঃ ॥ ২২৪ ॥

